দাম : ৫ টাকা

# কর্মসংস্থান

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 39 ■ Issue No. 36 ■ 5th September, 2026 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88


Suman Saful
ITI
ITI ডিপ্লোমা কোর্স থাকা সত্ত্বেও মনের মতো চাকরি না পেয়ে DESUN এর ট্রেনিংয়ে পেলাম IT JOB
DESUN ACADEMY
Get Placed by Skills
ডিগ্রি আছে... কিন্তু চাকরি নেই? Problem ডিগ্রি না ... Skill Gap
+91 94296 91888 | www.desunacademy.in

- মিসলেনিয়াস সার্ভিসেস ২০২৪ — প্রিলি. পরীক্ষা ৪ অক্টোবর
- ডব্লু.বি.সি.এস ২০২৫ — প্রিলিমিনারি পরীক্ষা নভেম্বরে
- ক্লার্কশিপ ২০২৪ — প্রিলিমিনারি (পার্ট-I) পরীক্ষা ডিসেম্বরে

# পি.এস.সি'র মিসলেনিয়াস, WBCS, ক্লার্কশিপ পরীক্ষা এবছরই

## এমাসেই দরখাস্ত নেওয়া হবে WBCS ও ক্লার্কশিপের

রঞ্জিৎ ঘোষ, কলকাতা : পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে এবছরই বড় বড় ৩টি পরীক্ষা নেওয়া হবে। পরীক্ষার্থীর সংখ্যা হবে প্রায় ১৬ থেকে ১৮ লাখ। এছাড়াও পুজোর আগেই কয়েকটি বড় বড় পরীক্ষার ফলও বেরোবে।

এবছরই এই ৩টি বড় পরীক্ষা হবে : (১) ২০২৪ সালের মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষা হবে ৪ অক্টোবর (বিজ্ঞপ্তি নং ১৩/২০২৪)। এই পদের জন্য এবছর দরখাস্ত নেওয়া হয়েছিল ৩০ এপ্রিল থেকে ৯ জুন পর্যন্ত। (২) ২০২৫ সালের ডব্লু.বি.সি.এস. প্রিলিমিনারি পরীক্ষা এবছর নভেম্বরের শেষে হওয়ার সম্ভাবনা আছে। এই পদের ইন্ডিকেটিভ বিজ্ঞপ্তি বেরিয়েছিল ২০২৫ (বিজ্ঞপ্তি নং ৩/২০২৫) সালের ডিসেম্বর মাস নাগাদ। প্রায় ৯ মাস পর এ মাসের প্রথম দিকেই দরখাস্ত নেওয়া হবে। যে কোনো দিনই বিজ্ঞপ্তি বেরোবে। (৩) ২০২৪ সালের ক্লার্কশিপ প্রিলিমিনারি (পার্ট-I) পরীক্ষা হবে এবছর ডিসেম্বরের প্রথম দিকে। এই পদের ইন্ডিকেটিভ বিজ্ঞপ্তি বেরিয়েছিল ২০২৫ সালের (বিজ্ঞপ্তি নং ১২/২০২৪) ডিসেম্বর মাস নাগাদ। এই পদের বিজ্ঞপ্তি এ মাসের শেষের দিকে বেরোবে।

পি.এস.সি.'র চেয়ারম্যান অনিল ভার্মা আগেই জানিয়েছিলেন, বেশ কয়েকটি পদের নিয়োগ প্রক্রিয়া মাঝ পথে এরপর ৩ পাতায়

ICE Academy
WBCS & State Exams
SSC, Rail, Bank 2027
অফলাইন ও অনলাইনে
নতুন ব্যাচে ভর্তি চলছে
সেরা প্রশিক্ষকদের ক্লাস
বালিগঞ্জ : 9804412898
শিয়ালদহ : 7044981821

কলকাতার ১০৯টি আইটি কোম্পানিতে

## GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশনে ৪০,২০৪ চাকরি

**শুরুতেই মাইনে বছরে ৫ থেকে ৬ লাখ টাকা**

পাপরী দেওয়ান, সল্টলেক : সম্প্রতি বিখ্যাত আইটি প্রযুক্তি সংস্থা TCS এর সিইও ও এমডি কে. কৃত্তিভাষণ ঘোষণা করেছেন, তাঁর সংস্থায় গত ৯ মাসে ১৮,২৭৬ জনের নিয়োগ হয়েছে। তার মধ্যে প্রায় ১০,৫১২ জনের নিয়োগ হয়েছে শুধুমাত্র GenAI ইন্টিগ্রেটেড এরপর ৪ পাতায়

TCS, Wipro সহ কলকাতার প্রথম সারির আইটি কোম্পানিতে

## সামনের ৯ মাসে AI ইন্টিগ্রেটেড ডিজিটাল মার্কেটিংয়ে ৬২,৯১২ নিয়োগ

**মাইনে শুরু মাসে ৩০,০০০ টাকা থেকে**

উচ্চমাধ্যমিক ও গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য

পারমিতা মিত্র, কলকাতা : পূর্ব ভারতের আইটি ইন্ডাস্ট্রির অন্যতম সেরা রিক্রুটার Wipro এর ট্রেনিং ডেভেলপমেন্ট উইং-এর ইস্টার্ন রিজিয়ন হেড একটি অদ্ভুত তথ্য দিলেন। শেষ ২টি কোয়ার্টারে (জানুয়ারী-জুন, ২০২৬) শুধুমাত্র কলকাতা থেকেই এরপর ৭ পাতায়

## ৩৭৬ সায়েন্টিস্ট

নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি : কেন্দ্রীয় সরকারের জনসংযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রকের অধীন ন্যাশনাল ইনফরমেটিক্স সেন্টার 'সায়েন্টিফিক / টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট-এ' পদে ৩৭৬জন লোক নিচ্ছে। তারা কোন পদের জন্য যোগ্য : এরপর ১২ পাতায়

## আই.বি.পি.এস পরীক্ষার মাধ্যমে গ্রামীণ ব্যাঙ্কে কয়েক হাজার ক্লার্ক ও অফিসার

গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য

নিজস্ব প্রতিনিধি, কলকাতা : পশ্চিমবঙ্গ-সহ সারা ভারতের ৪০টি গ্রামীণ ব্যাঙ্কে 'গ্রুপ-এ অফিসার (স্কেল-I, II, III)' ও 'গ্রুপ-বি অফিস অ্যাসিস্ট্যান্ট (মাল্টিপারপাস)' পদে কয়েক হাজার জন ছেলেমেয়ে নেওয়ার জন্য 'ইনস্টিটিউট অফ ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (IBPS) দরখাস্ত নিচ্ছে। প্রার্থী বাছাইয়ের জন্য সর্বভারতীয় ভিত্তিতে অনলাইন টেস্ট (প্রিলি ও মেন) হবে। এই পরীক্ষায় সফল হলে IBPS ইন্টারভিউয়ের সফল প্রার্থীদের কল লেটার পাঠাবে। ইন্টারভিউয়ে সফল হলে ওই ৪০টি ব্যাঙ্কের ওইসব পদে চাকরি পেতে পারেন। মোট ৪০টি গ্রামীণ এরপর ১০ পাতায়

## পাওয়ার গ্রিডে ২৪১ অ্যাপ্রেন্টিস

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : কেন্দ্রীয় সরকারের অধীন সংস্থা, পাওয়ার গ্রিড কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেডের ইস্টার্ন রিজিয়ন ট্রান্সমিশন সিস্টেম-I, ইস্টার্ন এরপর ২ পাতায়

## প্রতিরক্ষা সংস্থায় ১৬২ অ্যাপ্রেন্টিস

নিজস্ব সংবাদদাতা, আবাদি : কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীন মেশিন টুল প্রোটোটাইপ ফ্যাক্টরি 'আই.টি.আই. অ্যাপ্রেন্টিস' ও 'নন-আই.টি.আই. অ্যাপ্রেন্টিস' হিসাবে ১৬২ জন লোক নিচ্ছে। এরপর ৬ পাতায়

MCG COLLEGE OF HEALTH SCIENCE
(AFFILIATED BY KALYANI UNIVERSITY)
Govt. of West Bengal
DIPLOMA IN
LIMITED SEATS
ADMISSION OPEN
- Medical Lab Technology
- Medical Radiology Technology
- Operation Theatre Technology
- Critical Care Technology
- Physiotherapy Technology
- Community Medical Service & Essential Drugs
WHY CHOOSE US?
- Govt.-approved & University-affiliated
- Experienced faculty & modern labs
- Practical clinical exposure
- Career-ready training
JOB-ORIENTED COURSES
HANDS ON TRAINING
AFFORDABLE FEES
Scholarship Available
Placement Assistance | Job Oriented Courses | Seat Limited
STUDENTS CREDIT CARD FACILITY AVAILABLE
033-40838089
www.mcgeducare.com
F- 30, KALYANI STATION ROAD, KALYANI MAIN, NADIA, WB. 741235

গতবারের মতো এবারেও কমন পেতে হলে কিনুন
৪ অক্টোবর হওয়া মিসলেনিয়াস পরীক্ষা ক্র্যাক করতে আজই কিনুন
সাফল্য
সাফল্য সাধারণ জ্ঞান
চাকরির পরীক্ষার একমাত্র ম্যাগাজিন
6291684943

## ডাকবিভাগে ২৩,৭৫৭ গ্রামীণ ডাকসেবক

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : ভারতীয় ডাক বিভাগের পশ্চিমবঙ্গ সার্কেল-সহ ভারতের বিভিন্ন সার্কেল 'গ্রামীণ ডাক সেবক' পদে ২৩,৭৫৭ জন ছেলেমেয়ে নিচ্ছে। মোট শূন্যপদের মধ্যে পশ্চিমবঙ্গ পোস্টাল সার্কেলে শূন্যপদ আছে ১,৭৬৫টি। গ্রামীণ ডাক সেবকদের নিচের ৩টি ক্যাটেগরিতে কাজ করতে হবে : ব্রাঞ্চ পোস্ট মাস্টার, অ্যাসিস্ট্যান্ট ব্রাঞ্চ পোস্ট মাস্টার ও ডাক সেবক।

প্রতিটি গ্রামে ডাক পরিষেবা পৌঁছে দেওয়ার জন্যই কেন্দ্রীয় সরকারের এই উদ্যোগ। এই পদের বেলায় স্থায়ী কোনো মূল মাইনে নেই। গ্রামীণ ডাকসেবক পদে মনোনীত হলে এরপর ৭ পাতায়

## পূর্ব-উপকূল রেলে ১,৫৯৯ অ্যাপ্রেন্টিস

নিজস্ব সংবাদদাতা, ভুবনেশ্বর : পূর্ব-উপকূল রেলের বিভিন্ন ডিভিশনে 'অ্যাপ্রেন্টিস' হিসাবে ১,৫৯৯ জন লোক নেওয়া হচ্ছে। নেওয়া হবে এইসব ট্রেডে : ফিটার, ওয়েল্ডার, টার্নার, মেশিনিস্ট, ইলেক্ট্রিশিয়ান, কার্পেন্টার, পেইন্টার (জেনারেল), মেকানিক (ডিজেল)/টি.এম.ও., সেক্রেটারিয়েল অ্যাসিস্ট্যান্ট (স্টেনোগ্রাফি), এরপর ১২ পাতায়

## ইসরোতে ১৭২ সায়েন্টিস্ট

নিজস্ব সংবাদদাতা, মুম্বই : কেন্দ্রীয় সরকারের মহাকাশ দফতরের অধীন ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশন 'সায়েন্টিস্ট /ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রনিক্স / মেকানিক্যাল / কম্পিউটার এরপর ১০ পাতায়

**কর্মসংস্থান**

সাপ্তাহিক পত্রিকা

প্রধান কার্যালয়

১২/৩/৪ জমির লেন, কলকাতা - ৭০০ ০১৯

হেল্পলাইন

✆ : ৬২৯১৬৮৪৯৪৩

কাগজ না পেলে এই নম্বরে জানান

✆ : ৯৮৩০৬২৪১৭০

ই-মেল

karmsang@gmail.com


## স্কুল-কলেজ-শিক্ষা [redacted]

NIOS রবীন্দ্র BOSSE

মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, B.Sc, MA, D.Pharm-সহ যেকোনো ডিগ্রি করুন। শেওড়াফুলি - 7003156422

□ R

**কর্মসংস্থান**

বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ করুন

✆ : 7890135514

## স্কুল-কলেজ-শিক্ষা [redacted]

মাধ্যমিক/H.S. (NIOS) / B.A./ B.Ed. / D.EL.Ed. / ফার্মাসী / LL.B / B.Libs. / B.Tech/ I.T.I/ M.B.A / Ph.D পাশ একচান্সে। আগামী C-TET পরীক্ষা পাশের জন্য যোগাযোগ করুন। Back year Degree available. 9332833022

□ SH

## কর্মখালি [redacted]

কলকাতা মেট্রোরেলে বিভিন্ন পদে স্থায়ী কাজে M/F চাই। যোগ্যতা : মাধ্যমিক–স্নাতক। বেতন: 18,000 –65,000, থাকা-খাওয়ার সুব্যবস্থা-সহ PF, ESI, ছুটি, বোনাস ও প্রমোশন। M : 9239390680

□ SA(A)

পেট্রোল পাম্পের স্টাফ প্রয়োজন, মৌলালি এন্টালী মার্কেটের কাছে (শিয়ালদহ)। পুরুষ (২২-৫০ বয়স), কাজ- তেল দেওয়া ও ব্যাগ ডিউটি, ৮-৯ ঘন্টা। দক্ষ ও অদক্ষদের জন্য যোগ্য পারিশ্রমিক। যোগাযোগ করুন :- 8777517736, 8420721493

□ SH

## কর্মখালি [redacted]

কলকাতায় অভিজ্ঞ উচ্চমাধ্যমিক পাশ সেলসপার্সন দরকার। আকর্ষক স্যালারি। M : 6289452785

□ SH(A)

আসানসোল, রানিগঞ্জে রেল, ব্যাঙ্ক, কোলিয়ারীতে স্থায়ী পদে নিয়োগ চলছে। যোগাযোগ M: 9332833022

□ SH

প্রাইভেট ব্যাঙ্কে স্থায়ী জব

Age : 18–35, HS & Graduate, Salary : 15K–27K, নিজ এলাকা। হাওড়া - হুগলী - 6291125164, নৈহাটী-শিয়ালদা : 8282865342

□ R

## কর্মখালি [redacted]

**আর্জেন্ট জব ভ্যাকান্সি**

কলকাতা মেট্রো রেলে শিক্ষাগত যোগ্যতানুযায়ী কন্ট্রাক্টরের অধীনে স্থায়ী অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা : MP–স্নাতক ও উর্ধ্বে। বেতন- (17500 – 67700)। M : 9091307705

□ SA(A)

**জরুরী বিজ্ঞপ্তি**

Merchant Navy-তে শিক্ষাগত যোগ্যতানুযায়ী বিভিন্ন পদে কর্মী নিয়োগ চলছে। বেতন- 25K–85K. M : 9134725285

□ SA(A)

## কর্মখালি [redacted]

Kolkata Metro Urgently Hiring Under Contructor M/F both. যোগ্যতা : H.S.–স্নাতক ও উর্ধ্বে। বেতন : 21900–63500. থাকা ও খাওয়া-সহ অন্যান্য সুবিধা। সত্বর যোগাযোগ- M : 8945980049

□ SA

**জরুরী বিজ্ঞপ্তি**

Indigo Airlines-এ শিক্ষাগত যোগ্যতানুযায়ী সরাসরি M/F নিয়োগ চলছে। যোগ্যতা : MP–স্নাতক ও উর্ধ্বে। বেতন- (15700 –62900)। M : 74319 33893

□ SA(A)

## কর্মখালি [redacted]

**100% স্থায়ী জব**

কলকাতা মেট্রোরেলে বিভিন্ন অফিসিয়াল পদে যোগ্যতানুযায়ী কন্ট্রাক্টরের অধীনে সরাসরি M/F নিয়োগ চলছে। যোগ্যতা : M.P – স্নাতক ও উর্ধ্বে। বেতন : (18500–68700). M : 8372884366

□ SA(A)

**মেট্রো জব ভ্যাকান্সি**

কলকাতা East–West মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন স্থায়ী পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা : M.P – স্নাতক ও উর্ধ্বে। বেতন : (18200–65700). সত্বর যোগাযোগ- M : 75015 99175

□ SA(A)

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## বিশেষ বিজ্ঞপ্তি

'কর্মসংস্থান' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। 'কর্মসংস্থান' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনো ভাবেইদায়ী নয়। — সম্পাদক, কর্মসংস্থান

## চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা জেনে ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফি-ও দেবেন না। আর তা সত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, কর্মসংস্থান

## পাওয়ার গ্রিডে ২৪১

১ পাতার পর

রিজিয়ন ট্রান্সমিশন সিস্টেম-।।, নর্দার্ন ইস্টার্ন রিজিয়ন ট্রান্সমিশন সিস্টেম, ওয়েস্টার্ন রিজিয়ন-।, ওয়েস্টার্ন রিজিয়ন ট্রান্সমিশন সিস্টেম-।।, সাউদার্ন রিজিয়ন ট্রান্সমিশন সিস্টেম-।, উত্তরাঞ্চল ট্রান্সমিশন সিস্টেম-।, উত্তরাঞ্চল ট্রান্সমিশন সিস্টেম-।।, উত্তরাঞ্চল ট্রান্সমিশন সিস্টেম -।।।, 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস', 'ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস' ও 'ট্রেড অ্যাপ্রেন্টিস' হিসাবে ২৪১ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য:

গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল) : ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। শুরুতে ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ১৭,৫০০ টাকা। শূন্যপদ : পশ্চিমবঙ্গে ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)। সিকিম ১টি (জেনাঃ)। দিল্লি ১টি (জেনাঃ)। হরিয়ানায় ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। উত্তর প্রদেশে ১টি (ও.বি.সি.)। জম্মু ও কাশ্মীর ১টি (জেনাঃ)। পঞ্জাব ১টি (জেনাঃ)। উত্তর প্রদেশ (এন.আর.-।।।) ২টি (তঃজাঃ ১, ও.বি.সি. ১)। বিহার ২টি (জেনাঃ)। অরুণাচল প্রদেশ ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)। অসম ৩টি (জেনাঃ ২, তঃউঃজাঃ ১)। মহারাষ্ট্র ১টি (জেনাঃ)। ছত্তিশগড় ১টি (তঃজাঃ)। মধ্য প্রদেশ ১টি (জেনাঃ)। গোয়া ১টি (জেনাঃ)। মধ্য প্রদেশ- (ডব্লু.আর.টি.এস.-।।) ২টি (জেনাঃ)। গুজরাত (ডব্লু.আর.টি.এস.-।।) ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। তেলেঙ্গানা ১টি (জেনাঃ)। অন্ধ্র প্রদেশ ২টি (জেনাঃ১, ও.বি.সি. ১)।

গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস (সিভিল) : সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। শুরুতে ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ১৭,৫০০ টাকা। শূন্যপদ : পশ্চিমবঙ্গে ১টি (জেনাঃ)। দিল্লিতে ১টি (ও.বি.সি.)। হরিয়ানায় ১টি (জেনাঃ)। উত্তর প্রদেশে ১টি (জেনাঃ)। জম্মু ও কাশ্মীর ১টি (জেনাঃ)। পঞ্জাব ১টি (জেনাঃ)। উত্তর প্রদেশ (এন.আর.-।।।) ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। বিহার ১টি (জেনাঃ)। অরুণাচল প্রদেশ ১টি (জেনাঃ)। মহারাষ্ট্র ১টি (ও.বি.সি.)। ছত্তিশগড় ১টি (তঃউঃজাঃ)। মধ্য প্রদেশ (ডব্লু.আর.টি.এস.-।।) ১টি (জেনাঃ)।

ডিপ্লোমা টেকনিশিয়ান (সিভিল) : পলিটেকনিক থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করতে পারেন। শুরুতে ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ১৫,০০০ টাকা। শূন্যপদ : পশ্চিমবঙ্গে ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)। দিল্লিতে ১টি (জেনাঃ)। উত্তরাখণ্ড ১টি (তঃউঃজাঃ)। জম্মু ও কাশ্মীর ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। পঞ্জাব ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। উত্তর প্রদেশ (এন.আর.-।।।) ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। বিহার ২টি (জেনাঃ)। ঝাড়খণ্ড ১টি (জেনাঃ)। অরুণাচল প্রদেশ ২টি (জেনাঃ১, তঃউঃজাঃ ১)। অসম ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। নাগাল্যান্ড ১টি (তঃউঃজাঃ)। মহারাষ্ট্র ৪টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। ছত্তিশগড় ৪টি (জেনাঃ ৩, তঃউঃজাঃ ১)। মধ্য প্রদেশ (ডব্লু.আর.টি.এস.-।।) ২টি (জেনাঃ)। গুজরাত (ডব্লু.আর.টি.এস.-।।) ১টি (জেনাঃ)। তেলেঙ্গানা ১টি (জেনাঃ)। অন্ধ্র প্রদেশ ৩টি (জেনাঃ২, ও.বি.সি. ১)।

ডিপ্লোমা টেকনিশিয়ান (ইলেক্ট্রিক্যাল) : পলিটেকনিক থেকে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করতে পারেন। শুরুতে ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ১৫,০০০ টাকা। শূন্যপদ : পশ্চিমবঙ্গে ৮টি (জেনাঃ ৪, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। সিকিম ১টি (জেনাঃ)। দিল্লিতে ৪টি (জেনাঃ ১, ও.বি.সি. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। হরিয়ানায় ৯টি (জেনাঃ ৫, ও.বি.সি. ২, তঃজাঃ ২)। উত্তর প্রদেশে ৩টি (জেনাঃ ১, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। উত্তরাখণ্ড ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)। জম্মু ও কাশ্মীর ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)। হরিয়ানা ১টি (ও.বি.সি.)। পঞ্জাব ৫টি (জেনাঃ ২, তঃজাঃ ২, ও.বি.সি. ১)। হিমাচল প্রদেশ ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)। লাদাখ ১টি (তঃউঃজাঃ)। উত্তর প্রদেশ (এন.আর.।।।) ১১টি (জেনাঃ ৭, তঃজাঃ ২, ও.বি.সি ২)। বিহার ৬টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, ও.বি.সি. ২)। ঝাড়খণ্ড ৩টি (জেনাঃ ২, তঃউঃজাঃ ১)। অসম ৫টি (জেনাঃ ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)। মণিপুর ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)। মেঘালয় ১টি (জেনাঃ)। মিজোরাম ১টি (জেনাঃ)। নাগাল্যান্ড ১টি (জেনাঃ)। ত্রিপুরা ১টি (জেনাঃ)। মহারাষ্ট্র ৪টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১)। ছত্তিশগড় ৩টি (জেনাঃ)। মধ্য প্রদেশ ১টি (জেনাঃ)। মধ্য প্রদেশ (ডব্লু.আর.টি.এস.-।।) ১১টি (জেনাঃ ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ২)। গুজরাত (ডব্লু.আর.টি.এস.-।।) ৯টি (জেনাঃ ৫, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২)। তেলেঙ্গানা ৪টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১)। অন্ধ্র প্রদেশ ৬টি (জেনাঃ২, তঃজাঃ ১, ও.বি.সি. ২)।

ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান) : আই.টি.আই. থেকে ইলেক্ট্রিক্যাল ট্রেডের ২ বছরের সার্টিফিকেট কোর্স পাশরা আবেদন করতে পারেন। শুরুতে ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ১৩,৫০০ টাকা। শূন্যপদ : পশ্চিমবঙ্গে ৬টি (জেনাঃ ৩, ও.বি.সি. ২, তঃজাঃ ১)। দিল্লিতে ১টি (জেনাঃ)। হরিয়ানায় ৪টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। উত্তর প্রদেশে ১টি (জেনাঃ)। উত্তরাখণ্ড ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)। জম্মু ও কাশ্মীর ২টি (তঃজাঃ ১, ও.বি.সি. ১)। হরিয়ানা ১টি (জেনাঃ)। চণ্ডীগড় ১টি (জেনাঃ)। লাদাখ ১টি (জেনাঃ)। উত্তর প্রদেশ (এন.আর-।।) ৬টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, ও.বি.সি ১)। উত্তরাখণ্ড (এন.আর.-।।।) ২টি (জেনাঃ)। বিহার ৩টি (জেনাঃ ১, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। ঝাড়খণ্ড ২টি (জেনাঃ)। অসম ২টি (জেনাঃ)। মণিপুর ১টি (জেনাঃ)। ত্রিপুরা ১টি (তঃউঃজাঃ)। মহারাষ্ট্র ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)। ছত্তিশগড় ১টি (জেনাঃ)। মধ্য প্রদেশ ১টি (জেনাঃ)। গোয়া ১টি (জেনাঃ)। মধ্য প্রদেশ (ডব্লু.আর.টি.এস.-।।) ৫টি (জেনাঃ ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)। গুজরাত (ডব্লু.আর.টি.এস.-।।) ৫টি (জেনাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)। তেলেঙ্গানা ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। অন্ধ্র প্রদেশ ৩টি (জেনাঃ২, ও.বি.সি. ১)।

সব পদের বেলায় বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। দরখাস্ত দেখে বাছাই প্রার্থীদের এরপর হবে ইন্টারভিউ। দরখাস্ত করবেন অনলাইনে, ১০ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.powergridindia.com এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার, বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট ইত্যাদি প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। আরো বিস্তারিত তথ্য ওয়েবসাইটেই পাবেন।


কল্যাণী এইমস'এর পাশে গড়ে উঠেছে সরকার স্বীকৃত সেরা নার্সিং কলেজ

SANJOY MEMORIAL ACADEMY OF NURSING AND RESEARCH

INC, WBNC & WBUHS স্বীকৃত

Visit Us : www.smanr.co.in

E-mail : smanr.beert@gmail.com



Courses Offered

B.Sc নার্সিং 60 Seats (4 Years)

GNM নার্সিং 60 Seats (3 Years)

Admission Open for Current Academic Session

যে কোনো বয়সের মেয়েরাই আবেদন করতে পারেন।

● হস্টেলের সুবিধা আছে। তবে তা আবশ্যিক নয়। বাড়ি থেকেও যাতায়াত করতে পারবেন। এই সুযোগ অনেক কলেজেই পাবেন না।

স্টুডেন্ট ক্রেডিট কার্ডের মাধ্যমে লোনের সুবিধা আছে।

যোগাযোগ : Gate No. 7 (Near AIIMS, Kalyani) Ballindi, Haringhata, Jaguli, Kalyani - 741246

Ph. : 9903205182, 8017686252

N.B : MBS Multi-Speciality Hospital (107 Bed) Opening soon in this year


## জুট বোর্ডে ইয়ং প্রফেশনাল


নিজস্ব সংবাদদাতা, কলকাতা : ন্যাশনাল জুট বোর্ড ইয়ং প্রফেশনাল হিসাবে ৫ জন লোক নিচ্ছে। এম.বি.এ. (মার্কেটিং) কোর্স পাশরা 'মার্কেটিং প্রোমোশন অ্যান্ড স্কিম ইমপ্লিমেন্টেশন' পদের জন্য যোগ্য। শূন্যপদ : ২টি।

টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা, জুট টেকনোলজির এম.টেক. বা, এম.ই. কোর্স পাশরা 'টেকনোলজি অ্যান্ড টেকনিক্যাল' পদের জন্য যোগ্য। শূন্যপদ : ১টি।

কমার্স শাখার গ্র্যাজুয়েটরা এম.বি.এ. (ফিনান্স) কোর্স পাশ হলে কিংবা সি.এ., বা, সি.এম.এ. কোর্স পাশ হলে 'ফিনান্স অ্যান্ড ইকনমিক সার্ভিসেস' পদের জন্য যোগ্য। শূন্যপদ : ২টি।

সব পদের বেলায় ১ বছরের পোস্ট-কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ৫ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ৭০,০০০ টাকা। আগ্রহী প্রার্থীরা দরখাস্ত করবেন ১৮ সেপ্টেম্বরের মধ্যে। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https://www.jute.com

# কীভাবে আইটিআই ব্যাকগ্রাউন্ড থেকে ওয়েব ডিজাইনিংয়ে হ্যান্ডসাম মাইনের চাকরি পেলাম



সুমন সাঁফুই
UI/UX ডিজাইনার

আমি, সুমন সাঁফুই। আইটিআই থেকে পাশ করার পর ২০২৪ সালে আমি মার্চেন্ট নেভিতে সিলেক্টেড হই। খুব খুশি ছিলাম। বলা চলে — 'একদম উড়ছিলাম'। কিন্তু আপনি ভাবেন এক — হয় আর এক। জয়েনিং-এর ঠিক আগেই আমার খুব বাজে একটা 'অ্যাক্সিডেন্ট' হয়। ফলে আমার আর মার্চেন্ট নেভিতে জয়েন করা হয় না। তখন চূড়ান্তভাবে হতাশায় ভুগছিলাম। কোনো দিকে কিছু কূলকিনারা পাচ্ছিলাম না। মনে হচ্ছিল 'এটাই আমার কেরিয়ারের দি এন্ড'। যাই হোক, অভ্যাসবশত প্রতি সপ্তাহে 'কর্মসংস্থান' কাগজ বাড়িতে রাখতাম। আর ঠিক ওখানেই পড়া একটা 'ইনফরমেশন' আমার জীবন বদলে দিল। ওখানেই প্রথম জানতে পারলাম 'ভিসান অ্যাকাডেমি'র কথা। কোথাও যেন কিছু একটা 'ক্লিক' করল। কেন জানি না, মনে হল আমি পারব। সরাসরি ওই ইনস্টিটিউটে ফোন করি। ওঁনারা অফিসে যেতে বলেন। সল্টলেকে ওঁনাদের অফিসে যেদিন আমি গেছিলাম, সেদিন আমার নিজের ওপর নিজেরই কোনো 'এক্সপেক্টেশন' ছিল না। কিন্তু ওখানে যাওয়ার পর বেশ অবাক হয়েছিলাম। আমার তখন যেরকম অবস্থা, সেটা ওখানকার কাউন্সিলারদের পুরোপুরি খুলে বললাম। কোথাও যেন 'আশার আলো' দেখতে পেলাম। ওখানকার ট্রেইনড কাউন্সিলররা আমার কাউন্সেলিং করলেন। আমার পুরো মানসিক (কনফিডেন্স একদম তলানিতে ছিল) অবস্থা বুঝে, ঠিক কি ধরনের কোর্সের ট্রেনিং নিলে, আমি ৬ থেকে ৯ মাসের মধ্যে ভালো মাইনের চাকরি পেয়ে, আবার ঘুরে দাঁড়াতে পারব সেই ব্যাপারে ওঁরা সম্পূর্ণ গাইডলাইন তৈরি করে দিয়েছিল। কাউন্সিলারদের পরামর্শ মত আমি UI/UX Designing কোর্সে ভর্তি হই। এটি ৬ মাসের কোর্স। এখানে মূলত কোনো অ্যাপ বা ওয়েবসাইট দেখতে কেমন হবে, কোথায় কোন রঙ থাকবে, কেমন হবে ডিজাইন, লেখায় কোন হরফ ব্যবহার করলে তা ডিজিটালি মানুষকে আকৃষ্ট করবে (অর্থাৎ পেজে বেশি সময় ধরে ইউজার থাকবে) — এই সব ধরনের টেকনিক্যাল ইনপুটস-এর ওপর স্পেশাল ট্রেনিং দেওয়া হয়। আইটি ইন্ডাস্ট্রির অন্যতম সেরা কোর্স এটি। সফটওয়্যার ও আইটি ইন্ডাস্ট্রির ক্ষেত্রে পৃথিবীর অন্যতম সেরা রেটিং সংস্থা PwC-এর মতে আগামী ২ বছরের মধ্যে UI/UX Designing-এ চাকরির সংখ্যা (শুধুমাত্র আমাদের রাজ্যেই এখন বছরে ১৫-২০ হাজার লোক লাগে) ৩৬% বৃদ্ধি পাবে। অর্থাৎ, এই কোর্স নিয়ে পড়লে নিশ্চিত চাকরি হবে। আবার এই ট্রেনিং নিলে ভবিষ্যতে ভালো পে-প্যাকেজও পাওয়া যাবে। প্রথম সারির আইটি বা সফটওয়্যার কোম্পানিতে এই ট্রেডের লোকের বিশাল চাহিদা। কারণ এরা ইউজার ফ্রেন্ডলি, ট্রেইন্ড বেসড, মডার্ন, ডায়নামিক ও ফিচার বেসড দুর্দান্ত অ্যাট্রাকটিভ অ্যাপ কিভাবে তৈরি করতে হয় (যাতে অ্যাপটির ডাউনলোডিং ট্র্যাফিকের পরিমাণ সবচেয়ে বেশি হয়) তা অত্যন্ত প্রফেশনালভাবে শেখায় — যা এখানকার ছেলেমেয়েদের ইন্ডাস্ট্রির সেরা সেরা কোম্পানিতে 'Most attractive pay package'-এ প্লেসড্ হতে সাহায্য করে। এবছরে আমার ট্রেনিং শেষ হয়। শেষ হওয়ার আগেই আমি একটি নামী সংস্থায় অ্যাপ্রেন্টিস বা ট্রেনি হিসাবে জয়েন করি। প্রথম মাস থেকেই আমি রীতিমতো হ্যান্ডসাম স্টাইপেন্ড পেতাম। ৬ মাস পর আমি একটি নামী সংস্থায় UI/UX ডিজাইনার হিসাবে চাকরি পাই। এখন আমি বছরে যে প্যাকেজ পাব — আজ থেকে ৯ মাস আগে তা আমি ভাবতেই পারতাম না। অর্থাৎ, একটা জিনিস পরিষ্কার যে, ঠিকঠাক জায়গা থেকে ট্রেনিং নিলে আমার মতো তোমাদের স্বপ্নও সফল হবে।

**কিভাবে বুঝব যে ঠিক জায়গা থেকে ট্রেনিং নিচ্ছি**

আমি যখন ভিসান অ্যাকাডেমিতে গেছিলাম তখন ভর্তি হওয়ার আগে যে জিনিসগুলি দেখেছিলাম তা হল — (১) একমাত্র এখানেই আইটি বা সফটওয়্যার ইন্ডাস্ট্রিতে যেসব বিভাগে সারা বছর ধরে সবথেকে বেশি নিয়োগ হয়, সেগুলির ওপরেই এখানকার কোর্সগুলো ডিজাইন করা। অর্থাৎ, এখান থেকে পাশ করলেই সুনিশ্চিত প্লেসমেন্ট। (২) ট্রেনিংয়ের মধ্যেই নামী কোম্পানিতে ট্রেনি হিসাবে ইন্টার্নশিপ ও তার জন্য একটি স্টাইপেন্ডও দেওয়া হয়। (৩) এখানকার সঙ্গে সেরা সেরা সফটওয়্যার কোম্পানিগুলির স্ট্র্যাটেজিক টাই আপ। (৪) অত্যন্ত উন্নত ও আপডেটেড সফটওয়্যারে কাজ শেখানো হয়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায় তা নিশ্চিত করা হয়। (৫) সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনার। (৬) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাস। (৭) ঠিকঠাক কোর্স ফি। আমার মত তোমরাও যদি ৬ থেকে ৯ মাসের মধ্যে ট্রেনিং নিয়ে ভালো মাইনের চাকরি পেতে চাও, তাহলে অবশ্যই যোগাযোগ কর এই ফোন নম্বরে : 9429691888.

## সেলস পার্সন নিয়োগ

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : কলকাতার নামী কোম্পানিতে 'সেলস পার্সন' পদে বেশ কিছু ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা সেলস-এর কাজে পূর্ব অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। ইন্ডাস্ট্রি স্ট্যান্ডার্ড অনুযায়ী আকর্ষক স্যালারি প্যাকেজ। ইচ্ছুক প্রার্থীরা বিশদে জানতে যোগাযোগ করুন : 6289452785.

## পি.এস.সি'র মিসলেনিয়াস, ডব্লু.বি.সি.এস

১ পাতার পর

আটকে আছে। সেগুলি দ্রুত সম্পন্ন করা হবে অর্থাৎ, দ্রুত ফল প্রকাশ করা হবে। এইসব পদের শূন্যপদের সংখ্যা প্রায় ১৭,৭১৪'এর মতো। এছাড়াও ডব্লু.বি.সি.এস., ক্লার্কশিপ-সহ আরো কয়েকটি পদে প্রায় ৮,০০৬টি শূন্যপদের জন্য নতুন করে দরখাস্ত নেওয়া হবে।

পি.এস.সি. সূত্রে জানা গেছে, ক্লার্কশিপ পরীক্ষার জন্য এবার ১০ লাখের বেশি দরখাস্ত জমা পড়বে। ডব্লু.বি.সি.এস. পরীক্ষার জন্যও এবার ৩ লাখের বেশি দরখাস্ত জমা পড়তে পারে। এবার থেকে হয়ত দরখাস্ত করতে কোনো পরীক্ষা ফী নেওয়া হবে না (যদিও ফী সংক্রান্ত বিষয়টি নিয়ে এখনো চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হয়নি)। তবে নতুন যে যে পদের বিজ্ঞপ্তি বেরোচ্ছে, তাতে ও.বি.সি. সংরক্ষণ ৭% ধরেই বিজ্ঞপ্তি বেরোবে। পরীক্ষার পর ও.এম.আর. শীটের কপি প্রার্থীদের দেওয়া হবে ও পরীক্ষার পর মডেল উত্তরপত্র ওয়েবসাইটে আপলোড করা হবে।

**ডব্লু.বি.সি.এস. ও ক্লার্কশিপ পরীক্ষার জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি ইত্যাদি দেওয়া হল :**

ডব্লু.বি.সি.এস. পরীক্ষা (২০২৫ সালের পরীক্ষা, বিজ্ঞপ্তি নং ৩/২০২৫) : যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে 'এ' ও 'সি' গ্রুপের বেলায় ২১ থেকে ৪১ বছরের মধ্যে। আর 'বি' গ্রুপের বেলায় ২০ থেকে ৪১ বছরের মধ্যে। আর 'ডি' গ্রুপের বেলায় ২১ থেকে ৪৪ বছরের মধ্যে। শুধুমাত্র 'গ্রুপ-বি' পদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ছেলেদের ক্ষেত্রে ১.৬৫ মিটার ও মেয়েদের ক্ষেত্রে ১.৫০ মিটার। অন্যান্য গ্রুপের বেলায় শরীরের মাপজোখের কোনো কড়াকড়ি নেই। পশ্চিমবঙ্গের তপশিলী সম্প্রদায়ের প্রার্থীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর ও দৈহিক প্রতিবন্ধীরা (৪০% বা, তার বেশি প্রতিবন্ধকতা থাকলে) যথারীতি বয়সে ছাড় পাবেন। পশ্চিমবঙ্গ ছাড়া অন্যান্য রাজ্যের ও.বি.সি. ও তপশিলী সম্প্রদায়ের ছেলেমেয়েরা বয়সে কোনো ছাড় পাবেন না। তবে তাঁরা 'সাধারণ প্রার্থী' হিসাবে আবেদন করতে পারবেন। বাংলা ভাষায় লিখতে, পড়তে ও বলতে পারা দরকার।

প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন। ২০২৫ সালের 'ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিস (এক্সিকিউটিভ)' পরীক্ষার মাধ্যমে। প্রথমে প্রিলিমিনারি পরীক্ষা হবে এবছর নভেম্বরের শেষে। কলকাতা-সহ রাজ্যের অন্যান্য কেন্দ্রে। সফল হলে 'মেন পরীক্ষা' হবে, শুধুমাত্র কলকাতায়।

লিখিত প্রিলিমিনারি পরীক্ষায় থাকবে 'জেনারেল স্টাডিজ'এর ২০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের একটি প্রশ্নপত্র। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর ও সময় আড়াই ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। এই পরীক্ষায় থাকবে এই ৮টি বিষয় ও প্রতিটি বিষয়ে ২৫টি করে প্রশ্ন : (১) ইংরিজি কম্পোজিশন, (২) জেনারেল সায়েন্স, (৩) জাতীয় ও আন্তর্জাতিক সাম্প্রতিক ঘটনা, (৪) ভারতের ইতিহাস, ☞ এরপর ৫ পাতায়

## BAR Council of India স্বীকৃত

## নামী Law কলেজ থেকে LL.B (3 yrs. / 5 yrs.) কোর্সে Law পাশ করে আইনজীবী পেশায় বিভিন্ন ধরনের কাজের সুযোগ

**২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে ভর্তি চলছে**

সুব্রত সেন, কলকাতা : আইন পেশা হল এমন একটি পেশা যার মাধ্যমে আপনি সুনিশ্চিত ভবিষ্যত গড়ে তুলতে পারেন, কারণ প্রতিনিয়ত এই পেশার প্রয়োজনীয়তা সমাজের প্রত্যেক শ্রেণির নাগরিকের প্রত্যক্ষ ও পরোক্ষভাবে দরকার হচ্ছে। ল' পাশ করার পর সাধারণত কোর্ট প্র্যাক্টিস করতে হয় সাধারণ মানুষের এটাই ধারণা। কিন্তু এই ধারণা পুরোপুরি সঠিক নয়। কোর্ট প্র্যাক্টিস ছাড়াও ল' পাশ করে বিভিন্ন ধরনের কাজের সুযোগ রয়েছে। যেমন ম্যারেজ রেজিস্ট্রার হওয়া, জমি-বাড়ি-ফ্ল্যাট রেজিস্ট্রেশনের কাজ করা, বি.এল.এল.আর.ও অফিসে জমি-বাড়ি-ফ্ল্যাট'এর রেকর্ড (পরচা) / মিউটেশন তৈরি করার কাজ। RTO অফিসের মাধ্যমে চার চাকা / দু'চাকা গাড়ি কেনাবেচার পর তার নাম পরিবর্তন সংক্রান্ত কাজ, ক্লাব / সোসাইটি রেজিস্ট্রেশনের কাজ, ইনকাম ট্যাক্স / জি.এস.টি সংক্রান্ত কাজ, ক্রেতা-বিক্রেতা (Consumer Protection) সংক্রান্ত কাজ। এছাড়াও আছে একাধিক কাজের সুযোগ। যেমন, ব্যাঙ্কের লোন, বন্ধকী, সারফেসি, DRT সংক্রান্ত কাজ, কো-অপারেটিভ সোসাইটি সংক্রান্ত কাজ, কর্পোরেশন ও মিউনিসিপ্যালিটি মিউটেশন সংক্রান্ত কাজ, বিভিন্ন Tribunal (LRTT, SAT, CAT, Income Tax, Labour, Banking) সংক্রান্ত কাজ করে ভালো রোজগারের সুযোগ আছে ল' পাশ করে। মধ্য কলকাতার আমহার্স্ট স্ট্রিটের 'ল পয়েন্ট' ভারত তথা পশ্চিমবঙ্গে এক বিশ্বস্ত শিক্ষা প্রতিষ্ঠান। প্রায় ২৫ বছর ধরে সুনামের সঙ্গে পশ্চিমবঙ্গ-সহ ভারতের Bar Council of India স্বীকৃত Law College থেকে LL.B (3 yrs.), LL.B (5 yrs.) ও LL.M-এ দায়িত্ব সহকারে ভর্তি করাচ্ছে। 'ল পয়েন্ট' থেকে সবরকম গাইড নিয়ে প্রায় ৩ হাজার জন ছাত্রছাত্রী 'ল' পাশ করে প্রতিষ্ঠিত হয়েছেন।

এই প্রতিষ্ঠানের কর্ণধার Advocate P. K. Das, M.A (Double), LL.M. তিনি কলকাতা হাইকোর্টের একজন প্রতিষ্ঠিত আইনজীবি হিসাবে প্রায় ২৪ বছর প্র্যাক্টিস করছেন। ওনার সব ধরনের সহযোগিতায় Law পাশ করার ক্ষেত্রে ও পাশ করার পর প্র্যাক্টিসের ক্ষেত্রে সব ছাত্রছাত্রীদের দিশা দেখাচ্ছেন। তাছাড়া Law পাশ করার পর Bar Council-এর Enrolment ও সর্বোপরি All India Bar Council Exam (AIBE) দায়িত্ব সহকারে পড়িয়ে একচান্সে পাশ নিশ্চিত করাচ্ছেন। তাই যেসব স্নাতক যুবক-যুবতীরা উদ্দেশ্যহীন বা দিশাহীনভাবে জীবনযাপন করছেন, তাঁরা 'ল' পয়েন্টে আসুন। LL.B ভর্তি হয়ে ও Law পাশ করে নিজের ভবিষ্যৎ প্রতিষ্ঠিত করুন। এখানে যেকোনো বয়সে LL.B পড়ানো হয়। LL.B (3 yrs.)-এর জন্য যোগ্যতা দরকার যে কোনো শাখার গ্র্যাজুয়েট ও 45% নম্বর। তপশিলী জাতি ও উপজাতিদের ক্ষেত্রে 40%. আর LL.B (5 yrs.)-এর জন্য যে কোনো বোর্ড / কাউন্সিল থেকে H.S পাশ ও 45% নম্বর। তপশিলী জাতি ও উপজাতিদের ক্ষেত্রে 40%. উপরে উল্লিখিত যোগ্যতা থাকলেই যে কোনো বয়সে যে কোনো ব্যক্তি LL.B পড়তে পারেন Bar Council স্বীকৃত Law College থেকে। LL.B পাশ করার পর 50% নম্বর থাকলে আপনি LL.M (2 yrs.) পাশ করে Law College-এর পড়ানোর পেশা হিসাবে বেছে নিতে পারেন। তাই শিক্ষিত বেকার যুবকযুবতীদের Law পড়ার বিশ্বস্ত প্রতিষ্ঠান 'ল' পয়েন্টে 2026-2027 Session ভর্তির জন্য নাম রেজিস্ট্রেশন করুন ও নিজের ভবিষ্যৎ সুনিশ্চিত করুন। যোগাযোগের ঠিকানা : Law Point, 17, Raja Rammohan Ray Sarani, Amherst Street, Kolkata – 700 009 (Near Sardhananda Park) Mob : 98369 22534, 98319 33390, 98301 32343.

TALENT SEARCH EXAM
কি এবং কেন?
বর্তমান সময়ের নিরিখে মেধার মূল্যায়ণ জরুরী হয়ে পড়েছে। মাধ্যমিক, উচ্চমাধ্যমিক এমনকি গ্র্যাজুয়েশনে কল্পনাতীত মার্কস পেলেও, প্রতিযোগিতামূলক পরীক্ষায় সাফল্যের নিরীখে এরাজ্যের ছেলেমেয়েরা আজ খাদের কিনারে এসে দাঁড়িয়েছে। তাই কলকাতার 'ক্যান্সেস্ এডুকেশন' তাদের সমস্ত কোর্সে ভর্তির পূর্বে একটি 'মেধা অন্বেষণ পরীক্ষা'র আয়োজন করেছে। এক্ষেত্রে কোন পরীক্ষার্থীকে মেধা যাচাইয়ে বসিয়ে তাঁর মেধার মানের যথার্থ পরিমাপণ এবং সেই অনুযায়ী প্রস্তুতির প্রেক্ষাপট রচনা করা হয়, যাতে সে আত্মবিশ্বাসে ভরপুর হয়ে এক সুষম প্রস্তুতি নিতে পারে এবং আসন্ন প্রতিটি পরীক্ষাতেই সাফল্যের ঝলক দেখাতে পারে। বিস্তারিত জানতে যোগাযোগ করুন:-
ক্যান্সেস এডুকেশন
শিয়ালদহ (জগৎ সিনেমার পাশে), কলি-৯
9062756906, 9123325910

NARAYANGARH NAMITA DEVI PVT. ITI
NCVT & WBSCVT অনুমোদিত
• ELECTRICIAN (2 yrs.) • FITTER (2 yrs.)
• WELDER (1 yr.)
• DRESS MAKING (1 yr.)
Admission Going on
এই প্রতিষ্ঠানের সার্টিফিকেট কেন্দ্রীয় ও রাজ্য সরকারের সমস্ত চাকরির ক্ষেত্রে গ্রহণযোগ্য
Chaturibhara (সুচিত্রা কোম্পানির পাশে)
Narayangarh, Paschim Medinipur
M: 7501060227 / 9832728877

DASAGRAM ANURAN PVT. ITI
NCVT & WBSCVT অনুমোদিত
Admission Going on
• ELECTRICIAN (2 yrs.) • FITTER (2 yrs.)
• SURVEYOR (2 yrs.) • HEALTH SANITARY INSPECTOR (1 yr.)
এই প্রতিষ্ঠানের সার্টিফিকেট কেন্দ্রীয় ও রাজ্য সরকারের সমস্ত চাকরির ক্ষেত্রে গ্রহণযোগ্য
Dasagram, Sabang, Paschim Medinipur
M: 9547221516 / 9832728877

Direct Admission to B.Ed. Spl. Ed. : 2026-2028
Vivekananda Mission Asram
Training College for the Teachers of the Visually Impaired
P.O.- Chaitanyapur (Haldia), Dist.- Purba Medinipur, PIN- 721645
Mob. 9564454992, 9732007535, 9734351616
Website : www.vmaindia.org
B.Ed. Spl.Ed. (V.I.) [Recogd. by RCI, New Delhi, Affl. to Vidyasagar University] । 2026-2028 শিক্ষাবর্ষে ভর্তির জন্য যোগ্যতা Bachelor's Degree / Master's Degree-তে প্রাপ্ত নম্বর অন্তত: 50% । বয়সসীমা 38 বছর। কোর্স ফি প্রথম বছর 40,500/- ও দ্বিতীয় বছর 35,000/- টাকা মাত্র। ট্রেনিং গ্রহণেচ্ছু প্রার্থীরা ভর্তির জন্য উল্লিখিত ফোন নম্বরে যোগাযোগ করুন।
B.Ed. Spl. Ed. (V.I.) পাশের পর SSC মাধ্যমে সাধারণ বিদ্যালয়ে সাধারণ শিক্ষক ও বিশেষ শিক্ষক হিসেবে চাকুরির সুযোগ আছে।
— সাধারণ সম্পাদক

INDIAN INSTITUTE OF PACKAGING
KOLKATA CENTRE
An Autonomous Body under the Ministry of Commerce & Industry, Govt. of India
ADMISSION AGAINST VACANT SEATS
LIMITED SEATS APPLY NOW!
2-YEAR POST GRADUATE DIPLOMA IN PACKAGING
AICTE Approved
LAST DATE OF APPLICATION 03.09.2026
100% PLACEMENT RECORD
INTERESTED STUDENTS MAY CONTACT: +91-79863 66261
VISIT THE INSTITUTE: Indian Institute of Packaging, Kolkata Centre Block CP 15, Sector V, Salt Lake, Kolkata – 700091, www.iip-in.com
INDUSTRY-ORIENTED • FUTURE-READY PACKAGING PROFESSIONALS

# ব্যাঙ্ক অফ বরোদায় ২,৪৮২ লোকাল ব্যাঙ্ক অফিসার পদে কীভাবে চাকরি পাবেন

*দেশের অন্যতম সেরা রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক 'ব্যাঙ্ক অফ বরোদা' পশ্চিমবঙ্গ-সহ বিভিন্ন রাজ্যের শাখা অফিসের জন্য 'লোকাল ব্যাঙ্ক অফিসার' পদে ২,৪৮২ জনকে নিয়োগ করবে। বিজ্ঞপ্তি ইতিমধ্যেই বেরিয়ে গেছে। অনলাইনে আবেদন নেওয়া হচ্ছে। চলবে ৭ সেপ্টেম্বর পর্যন্ত। প্রিলিমিনারি পরীক্ষা হবে কয়েক মাসের মধ্যেই। আর মেইন পরীক্ষা হবে নভেম্বরে। অর্থাৎ হাতে আছে আর মাত্র কয়েক সপ্তাহ। আর এই অল্প সময়ের মধ্যে অনলাইন প্রিলিমিনারি পরীক্ষায় কীভাবে প্রস্তুতি নিয়ে দেশের অন্যতম সেরা ব্যাঙ্কে চাকরি পাওয়ার স্বপ্ন কীভাবে সফল করবেন তার টিপস নিয়ে আলোচনা করছেন রাজ্য তথা দেশের সরকারি চাকরির প্রস্তুতির সেরা সংস্থা, রাইস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়।*


রাইস-অ্যাডামাস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়

নিয়োগ বিজ্ঞাপন ও সংক্ষিপ্ত বিবরণ :

নিয়োগ করবে : ব্যাঙ্ক অফ বরোদা

পদের নাম : লোকাল ব্যাঙ্ক অফিসার (এলবিও) - জুনিয়র ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-১ (JMG/S-I)

মোট শূন্যপদ : ২,৪৮২টি (পশ্চিমবঙ্গে ৪০টি পদ-সহ বিভিন্ন রাজ্যে উপলব্ধ)

বিজ্ঞাপন নম্বর: BOB/HRM/REC/ADVT/2026/16

আবেদনের শেষ তারিখ : ২০২৬ সালের ৭ সেপ্টেম্বর।

তবে এই নিয়োগের একটা গুরুত্বপূর্ণ বিষয় হলো, গ্র্যাজুয়েশন থাকলেই আবেদন করা যাবে না। প্রার্থীকে একটি শিডিউলড কমার্শিয়াল ব্যাঙ্কে অফিসার হিসেবে অন্তত ১ বছরের পোস্ট কোয়ালিফিকেশন এক্সপেরিয়েন্স থাকতে হবে। পাশাপাশি, যে রাজ্যের জন্য আবেদন করবেন, সেই রাজ্যের স্থানীয় ভাষা পড়া, লেখা, বলা ও বোঝার দক্ষতাও থাকতে হবে।

আবেদনের পদ্ধতি :

১. প্রথমে আপনাকে ব্যাঙ্ক অফ বরোদা অফিসিয়াল ওয়েবসাইটের কেরিয়ার সেগমেন্টে যেতে হবে।

২. এরপর এলবিও রিক্রুটমেন্ট ২০২৬ লিঙ্কে ক্লিক করে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে।

৩. প্রয়োজনীয় স্ক্যান করা নথিপত্র, ছবি ও সই আপলোড করতে হবে।

৪. নির্ধারিত আবেদন ফি অনলাইনে জমা দিয়ে ফাইনাল সাবমিট করতে হবে ও প্রিন্ট আউট সংরক্ষণ করতে হবে।

বয়সসীমা : ২০২৬ সালের ১ আগস্ট তারিখ অনুযায়ী প্রার্থীর বয়স ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। নিয়ম অনুযায়ী সংরক্ষিত প্রার্থীরা বয়সের ছাড় পাবেন।

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা :

যেকোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো বিষয়ে স্নাতক (গ্র্যাজুয়েশন) পাশ। কোনো তফসিলি বাণিজ্যিক ব্যাঙ্ক বা গ্রামীণ ব্যাঙ্কে অফিসার পদে ন্যূনতম ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। সংশ্লিষ্ট রাজ্যের স্থানীয় ভাষায় পারদর্শী হতে হবে।

১. পরীক্ষা পদ্ধতি (এক্সাম প্যাটার্ন) : অনলাইন এই পরীক্ষা মোট ১২০ নম্বর ও ১২০ মিনিটের হয়। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর নেগেটিভ মার্কিং থাকে। ইংরিজি ভাষা : ৩০ প্রশ্ন - ৩০ নম্বর (সময় : ৩০ মিনিট) ব্যাঙ্কিং জ্ঞান : ৩০ প্রশ্ন - ৩০ নম্বর (সময় : ৩০ মিনিট) সাধারণ ও অর্থনৈতিক সচেতনতা : ৩০ প্রশ্ন - ৩০ নম্বর (সময়: ৩০ মিনিট) রিজনিং ও কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড : ৩০ প্রশ্ন - ৩০ নম্বর (সময় : ৩০ মিনিট)

২. লোকাল ল্যাঙ্গুয়েজ প্রফিশিয়েন্সি টেস্ট (এলপিটি)

৩. সাইকোমেট্রিক টেস্ট ও গ্রুপ ডিসকাশন

৪. পার্সোনাল ইন্টারভিউ

বিষয়ভিত্তিক সিলেবাস :

১. ইংরিজি ভাষা : রিডিং কম্প্রিহেনশন স্পোটিং এরর্স ফিল ইন দি ব্ল্যাঙ্কস প্যারা জাম্বলস সিনোনিমস অ্যান্ড অ্যান্টোনিমস ক্লোজ টেস্ট, সেন্টেন্স ইমপ্রুভমেন্ট

২. ব্যাঙ্কিং জ্ঞান : রোলস অ্যান্ড রেস্পন্সিবিলিটিস অফ এ লোকাল ব্যাঙ্ক অফিসার ক্রেডিট এপ্রেসাল এন্ড রিটেল/রুরাল ক্রেডিট ব্যাঙ্কিং অপারেশনস অ্যান্ড প্রসিডিউর রেগুলেটরি কমপ্লায়েন্স অ্যান্ড গাইডেলাইন (আরবিআই পলিসিস) রিস্ক ম্যানেজমেন্ট ইন ব্যাঙ্কস ফিনানসিয়াল ইনক্লুশন অ্যান্ড বিসনেস মোবিলিজেশন প্রায়োরিটি সেক্টর লেন্ডিং (পিএসএল) ইমপোর্টিং ব্যাঙ্কিং টার্মস অ্যান্ড গভর্মেন্ট স্কিম।

৩. সাধারণ ও অর্থনৈতিক সচেতনতা : কারেন্ট অ্যাফেয়ার্স (ন্যাশনাল অ্যান্ড ইন্টারন্যাশনাল) ব্যাঙ্কিং অ্যান্ড ফিনান্সিয়াল অ্যাওয়্যারনেস ইকোনমিক পলিসিস অ্যান্ড বাজেটস অ্যাওয়ার্ডস, স্পোর্টস অ্যান্ড ইম্পর্ট্যান্ট সামিটস ন্যাশনাল পার্কস, হেড কোয়ার্টার্স, অ্যান্ড কারেন্সি

৪. রিজনিং ও পরিমাণগত যোগ্যতা : রিজনিং : পাযেলস অ্যান্ড সিটিং অ্যারেঞ্জমেন্ট, সিলোজিজম, ব্লাড রিলেশনস, কোডিং-ডিকোডিং, ডাইরেকশন সেন্স, ইনকোয়ালিটি, ইনইকোয়ালিটি, ডেটা সাফিসিয়েন্সি। কোয়ান্টিটিভ অ্যাপটিটিউড : সিমপ্লিফিকেশন/এপ্রক্সিমেশন, ডেটা ইন্টারপ্রিটেশন (ডিআই), নম্বর সিরিজ, এরিথমেটিক (পার্সেন্টেজ, প্রফিট অ্যান্ড লস, রেশিও প্রপোরশন, টাইম অ্যান্ড ওয়ার্ক, সিম্পল অ্যান্ড কম্পাউন্ড ইন্টারেস্ট, স্পিড, টাইম অ্যান্ড ডিসটেন্স)

পদের দায়িত্ব :

ব্যাঙ্কের দৈনন্দিন শাখা কার্যক্রম পরিচালনায় সহায়তা করা।

গ্রাহকদের ব্যাঙ্কিং পরিষেবা সংক্রান্ত প্রয়োজনীয় সহায়তা প্রদান করা।

নতুন গ্রাহক তৈরি ও ব্যাঙ্কের নানান পরিষেবা সম্পর্কে প্রচার করা।

ডিপোজিট, লোন ও অন্যান্য ব্যাঙ্কিং পণ্যের ব্যবসা বাড়াতে কাজ করা।

গ্রাহকের কেওয়াইসি ও প্রয়োজনীয় নথিপত্র যাচাইয়ের কাজে অংশ নেওয়া।

ব্যাঙ্কের নিয়ম ও আরবিআই/প্রযোজ্য নিয়ন্ত্রক নির্দেশিকা মেনে কাজ করা।

গ্রাহকদের অভিযোগ ও পরিষেবা সংক্রান্ত সমস্যা সমাধানে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া। শাখার ব্যবসায়িক লক্ষ্য পূরণে সহযোগিতা করা। ব্যাঙ্কের নানান ডিজিটাল পরিষেবা সম্পর্কে গ্রাহকদের সচেতন করা।

স্থানীয় বাজার ও গ্রাহকদের আর্থিক প্রয়োজন সম্পর্কে ধারণা তৈরি করা।

ব্যাঙ্কের ঊর্ধ্বতন কর্মকর্তাদের নির্দেশ অনুযায়ী ভবিষ্যতের উন্নতির সুযোগ :

এই পদে যোগদানের পর ব্যাঙ্ক অফ বরোদায় কাঠামোগত পদোন্নতির সুযোগ রয়েছে। জুনিয়র ম্যানেজমেন্ট স্কেল-১ (JMG/S-I) থেকে ধাপে ধাপে মিডল ম্যানেজমেন্ট ও সিনিয়র ম্যানেজমেন্ট পদে পদোন্নতি পাওয়া যায়।

বেতন কাঠামো : নির্বাচিত লোকাল ব্যাঙ্ক অফিসারদের বেসিক পে ৪৮,৪৮০-৮৫,৯২০ টাকা পর্যন্ত হবে।

শিডিউল্ড কমার্শিয়াল ব্যাঙ্কে ন্যূনতম ১ বছরের পূর্ববর্তী অভিজ্ঞতার জন্য প্রার্থীরা ১টি অগ্রিম ইনক্রিমেন্ট পাওয়ার যোগ্য হবেন।

বেসিক পে ছাড়াও নিয়মানুযায়ী মহার্ঘ ভাতা, বাড়ি ভাড়া ভাতা, চিকিৎসা ভাতা-সহ অন্যান্য সুযোগ-সুবিধা দেওয়া হবে।

পোস্টিং কোথায় হবে?

এই নিয়োগের একটি গুরুত্বপূর্ণ দিক হল লোকাল ব্যাঙ্ক অফিসার হিসেবে প্রথম দিকে রাজ্যভিত্তিক পোস্টিং।

বিজ্ঞপ্তি অনুযায়ী, নির্বাচিত প্রার্থীকে যে রাজ্যের ভ্যাকেন্সির জন্য আবেদন করেছেন, সেই রাজ্যের মধ্যেই প্রথম ১২ বছর অথবা SMGS-IV গ্রেডে প্রোমোশন হওয়া পর্যন্ত, যেটি আগে হবে, কাজ করতে হবে। এরপর ব্যাঙ্কের প্রয়োজন অনুযায়ী ভারতের যেকোনো জায়গায় পোস্টিং হতে পারে।

আবেদন করার আগে যেসব বিষয় অবশ্যই মনে রাখবেন :

প্রথমত, শুধু গ্র্যাজুয়েশন থাকলেই আবেদন করা যাবে না। শিডিউলড কমার্শিয়াল ব্যাঙ্কে অফিসার হিসেবে প্রয়োজনীয় পোস্ট কোয়ালিফিকেশন এক্সপেরিয়েন্স থাকতে হবে।

দ্বিতীয়ত, একজন প্রার্থী শুধু একটি রাজ্যের জন্য আবেদন করতে পারবেন। একাধিক অ্যাপ্লিকেশন করলে শেষ ভ্যালিড কমপ্লিটেড অ্যাপ্লিকেশনটি রাখা হবে ও আগের অ্যাপ্লিকেশনের ফী ফরফিটেড হতে পারে। মেরিট লিস্ট ও স্টেট ওয়াইস ও ক্যাটাগরি-ওয়াইস তৈরি হবে।

তৃতীয়ত, লোকাল ল্যাঙ্গুয়েজের বিষয়টি হালকাভাবে নেওয়া উচিত নয়। অনলাইন এক্সামে শর্টলিস্ট হওয়ার পর প্রয়োজন হলে এলপিটিতে কোয়ালিফাই করতে হবে।

চতুর্থত, অ্যাপ্লিকেশন ফর্ম সাবমিট করার আগে সব তথ্য যাচাই করা জরুরি। ভুল তথ্য বা প্রয়োজনীয় তথ্য গোপন করলে রিক্রুটমেন্টের যেকোনো পর্যায়ে ক্যান্ডিডেচার বাতিল হতে পারে।

ব্যাঙ্ক, রেল, কনস্টেবল, এসএসসি সিজিএল, ডব্লু.বি.সি.এস., এস.এস.সি, ইউ.পি.এস.সি.-সহ রাজ্য ও কেন্দ্রের অন্যান্য চাকরির পরীক্ষাতেও কীভাবে প্রস্তুতি নেবেন তা জানতে নির্দ্বিধায় ফোন করুন এই হেল্প লাইনে : 6292190230.

# ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশনে ৪০,২০৪ চাকরি

১ পাতার পর

মার্কেটিং অটোমেশনে। এই পরিসংখ্যান থেকেই খুব স্পষ্ট যে, এখন আইটি সেক্টরের অন্যতম গুরুত্বপূর্ণ বিভাগ হল GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশন বেসড ডিজিটাল মার্কেটিং। আইটি অ্যান্ড সফটওয়্যার সেক্টরে এমন কোনো কোম্পানি নেই, যাদের এই বিভাগে লোক লাগে না। প্রতি মাসে গড়ে সারা দেশ জুড়ে ৮,০০০ থেকে ১০,০০০ নিয়োগ হয় এই বিভাগে। কলকাতার সল্টলেকের বিভিন্ন সংস্থায় প্রতি সপ্তাহে কমবেশি ২,০০০ থেকে ২,৫০০ জনের নিয়োগ হয়। এই স্পেশালাইজড ক্ষেত্রে কীভাবে নিজেকে প্রস্তুত করলে ৯ মাসের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেন তা জানতে আমরা গেছিলাম রাজ্যের প্রথম সারির আইটি হিউম্যান আউটসোর্সিং সংস্থা তথা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এ। সংস্থার সিইও ও ফাউন্ডার অর্ঘ্য দত্ত জানালেন, 'দেখুন, আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে কয়েকশো কোম্পানিতে GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশনে কয়েক হাজার ছেলেমেয়ের চাকরি হচ্ছে। অথচ খুবই অবাক করার মতো ব্যাপার যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েরাই এই বিষয়ে কিছুই জানে না। কারণ ঠিক কী ধরনের কোর্স করলে এই সেক্টরে চাকরি পাওয়া যায়, বেশিরভাগ ছেলেমেয়েরাই তা জানে না। আমি খুব জোরের সঙ্গে একথা বলতে পারি, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক জায়গা থেকে GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশন মন দিয়ে শেখে, তাহলে এখনকার নামিদামি সফটওয়্যার কোম্পানিতে ৯ মাসের মধ্যে সে খুব সহজেই ভালো মাইনের চাকরি পাবেই। আবার আজকের দিনে দাঁড়িয়ে যদি কেউ AI বেসড ডিজিটাল মার্কেটিংয়ের সঙ্গে GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশন-এর ট্রেনিং নেয়, তাহলে সে শুরুতেই বছরে ৫ থেকে ৬ লাখ টাকা প্যাকেজের চাকরি পাবে।' বেসিক ডিজিটাল মার্কেটিংয়ে মূলত ৩টি পদে লোক নেওয়া হয়— **(I) SEO (Search Engine Optimization), (ii) SMM (Social Media Management), (iii) PPC (Pay Per Click).** শুরুতেই নিয়োগ হয় SEO ও SMO-তে। কিন্তু, গত কয়েক মাসে এই বিভাগে নিয়োগের ট্রেন্ড সম্পূর্ণরূপে বদলে গেছে। এখন রিক্রুটাররা খুঁজছে, তাদেরকে যাঁরা GenAI ইন্টিগ্রেটেড ডিজিটাল মার্কেটিংয়ের সাথে অটোমেশনেও সমানভাবে দক্ষ। উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েশন পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে অ্যাডভান্সড কোর্স করলেই এই ট্রেনিং নিতে পারবেন। বয়স হতে হবে ৩০.০৯.২০২৬ এর হিসাবে ৩০ বছরের মধ্যে। তারপর মোটামুটি ২ বছরের অভিজ্ঞতা থাকলে PPC-তে নিয়োগ হয়। SEO বা SMO-তে প্রত্যেক সপ্তাহে এই কলকাতাতেই ৪০ থেকে ৫০টি কোম্পানিতে কয়েকশো ছেলেমেয়ের চাকরি হচ্ছে। তাহলে কোথা থেকে কী ধরনের কোর্স করলে এক্ষেত্রে খুব সহজেই কেরিয়ার করা যাবে? উত্তরে অর্ঘ্য বললেন যে, 'দেখুন, এখন যুগটাই ডিজিটাল। তাই প্রতিটি কোম্পানিতেই ডিজিটাল মার্কেটিংয়ের প্রয়োজন। তাই এখানে এত বিপুল সংখ্যক লোক লাগে।' **SEO**-রা মূলত ওয়েবসাইট বা, অ্যাপটিকে এমনভাবে মার্কেটিং করে যাতে কোনো একটি বিষয় (key word) সার্চ ইঞ্জিন (যেমন Google, Yahoo)-এ টাইপ করলে সংশ্লিষ্ট ওয়েবসাইট বা, অ্যাপটি-ই সার্চিংয়ের একদম ওপরেই আসবে। **SMO**-রা মূলত সোশাল মিডিয়া হ্যান্ডলার (যেমন X, Facebook, LinkedIn, Youtube, Telegram ইত্যাদি) এর মাধ্যমে কোম্পানির সোশাল মিডিয়া এনগেজমেন্ট বাড়িয়ে অ্যাপ বা, ওয়েবসাইটটিকে জনপ্রিয় করে তোলে। এরপর **PPC**-রা মূলত Performance Marketer / Ad Expert হিসাবে বিভিন্ন ডিজিটাল মিডিয়ার মাধ্যমে কোম্পানির গ্রস রেভিনিউ বা, প্রফিট বাড়ায়। কিন্তু এখন **AI Orchestrator** হিসাবে সবচেয়ে **Generalist** বা **AI** বেশি নিয়োগ হচ্ছে। ভবিষ্যতে এই ২ পদেই শুধুমাত্র নিয়োগ হবে বলে মনে করা হচ্ছে। এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে? উত্তরে অর্ঘ্য বললেন,

**উচ্চমাধ্যমিক যোগ্যতায় ৯ মাসের মধ্যে বছরে ৩,০০,০০০ টাকা মাইনের চাকরি। পরে আরো ৩ মাসের মধ্যে বছরে ৫,০০,০০০ টাকা থেকে ৬,০০,০০০ টাকা মাইনের চাকরি। প্রতি ৩ মাসে ৬০টি থেকে ৭০টি কোম্পানিতে ৩,০০০ থেকে ৪,০০০ চাকরি**

'রাজ্যের মধ্যে এখন আইটি ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবচেয়ে ওপরে। কারণ (১) একমাত্র এখানেই GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশনের ওপর ৯ মাসের অ্যাডভান্সড ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিতে ৩ মাসের ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (২) এটি রাজ্যের একমাত্র আইটি লার্নিং সংস্থা যেখানে Agentic AI আলাদাভাবে শেখানো হয়। যাতে এখানকার ছেলেমেয়েরা খুব সহজেই **'Main Agent-Sub Agent' Model** খুব সহজেই তৈরি করতে পারে। যা যেকোনো ভালো কোম্পানিতে তার নিয়োগ সুনিশ্চিত করবে। (৩) এখানে GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশনের ওপর AI Prompting Tools এর ব্যবহার দেশের সেরা সেরা AI মডিউলেটরদের থেকে শেখানো হয়। এছাড়াও এখানে ডিজিটাল মার্কেটিং এর জন্য ইন্ডাস্ট্রির সবচেয়ে মডিফায়েড ও আপডেটেড AI সফটওয়্যারে কাজ শেখানো হয় যা অন্য কোথাও ভাবাই যায় না। যেমন SEO-র জন্য SEMrush বা Google Keyword Planner বা Ubersuggest-এর মত সফটওয়্যার টুলস আবার **SMM**-এর জন্য Buffer বা Hootsuite-এর মতো আপডেটেড মডিফিকেশন সফটওয়্যারে কাজ শেখানো হয়। (৪) এই প্রতিষ্ঠানের আরেকটি অনন্য দিক হল একমাত্র এখানেই Implementing Marketing Automation এর এমন সব টুলস (Gohighlevel 1 & 2, WP Automation, E-mail Automation) শেখানো হয় জানা থাকলে দেশের সেরা সেরা টেক জায়েন্ট যেমন TCS, Wipro, IBM, Cognizant, Capgemini-র ডিজিটাল টিম আপনাকে ডেকে চাকরি দেবে। কারণ, খুব কম সংস্থায় এই হাই লেভেল মার্কেটিং কোর্স শেখানো হয়। আর এই কোর্স শেখা থাকলে শুরুতেই মাইনে হবে নিজের মর্জি মাফিক। এই কোর্স করা থাকলে মোটামুটি শুরুতেই বছরে পাওয়া যাবে ৫,০০,০০০ থেকে ৬,০০,০০০ টাকার আকর্ষনীয় পে-প্যাকেজ। (৫) একমাত্র এখানে AI বেসড ডিজিটাল মার্কেটিং-এর জন্য অন্যতম গুরুত্বপূর্ণ টুলস Chat GPT মডেল দেশের সেরা সেরা AI বেসড প্রফেশনালসদের দিয়ে শেখানো হয়। তাই এখান থেকে পাশ করা ছেলেমেয়েরা, দেশের প্রথম সারির আইটি কোম্পানিতে সহজেই চাকরি পায়। (৬) এছাড়াও, এই কোর্সের মধ্যে ওয়েব ডেভেলপমেন্টের সবচেয়ে মডিফায়েড মডিউলও (Shopify / Wix / Word Press) শেখানো হয় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৭) আইটি ইন্ডাস্ট্রির ক্ষেত্রে সবচেয়ে ভালো প্যাকেজ পাওয়া যায় যদি প্রার্থীর কাছে গ্লোবাল সার্টিফিকেশন থাকে। এক্ষেত্রেও এই প্রতিষ্ঠানের সাথে গ্লোবাল টেকনিক্যাল জায়েন্ট Google, Meta ও HubSpot-এর মতো কোম্পানির স্ট্র্যাটেজিক টাই-আপ থাকায় এখান থেকে পাশ করলে **Google Ad Specialisation, Meta Ad Specialisation, HubSpot Ad Specialisation** এর মতো গুরুত্বপূর্ণ সার্টিফিকেট পাওয়া যায়। ফলে এখানকার ছেলেমেয়েরা ট্রেনিং পিরিয়ডেই বেঙ্গালুরু বা হায়দরাবাদের মতো জায়গায় বহুজাতিক আইটি ও সফটওয়্যার সংস্থায় ভালো প্যাকেজের চাকরি সহজেই পায় — যা অন্য কোথাও হয় না। (৮) আমাদের সঙ্গে দেশের তথা রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিগুলির সঙ্গে এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে পাশ করলে চাকরির জন্য কেউ বসে থাকে না, বরং একসঙ্গে সে ২-৩টি অফার লেটার হাতে পায়। শুরুতেই মাইনে হয় মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা। যা ২ বছর পর বেড়ে মাসে ৬০,০০০ টাকা হয়। (৯) আমাদের এখানে সফটওয়্যার ইন্ডাস্ট্রির সেরা সেরা ডিজিটাল এক্সপার্টরাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন যাতে এখানকার ছেলেমেয়েরা সবচেয়ে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (১০) ডিজিটাল মার্কেটিংয়ে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। বিভিন্ন ধরনের ডিজিটাল মার্কেটিং সফটওয়্যার টুলস (অ্যাপ ও ওয়েবসাইট ফ্রেন্ডলি) হাতে কলমে এমনভাবে শেখানো হয়, যাতে এখানকার ছেলেমেয়েরা ডিজিটাল এক্সপার্ট হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে সুপ্রতিষ্ঠিত করতে পারে ও নামিদামি কোম্পানিতে সর্বোচ্চ স্যালারি প্যাকেজ পায়। (১১) আমাদের এখানে বিশেষভাবে 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের অ্যাকসেপ্টেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। (১২) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা আইটি বা সফটওয়্যার কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১৩) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবচেয়ে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে।' (১৪) একমাত্র এখানেই কোর্স ফি-র ওপর (পুরোটা একসাথে জমা দিলে) স্কলারশিপের ব্যবস্থা আছে — যা অন্য কোথাও নেই। তাই উচ্চমাধ্যমিক পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৯ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 বা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.

## পি.এস.সি'র মিসলেনিয়াস, ডব্লু.বি.সি.এস

৩ পাতার পর

(৫) পশ্চিমবঙ্গ-সহ ভারতীয় ভূগোল, (৬) ভারতীয় রাষ্ট্রনীতি ও অর্থনীতি, (৭) ভারতের জাতীয় আন্দোলন, (৮) জেনারেল মেন্টাল এবিলিটি (জেনারেল ইন্টেলিজেন্স)।

মেন পরীক্ষার সিলেবাস : 'প্রিলিমিনারি' পরীক্ষায় সফল হলে 'মেন' পরীক্ষা হবে। A, B, C ও D — এই ৪ গ্রুপেই 'মেন'এ ১,২০০ নম্বরের পরীক্ষায় থাকবে এই ৬টি আবশ্যিক বিষয় : (১) প্রথম পত্র : বাংলা /হিন্দি /উর্দু /নেপালী /সাঁওতাড় — চিঠি লেখা (১৫০ শব্দের মধ্যে) /২০০ শব্দের মধ্যে রিপোর্ট ড্রাফটিং করা, প্রেসি লেখা, কম্পোজিশন, ইংরিজি থেকে বাংলা /হিন্দি /উর্দু /নেপালী /সাঁওতাড় ভাষায় অনুবাদ। (২) দ্বিতীয় পত্র : ইংরিজি - চিঠি লেখা (১৫০ শব্দের মধ্যে) /২০০ শব্দের মধ্যে রিপোর্ট ড্রাফটিং করা, প্রেসি লেখা, কম্পোজিশন, বাংলা /হিন্দি /উর্দু /নেপালী /সাঁওতাড় থেকে ইংরিজি ভাষায় অনুবাদ। (৩) তৃতীয় পত্র : জেনারেল স্টাডিজ-। (ন্যাশনাল মুভমেন্ট-সহ ভারতীয় ইতিহাস আর পশ্চিমবঙ্গ স্পেশাল রেফারেন্স-সহ ভারতের ভূগোল)। (৪) চতুর্থ পত্র : জেনারেল স্টাডিজ -।। (সায়েন্স ও সায়েন্টিফিক ও টেকনোলজিক্যাল অ্যাডভান্সমেন্ট, এনভায়রনমেন্ট, জেনারেল নলেজ ও কারেন্ট অ্যাফেয়ার্স)। (৫) পঞ্চম পত্র : ভারতীয় সংবিধান ও ভারতীয় অর্থনীতি (রিজার্ভ ব্যাঙ্কের ভূমিকা ও কার্য)। (৬) ষষ্ঠ পত্র : অ্যারিথমেটিক ও টেস্ট অফ রিজনিং। প্রতিটি বিষয়ে থাকবে ২০০ নম্বর ও প্রতিটি পেপারে সময় থাকবে ৩ ঘণ্টা। প্রিলিমিনারি ও মেন পরীক্ষার বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে : www.pscwb.org.in

**ক্লার্কশিপ পরীক্ষা** (২০২৪ সালের পরীক্ষা, বিজ্ঞপ্তি নং ১২/২০২৪) : মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কম্পিউটারে কাজ চালানোর মতো জ্ঞান থাকতে হবে। কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ২০টি কিংবা বাংলা টাইপিংয়ে মিনিটে অন্তত ১০টি শব্দ তোলার গতি থাকতে হবে। যাঁরা কম্পিউটার জানেন না, তাঁরাও দরখাস্ত করতে পারবেন। বয়স হতে হবে ১৮ থেকে ৪৫ বছরের মধ্যে। মূল মাইনে : ২২,৭০০-৫৮,৫০০ টাকা। প্রার্থী বাছাই করবে 'পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন'। ২০২৪ সালের ক্লার্কশিপ পরীক্ষার মাধ্যমে। প্রথমে লিখিত (পার্ট-।) পরীক্ষা হবে। দু'টি ব্যাচে, দু'টি হাফে, এবছর ডিসেম্বর মাস নাগাদ। লিখিত পরীক্ষা হবে দু'টি পার্টে। প্রথম পার্টে ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) ইংরিজি - ৩০ নম্বর, (খ) জেনারেল স্টাডিজ - ৪০ নম্বর, (গ) অ্যারিথমেটিক - ৩০ নম্বর। সময় থাকবে দেড় ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে।

দ্বিতীয় পার্টে প্রশ্ন হবে ডেসক্রিপ্টিভ টাইপের। এইসব বিষয়ে : (ক) ইংরিজি -৫০ নম্বর। এই পেপারে থাকবে রিপোর্ট লেখা, সামারি বা, প্রেসি লেখা, বাংলা থেকে ইংরিজিতে অনুবাদ করা। (খ) বাংলা/হিন্দি /নেপালী /উর্দু /সাঁওতাড়-৫০ নম্বর। সময় থাকবে ১ ঘণ্টা। এই পেপারে থাকবে রিপোর্ট লেখা, সামারি বা, প্রেসি লেখা, ইংরিজি থেকে বাংলায় অনুবাদ করা।

প্রথম ও দ্বিতীয় পার্টে কোয়ালিফাই করলে এরপর কম্পিউটার টেস্টের জন্য ডাকা হবে। প্রতিটি গ্রুপ /পেপারে থাকবে আলাদা কোয়ালিফাইং নম্বর। কোনোটিতে কোয়ালিফাইং নম্বর না পেলে সফল হতে পারবেন না। তপশিলী, ও.বি.সি.'দের জন্য কোয়ালিফাইং নম্বরে ছাড় আছে।

অন্যদিকে, ২০২৪ সালের ওয়েস্ট বেঙ্গল জুডিশিয়াল সার্ভিস (প্রিলিমিনারি) পরীক্ষা (বিজ্ঞপ্তি নং ৯/২০২৪) হবে ২৭ সেপ্টেম্বর, বেলা ১২টা থেকে আড়াইটা পর্যন্ত। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ১৫ সেপ্টেম্বর থেকে। এই ওয়েবসাইটে : https://psc.wb.gov.in

তুলসীর সরকারি চাকরির সেরা বই
• TULSHIR POLICE HANDBOOK & PRACTICE SET
• TULSHIR ICDS PRACTICE SET
• WBJEE ANM (R) & GNM
• TULSHIR PRIMARY TET HANDBOOK
• TULSHIR PRIMARY TET PRACTICE SET
• TULSHIR UPPER PRIMARY TET HANDBOOK
• TULSHIR UPPER PRIMARY TET PRACTICE SET
• তুলসীর পরিবেশবিদ্যা (পেডাগজি-সহ)
Tulshi Publishing
9903210844 /8100480354

মিসলেনিয়াসে
লিখিত পরীক্ষায় কৃতীদের দিয়ে তৈরি মডেল প্রশ্নোত্তর (পুরো ব্যাখ্যা সহ) পেতে আজই কিনুন
সাফল্য
চাকরির পরীক্ষার একমাত্র ম্যাগাজিন
হেল্প লাইন
6291684943

## প্রেস্টিজ অফ বেঙ্গল অ্যাওয়ার্ড — ২০২৬



সৈকত হালদার, কলকাতা : দ্য হাইলাইটারের উদ্যোগে কলকাতার পার্ক প্রাইম হোটেলে অনুষ্ঠিত হল 'প্রেস্টিজ অফ বেঙ্গল অ্যাওয়ার্ড - ২০২৬', যেখানে ৪৫-এর বেশি ক্যাটেগরিতে বিভিন্ন ক্ষেত্রে কৃতী ও বিশিষ্ট ব্যক্তিত্বদের তাঁদের অ্যাচিভমেন্ট, এক্সিলেন্স ও প্রফেশনাল অবদানের জন্য সম্মানিত করা হয়। এঁদের মধ্যে ছিলেন ডাক্তার, অ্যাডভোকেট, লেখক, ইন্টারন্যাশনাল অ্যাথলিট, গায়ক, আর্টিস্ট, কালচারাল পার্সোন্যালিটিস, উদ্যোক্তা ও বিভিন্ন ক্ষেত্রের নামী-দামি ব্যক্তিত্বরা। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন টলিগঞ্জের অভিনেত্রী পায়েল সরকার। তিনি সবার হাতে স্মারক ও শংসাপত্র তুলে দেন। শতাব্দী রায় ছিলেন গেস্ট অফ অনার। সুদেষ্ণা বোড়াল গাঙ্গুলী ও ক্যাপ্টেন স্নেহাশিস দাস ছিলেন স্পেশাল গেস্ট। অনুষ্ঠানটির আয়োজক ছিলেন বিখ্যাত হিউম্যান রিসোর্স আউটসোর্সিং সংস্থা 'দ্য হাইলাইটার'এর ফাউন্ডার ও সি.ই.ও স্বরূপ রায় ও কো-ফাউন্ডার অরূপ কয়াল।



*দীর্ঘ ৪ দশক ধরে চাকরি ও স্বনির্ভরতার ক্ষেত্রে দিশা দেখানোর জন্য 'কর্মসংস্থান' পত্রিকাকে এই গৌরবময় সম্মান দেওয়া হয়। সংস্থান প্রকাশনীর পক্ষ থেকে পুরস্কার নেন সুব্রত সেন।*


# তাহেরপুর কবিতা কুটির আশ্রমিক ইনস্টিটিউট

৮০জি ধারায় আয়কর মুক্ত শিক্ষা প্রতিষ্ঠান।

১৯৮১ সালে প্রতিষ্ঠিত ঐতিহ্যমন্ডিত, প্রাচীন ও বিশ্বস্ত পূর্ব ভারতে শ্রেষ্ঠ প্রতিষ্ঠান

প্রতিষ্ঠাতা আচার্য ভবদেব (প্রাক্তন সিভিল সার্ভেন্ট), প্রবাদ প্রতিম অফিসার-কাম প্রফেসর



যে প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ সিভিল সার্ভেন্টগণ। পিতাপুত্র, কন্যা, বধূমাতা ও জামাতাগণ সবাই সিভিল সার্ভেন্ট, শিক্ষক ও অ্যাডভোকেট। ঐতিহ্যবাহী এই প্রতিষ্ঠানের কর্তাদের সুপরামর্শে ও নির্দেশিত পথে কবিতা কুটির আশ্রমিক ইনস্টিটিউট আজ বাংলার প্রথম শ্রেণীর সরকারি চাকরির প্রশিক্ষণ কেন্দ্রে পরিণত।

অনলাইন / অফলাইন / রেকর্ডেড ক্লাস

IAS, IPS, WBCS, SI, Police etc.

সকল প্রকার ইন্টারভিউয়ের প্রস্তুতি করানো হয়।

এখানকার কোচিং প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের সাফল্য 100%

Civil Service, WBCS

মিসলেনিয়াস, রেল, ক্লার্কশিপ, ব্যাঙ্ক, পঞ্চায়েত, 'টেট', আই.সি.ডি.এস, পুলিশ, জিডি, আর্মি, পি.এস.সি, ডব্লুবি-এস.এস.সি পরীক্ষা ও অ্যাকাউন্ট্যান্সির প্রস্তুতি অতি যত্ন সহকারে করানো হয়।




ছাত্রছাত্রীদের থাকার জন্য কবিতা কুটিরে নিজস্ব হোস্টেল ও ক্যান্টিনের ব্যবস্থা আছে



অভিজ্ঞ ট্রেনার দ্বারা মাঠ পরীক্ষার ট্রেনিং দেওয়া হয়

তপশিলী জাতি, উপজাতি, ও.বি.সি আর সংখ্যালঘুদের ভর্তিতে বিশেষ ছাড়

আমাদের দেখুন
ইউ টিউব ফেসবুক, টুইটার, ইনস্টাগ্রাম, টেলিগ্রাম
YouTube
kabita kutir Ashramic Institute-Achariya Bhabadeb
kabitakutir.website2.me

আশ্রমিক কার্যালয় — তাহেরপুর (নদিয়া) : 7908145140, 8536920172, 9474764885, 8002380081

## কলকাতার ১২৭টি আইটি কোম্পানিতে

# ৪২,৩৭৬ GenAI বেসড UI/UX ডিজাইনার ও প্রোডাক্ট ডিজাইনার

প্রমা দাস, সল্টলেক : কলকাতার ১২৭টি আইটি ও সফটওয়্যার রিলেটেড সার্ভিসেস কোম্পানিতে ১৯,০৭৬ 'GenAI বেসড UI/UX ডিজাইনার' ও ২৩,৩০০ 'GenAI বেসড প্রোডাক্ট ডিজাইনার' ছেলেমেয়ে লাগবে।

পদ : GenAI বেসড UI/UX ডিজাইনার।

যেকোনো শাখা নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এছাড়াও, যেকোনো শাখার গ্র্যাজুয়েটরাও আবেদনের জন্য যোগ্য। এর সঙ্গে কম্পিউটারের অ্যাডভান্সড ট্রেনিং থাকতে হবে। শুরুতে মাইনে হবে মাসে ১২,০০০/-- ১৫,০০০/- টাকা।

পদ : GenAI বেসড প্রোডাক্ট ডিজাইনার।

বিজ্ঞান শাখা নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এছাড়াও, সায়েন্স গ্র্যাজুয়েটরাও আবেদনের জন্য যোগ্য। এর সঙ্গে কম্পিউটারের অ্যাডভান্সড ট্রেনিং থাকতে হবে। শুরুতে মাইনে হবে মাসে ৩৩,০০০/-- ৬৫,০০০/- টাকা।

উভয় পদে আবেদনের জন্য টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ডের কোনো প্রয়োজন নেই। বয়স হতে হবে ৩০.০৯.২০২৬ এর হিসাবে ৩০ বছরের মধ্যে।

**ট্রেনিং কত দিনের ও কোথা থেকে নেবেন :** এই বিপুল সংখ্যক পোস্টে আবেদনের জন্য ঠিক কীভাবে নিজেকে তৈরি করলে, সামনের ৯ মাসের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেনই, তা জানতে আমরা কথা বলেছিলাম এই নিয়োগের দায়িত্বে থাকা রাজ্যের প্রথম সারির আইটি হিউম্যান আউটসোর্সিং সংস্থা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এর সঙ্গে। সংস্থার সিইও ও প্রতিষ্ঠাতা অর্ঘ্য দত্ত জানালেন, 'আমাদের রাজ্যে একমাত্র তথ্যপ্রযুক্তি (IT) ক্ষেত্রেই সারা বছর ধরে নিয়োগ চলে। শুধুমাত্র শেষ ৩ মাসেই (এপ্রিল-জুন) রাজ্যের সিলিকন ভ্যালি তথা কলকাতার সল্টলেকের বিভিন্ন সংস্থায় কমবেশি ৫৪,০০০ নিয়োগ হয়েছে। আর এই নিয়োগের বেশিরভাগটাই হয়েছে **GenAI based UI/UX Designer** ও **GenAI based Product Designer** এই ২ পদে।' এর কারণ কি? উত্তরে অর্ঘ্য বললেন যে, 'আজকের প্রযুক্তি নির্ভর দুনিয়ায় সবচেয়ে গুরুত্ব দেওয়া হয় ডিজাইনিংয়ের ক্ষেত্রে — তা সে অ্যাপই হোক বা ওয়েবসাইট। কথায় বলে, 'প্যাহলে দর্শনধারী, বাদ মে গুণ বিচারি'। অর্থাৎ ওয়েবসাইট বা অ্যাপ দেখে সাধারণ মানুষ যাতে আকৃষ্ট হয়, ডিজাইনারকে সবচেয়ে আগে সেটাই মাথায় রাখতে হবে। তবেই বাড়বে ইউজারের সংখ্যা। আর তবেই বাড়বে অ্যাপটির ডাউনলোডিং ট্রাফিকের পরিমাণ — যা অ্যাপটিকে গুগল প্লে স্টোর বা অ্যাপেল প্লে স্টোরে পপুলার করবে। আর এইখানেই লাগবে **UI/UX Designer.** অ্যাপের এই দেখনদারি কেমন হবে তা ঠিক করে দেবে ইউজার ইন্টারফেজ ডিজাইনার। অর্থাৎ অ্যাপ বা ওয়েবসাইটটি কেমন দেখতে হবে, কোথায় কোন রঙ থাকবে, কেমন হবে ডিজাইন, লেখায় কোন হরফ ব্যবহার করলে তা ডিজিটালি মানুষকে আকৃষ্ট করবে (অর্থাৎ পেজে বেশি সময় ধরে ইউজার থাকবে) — এই সব ধরনের টেকনিক্যাল ইনপুটস, পরিকল্পনাই করবে **UI/UX Designer.** অন্যদিকে আজকের যুগে দাঁড়িয়ে, এমন কোনো কোম্পানি নেই যেখানে **UI/UX Designer** লাগে না। একটা উদাহরণ দিলে ব্যাপারটা সহজেই বোঝা যাবে। আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে ৬০টি থেকে ৭০টি কোম্পানিতে কয়েকশো চাকরি হয়। অথচ আশ্চর্য এই যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। **UI (User Interface) / UX (User Experience)** ডিজাইন জিনিসটা ঠিক কী? UI ডিজাইন, অ্যাপ / ওয়েবসাইটের চেহারা (যেমন রঙ, ফন্ট, লেআউট) নিয়ে কাজ করে। আর UX ডিজাইন, ইউজার বা ব্যবহারকারীর অভিজ্ঞতাকে সহজ ও কার্যকর করে তোলে — যা Figma, Adobe XD-এর মত সফটওয়্যার বা টুলস ব্যবহার করে ওয়্যারফ্রেমিং, প্রোটোটাইপিং ও ইউজার টেস্টিং শেখানো হয়। আবার এখনকার AI যুগে শুধুমাত্র UI/UX Designer থাকলেই হবে না — আবার ওই টিমে Product Designer ও থাকতে হবে। এখন এই **Product Designer**-এর কাজটা কি? একটা উদাহরণ দিলে ব্যাপারটা সহজেই বোঝা যাবে। ধরুন, আপনাকে একটা ফুড ডেলিভারি অ্যাপ ডিজাইন করার কথা বলা হল। **UI/UX Designer**-রা ওই অ্যাপের আউটলুক অর্থাৎ রঙ, ফন্ট, লেআউট ইত্যাদি এমনভাবে তৈরি করল, যাতে সেটা খুবই আকর্ষণীয় হয়। কিন্তু এখানেই কাজ শেষ হয় না। অ্যাপটিকে কিভাবে জনপ্রিয় করা যায় — সেই গুরুত্বপূর্ণ দিকটাই নির্ভর করে **Product Designer**-এর কাজের ওপর। **Product Designer** মূলত অ্যাপটির সর্বগ্রহণযোগ্যতা, জনপ্রিয়তা ও ইউজার ফ্রেন্ডলিনেস নিয়ে কাজ করে। সোজা বাংলায় বলতে গেলে Product Designer অ্যাপটি ব্যবহারের ক্ষেত্রে ইউজারের সমস্যা মেটাতে বা অ্যাপটির ফিচার কিরকম হবে বা অ্যাপটির ইউজার ফ্লো ও ওয়্যার ফ্রেমস, ইন্টারফেস ডিজাইন ও সর্বোপরি ডেভেলপার ও প্রোডাক্ট ম্যানেজারের সাথে সংযোগ স্থাপন করে অ্যাপটিকে সর্বাধিক জনপ্রিয় করার ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। অর্থাৎ এক কথায় এই ট্রেনিংয়ের মাধ্যমে ওয়েব ও মোবাইল অ্যাপ ডিজাইন করার দক্ষতা অর্জন করা যায়। সোজা কথায় বলতে গেলে ডিজিটাল পন্যের মার্কেটিং এই ট্রেনিং ছাড়া সম্ভব নয় — তাই দেশ বিদেশের প্রতিটি কোম্পানিতে এই বিশেষ ধরণের স্কিলড প্রফেশনালসদের চাহিদা এত বেশি। সেইজন্য সারাবছর ধরে এই বিশেষ সেকশানের জন্য এত বেশি সংখ্যক লোক লাগে। naukri.com এর গত ১ বছরের ডেটা অ্যানালিসিস করে দেখা গেছে, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক জায়গা থেকে গ্রাফিক্স ডিজাইনিংয়ের ট্রেনিং খুব মন দিয়ে শেখে, তাহলে রাজ্যের তথা দেশের নামিদামি সফটওয়্যার কোম্পানিতে ৬ মাসের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই।'

**এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে?**

উত্তরে অর্ঘ্যবাবু বললেন, 'রাজ্যের মধ্যে এখন আইটি ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবচেয়ে ওপরে। কারণ — (১) একমাত্র এখানেই GenAI বেসড UI/UX Designer ও Product Designer-এর ওপর আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। শুধুমাত্র উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়ে অথবা কমার্স / আর্টস / বিজ্ঞান / বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বা অন্য যেকোনো বিষয়ের নন-টেকনিক্যাল গ্র্যাজুয়েটরাও এই ট্রেনিং নিতে পারবেন। সঙ্গে শুধুমাত্র কম্পিউটারের ওপর অ্যাডভান্সড কোর্স করা থাকলেই কোনো ধরনের টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড ছাড়াই, যেকোনো মধ্য মেধার ছেলেমেয়ে আবেদনের জন্য যোগ্য। (২) এখানে ডিজাইনিংয়ের মধ্যে সবথেকে গুরুত্বপূর্ণ সেকশন অর্থাৎ **'ইউজার ইন্টারফেস (UI)'** (যে বিভাগে সারা বছর ধরে সবথেকে বেশি নিয়োগ হয়) এর ওপর আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। কোনো প্রডাক্টের প্যাকেজিং-ই ধরুন কিংবা যেকোনো ব্যানার, লিফলেটের ডিজাইন অথবা লোগো ডিজাইন — সব ব্যাপারেই লাগবে এই ধরনের প্রফেশনালসদের। অর্থাৎ ডিজিটালি যা কিছু কনটেন্ট লাগবে তা ডেভেলপ করতে হলে, বা প্রোডাক্টের ওপর লেখা কীরকম দেখতে হবে বা ডিজাইন কেমন হলে তা সহজেই সবার চোখ টানবে — তা শেখানো হয় এই ট্রেনিংয়ের মাধ্যমে। যা অন্য কোথাও আলাদাভাবে শেখানো হয় না। (৩) একমাত্র এখানেই **GenAI based UI/UX Designer** ও **GenAI based Product Designer** এর ওপর ৬ - ৯ মাসের অ্যাডভান্সড ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিতে ৩ মাসের ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (৪) এছাড়াও একমাত্র এখানেই GenAI বেসড ওয়েব ডিজাইনিংয়ের অন্যতম গুরুত্বপূর্ণ টুলস ChatGPT, Gemini, Claude মডেল দেশের সেরা সেরা AI বেসড প্রফেশনালসদের দিয়ে শেখানো হয়। তাই এখান থেকে পাশ করা ছেলেমেয়েরা, দেশের প্রথম সারির আইটি কোম্পানিতে সহজেই চাকরি পায়। (৫) একমাত্র এই প্রতিষ্ঠানেই UI / UX ডিজাইনিংয়ের অত্যন্ত গুরুত্বপূর্ণ ফিচার যেমন **'Interactive Element', 'Minimalistic & Clean Design', 'Customised Mobile Friendly Design', 'Contrasting Colour'**-এর ব্যবহার আলাদাভাবে শেখানো হয়। আবার প্রোডাক্ট ডিজাইনিংয়ের ক্ষেত্রে এই ইন্ডাস্ট্রির সবচেয়ে গুরুত্বপূর্ণ ফিচার যেমন **'Understand the problem', 'Research Users', 'Create User Flows', 'Develop Wireframes', 'Design UI', 'Build Prototypes', 'Launch', 'Measure & Improve'** এর ব্যবহার বিশেষভাবে শেখানো হয়। ফলে এখানকার ছেলেমেয়েরা কেরিয়ারের শুরুতেই ইন্ডাস্ট্রির সেরা সেরা ডিজাইনিং কোম্পানি থেকে আলাদাভাবে অফার পায় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৬) এটি রাজ্যের একমাত্র আইটি লার্নিং সংস্থা, যেখানে ওয়েব ডিজাইনিংয়ের ওপর AI Prompting Tools (Figma AI, Galileo AI, FramerAI, Notion AI, MiroAI) এর ব্যবহার দেশের সেরা সেরা AI Modulator-দের থেকে শেখানো হয়। এছাড়াও এখানে ওয়েব ডিজাইনিংয়ের জন্য ইন্ডাস্ট্রির সবচেয়ে মডিফায়েড ও আপডেটেড AI সফটওয়্যারে কাজ শেখানো হয়, যা অন্য কোথাও ভাবাই যায় না। (৭) আমাদের ট্রেনিংয়ে Figma, Sketch, Adobe PS, Squarespace, Adobe Dreamweaver, Adobe Illustrator, Canva, Adobe XD, Adobe Primier Pro, Adobe After Effects, Relume, Midjourney, Uizard এর মতো অত্যন্ত উন্নত ও আপডেটেড সফটওয়্যারে কাজ শেখানো হয়। এছাড়াও, এই কোর্সের মধ্যে এই ট্রেন্ডের সবচেয়ে মডিফায়েড মডিউল যেমন, Shopify, Wix বা Webflow -র মতো আইটি ইন্ডাস্ট্রির সবচেয়ে চালু ও উন্নত Drag & Drop HTML builder-এ কাজ শেখানো হয় — যা আমাদের রাজ্যে আর কোথাও ভাবাই যায় না। (৮) এছাড়াও এখানে ইন্ডাস্ট্রির সবচেয়ে উন্নত ১০টির ওপর **AI বেসড Prompt Command Tools** শেখানো হয়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায়, তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি অফার লেটার হাতে পায়। (৯) একমাত্র এখানেই GenAI বেসড UI / UX ডিজাইনিং ও প্রোডাক্ট ডিজাইনিং একসঙ্গে শিখে 'কেরিয়ার এনহ্যান্সমেন্টে'র অভিনব সুযোগ আছে। অর্থাৎ, এখানে যাঁরা **UI / UX** ডিজাইনিং (শুরুতে মাইনে ১২,০০০/-- ১৫,০০০/- টাকা) ট্রেনিং-এর থেকে আরো ভালো প্যাকেজের চাকরি চান, তাঁরা প্রোডাক্ট ডিজাইনিং ট্রেনিংও নিতে পারেন (তখন মাইনে হবে ৩৩,০০০/-- ৬৫,০০০/- টাকা) — এই সুযোগ অন্য কোথাও পাবেন না। এছাড়াও এই ট্রেনিং নেওয়া থাকলে ইন্ডাস্ট্রিতে আপনার কদর অনেকটাই বেড়ে যাবে। কারণ আপনি তখন, 'UI / UX ডিজাইনার' অথবা 'প্রোডাক্ট ডিজাইনার' দু'ভাবেই, যেকোনো বড় কর্পোরেট বা আইটি সংস্থায় উঁচু পদের জন্য সহজেই আবেদন করতে পারবেন। (১০) এখানে টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড নেই অর্থাৎ শুধুমাত্র উচ্চ মাধ্যমিক বা গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েদের জন্য আলাদাভাবে প্রশিক্ষণ দেওয়া হয়। তাদের জন্য **'No Code, Low Code'** এর মতো অভিনব কারিকুলাম করা আছে, যাতে তারা খুব সহজেই এই ট্রেনিং নিতে পারে। (১১) আমাদের সঙ্গে দেশের ও রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিগুলির এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে ইন্টার্নশিপ শেষ হলে চাকরির জন্য কেউ বসে থাকে না। শুরুতেই মাইনে হয় মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা। (১২) আইটি ইন্ডাস্ট্রির ক্ষেত্রে সবচেয়ে ভালো প্যাকেজ পাওয়া যায় যদি প্রার্থীর কাছে গ্লোবাল সার্টিফিকেশন থাকে। এক্ষেত্রেও এই প্রতিষ্ঠানের সাথে গ্লোবাল টেক জায়েন্ট Shopify এর মতো কোম্পানি স্ট্র্যাটেজিক পার্টনারশিপ টাই আপ থাকায় এখান থেকে পাশ করলে Shopify Global Partnership Certification এর মতো গুরুত্বপূর্ণ সার্টিফিকেট পাওয়া যায়। ফলে এখানকার ছেলেমেয়েরা ট্রেনিং পিরিয়ডেই বেঙ্গালুরু বা হায়দরাবাদের মতো জায়গায় বহুজাতিক আইটি ও সফটওয়্যার সংস্থায় ভালো প্যাকেজের চাকরি সহজেই পায়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায় তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি অফার লেটার হাতে পায়। (১৩) আমাদের এখানে সেরা সেরা **GenAI based UI/UX Designer** ও **GenAI based Product Designer**'রাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন, যাতে এখানকার ছেলেমেয়েরা সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (১৪) এই ট্রেনিংয়ে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। এই আপডেটেড মডিউলে নিজেদেরকে ট্রেইন্ড করে এখানকার ছেলেমেয়েরা UI/UX ডিজাইনার ও প্রোডাক্ট ডিজাইনার হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে পারে। (১৫) আমাদের এখানে বিশেষভাবে 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের অ্যাকসেপটেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। (১৬) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা আইটি বা সফটওয়্যার কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১৭) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবথেকে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে।' (১৮) একমাত্র এখানেই কোর্স ফি-র ওপর (পুরোটা একসাথে জমা দিলে) স্কলারশিপের ব্যবস্থা আছে— যা অন্য কোথাও নেই। তাই উচ্চমাধ্যমিক পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ভালো পে-প্যাকেজ অর্থাৎ ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৬ থেকে ৯ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 অথবা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.

**শুধুমাত্র উচ্চমাধ্যমিক যোগ্যতায় কোনো টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড ছাড়াই ৯ মাসের মধ্যে বছরে ৩,০০,০০০ টাকা থেকে ৪,৮০,০০০ টাকা মাইনের চাকরি। প্রতি সপ্তাহে ৭০টি থেকে ৮০টি কোম্পানিতে এই ২ পদে কয়েকশো চাকরি**

## ১৬২ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

এটি ৬১তম ব্যাচের ট্রেনিং। কারা কোন ক্ষেত্রে যোগ্য :

**আই.টি.আই. অ্যাপ্রেন্টিস :** এন.সি.ভি.টি.'র অনুমোদিত আই.টি.আই. থেকে ফিটার, টার্নার, মেশিনিস্ট, ইলেক্ট্রিশিয়ান, ইলেক্ট্রনিক্স, ওয়েল্ডার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড ১ বছর ট্রেডের বেলায় ১৪,৪০০ টাকা ও ২ বছরের ট্রেডের বেলায় ১৬,২০০ টাকা। শূন্যপদ : ফিটার ১৫টি (জেনাঃ ৮, ও.বি.সি. ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ২)। টার্নার ২০টি (জেনাঃ ১০, ও.বি.সি. ৬, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ২)। মেশিনিস্ট ২৭টি (জেনাঃ ১৪, ও.বি.সি. ৭, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৩, ই.ডব্লু.এস. ৩)। ইলেক্ট্রিশিয়ান ৭টি (জেনাঃ ৩, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। ইলেক্ট্রনিক্স ৬টি (জেনাঃ ৪, ও.বি.সি. ১, তঃউঃজাঃ ১)। ওয়েল্ডার ৪টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১)।

**নন-আই.টি.আই. অ্যাপ্রেন্টিস :** মোট অন্তত ৫০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশরা অঙ্ক ও বিজ্ঞান বিষয়ে অন্তত ৪০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। বয়স হতে হবে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড প্রথম বছর ১২,৬০০ টাকা ও দ্বিতীয় বছর ১৪,৪০০ টাকা। শূন্যপদ : ফিটার ১৫টি (জেনাঃ ৯, ও.বি.সি. ৪, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ২)। টার্নার ২১টি (জেনাঃ ১১, ও.বি.সি. ৬, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ২)। মেশিনিস্ট ২৭টি (জেনাঃ ১৫, ও.বি.সি. ৭, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ৩)। এম.এম.টি.এম. ২০টি (জেনাঃ ১০, ও.বি.সি. ৬, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ১)।

প্রার্থী বাছাই হবে মেধার ভিত্তিতে। এজন্য শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখা হবে।

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : www.avnl.co.in তখন সঙ্গে দেবেন যাবতীয় প্রমাণপত্রের প্রত্যয়িত নকল। দরখাস্ত পৌঁছানো চাই ১১ সেপ্টেম্বরের মধ্যে। এই ঠিকানায় : The Chief General Manager, Machine Tool Prototype Factory, A Unit of AVNL, Govt of India Enterprise Ambarnath, Dist.-Thane, Maharashtra, Pin-421 502.

# AI ইন্টিগ্রেটেড ডিজিটাল মার্কেটিংয়ে ৬২,৯১২ নিয়োগ

১ পাতার পর

ডিজিটাল মার্কেটিংয়ে ৬,০০০ এর ওপর প্রফেশনালস নিয়োগ করেছেন তাঁরা। আর এই নিয়োগের বেশিরভাগ ছেলেমেয়েরাই ট্রেনিং নিয়েছে এই মুহূর্তেরাজ্যের অন্যতম সেরা স্কিলড প্রফেশনাল এডুকেশন ইনস্টিটিউশন" NIHT থেকে। আবার IBM এবছরের প্রথম ৮ মাসে এই বিভাগে ৮,০৩৮ জনকে চাকরি দিয়েছে — যাঁদের মধ্যে বেশিরভাগটাই ডিজিটাল ট্রেনিং নিয়েছে NIHT থেকে। এখানেই শেষ নয়। Digi Magia Pvt. Ltd. বা Comval IT Solutions Pvt. Ltd. বা Creek Club বা Blue Wave Media-র মতো কলকাতার প্রথম সারির একাধিক কোম্পানির রিক্রুটিং টিমের সাথে কথা বলে দেখা গেছে যে, তাদের নিয়োগের বেশিরভাগ প্রার্থীরাই এসেছে NIHT থেকে। আবার গত বছরের এই সময়ের রিক্রুটমেন্টের যা ট্রেন্ড একথা নিশ্চিতভাবে বলা যায় যে সামনের আগষ্ট থেকে ডিসেম্বরের মধ্যে কমবেশি রাজ্যের প্রায় ১৫০টির ওপর আইটি কোম্পানিতে ৬২,৯১২ জন 'ডিজিটাল প্রফেশনালস' এর নিয়োগ হবে। যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ করলে আবেদন করতে পারেন। গ্র্যাজুয়েটরাও আবেদনের জন্য যোগ্য। কীভাবে এই নিয়োগ হবে। এ ব্যাপারে আমরা যোগাযোগ করেছিলাম দেশ তথা রাজ্যের অন্যতম সেরা স্কিলড প্রফেশনাল এডুকেশন ইনস্টিটিউশন NIHT-র ডিজিটাল প্রোগ্রামের হেড অফ দ্যা ডিপার্টমেন্ট অংশুমান শেঠ-এর কাছে। অংশুমানের মতে, "একথা একদম সত্যি যে আজকের দিনে দাঁড়িয়ে স্কিলড প্রফেশনালস ছাড়া কোনো চাকরি নেই। অর্থাৎ এখন ডিগ্রি নয়। স্কিলের দরকার। তাই রিক্রুটারদের কাছে স্কিলড কর্মী সবচেয়ে বেশি গুরুত্ব পায়। যদি আপনার ভেতরে ঠিকঠাক স্কিল থাকে, তাহলে বড় বড় কোম্পানি আপনাকে ঘরে এসে চাকরি দিয়ে যাবে। আর যদি তা না থাকে, তাহলে আপনি যতই ট্যালেন্টেড হোন না কেন, কোথাও আপনি চাকরি পাবেন না। একটা জিনিস প্রথমেই পরিষ্কার বলা ভালো। ইন্টারভিউ বোর্ডে একমাত্র বন্ধু হতে পারে আপনার ভেতরের স্কিলড অ্যাটিটিউড — যা অন্য অনেকের থেকে চাকরি পেতে আপনাকে অনেকটাই এগিয়ে রাখবে। কেউ আপনাকে কোনো সুযোগ দেবে না। আপনাকে নিজেকেই সুযোগ তৈরি করে নিতে হবে। এখন আপনি ভাবতেই পারেন — কোম্পানিগুলির কাছে কেন স্কিলড প্রফেশনালস এর এত চাহিদা? কারণ কোনো কোম্পানি এখন আর ট্রেনিং দেওয়ার জন্য আলাদাভাবে খরচ করতে চায় না। তারা চায় তাদের চাহিদা মতো স্কিলড প্রফেশনালস — যে একসাথে একাধিক ডিপার্টমেন্ট সামলাতে পারবে। সোজা বাংলায়, কোম্পানি যে ক্যান্ডিডেট-এর মধ্যে এই গুন দেখতে পাবে, তাকেই সিলেক্ট করবে। অর্থাৎ, বেসিক কোয়ালিফিকেশন নয়, চাকরি পেতে গেলে এখন লাগবে কাস্টমাইজড স্কিলড কোয়ালিফিকেশন।" ঠিক কোথা থেকে এই ধরনের ট্রেনিং পাব? উত্তরে এইচওডি জানালেন, 'আমাদের রাজ্যে ডিজিটাল স্কিলস ডেভেলপমেন্ট ট্রেনিং প্রোভাইডার অনেকেই আছে। কিন্তু খুব কম সংখ্যক ইনস্টিটিউশন, এমপ্লয়ারের চাহিদা অনুযায়ী কাস্টমাইজড ট্রেনিং দেয়। আর ঠিক এইখানেই NIHT-র গুরুত্ব। এখানে শুধুমাত্র কোর্স করানো হয় না — কেরিয়ার তৈরি করা হয়।' এখানে ট্রেনিং নিতে হলে বেসিক কোয়ালিফিকেশন কী থাকা দরকার? যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েশন পাশ ছেলেমেয়েরা এখানকার ডিজিটাল জব ওরিয়েন্টেড ট্রেনিং নিতে পারবে। ২৫০টির বেশি কোম্পানি ডিজিটাল গ্রোথ বাড়াতে এই কোম্পানিকে নিয়োগ করে। ফলে স্বভাবতই এখানকার ছেলেমেয়েরা ওইসব কোম্পানিতে ভালো পে-প্যাকেজে প্লেসড হয়।

**এখানকার ট্রেনিং অন্যদের থেকে আলাদা কোথায়?**

উত্তরে কোম্পানির চিফ অপারেটিং অফিসার প্রদিত পাল জানালেন, "(১) এখানে শুধুমাত্র ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড ট্রেনিং দেওয়া-ই হয় না, এমপ্লয়ারের চাহিদা মতো প্রার্থীকে 'ট্রেনড প্রফেশনালস' হিসাবে তৈরি করে দেওয়া হয়। যাতে যেকোনো বড় কোম্পানিতে ভালো পে-প্যাকেজে সে তার কেরিয়ার শুরু করতে পারে। (২) এখানে রয়েছে ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড স্পেশাল ট্রেনিং মডিউল তথা Master Program in Digital Marketing — যা এখন দেশের মধ্যে অন্যতম ইউনিক ও ফিউচার-রেডি প্রোগ্রাম। এখানে Website Ranking, Organic Growth Strategy র পাশাপাশি শেখানো হয় Google Ads, Meta Ads আর YouTube Ads — যাতে এখানকার ট্রেনিরা খুব সহজেই বিভিন্ন প্ল্যাটফর্মের উপযোগী কন্টেন্ট বানাতে পারেন। (৩) এই স্পেশাল ট্রেনিং মডিউল (Master Program in Digital Marketing) অন্যদের থেকে অনেকটাই আলাদা। এখানে 'মাল্টিপারপাস স্কিলড প্রফেশনালস' হিসাবে ট্রেনিদের তৈরি করা হয়। অর্থাৎ, একমাত্র আমাদের এখানেই ট্রেনিরা একসাথে ৩টি বিষয় ট্রেনিং নিতে পারে — (A) Digital Marketing, (B) Content Creation (Graphics+Video Editing) ও (C) GenAI / Automation Expert. আর কোথাও এই সুবিধা নেই। ফলে স্বভাবতই এখান থেকে যাঁরা ট্রেনিং নেন, তাঁরা নূন্যতম ৩ গুণ বেশি ভালো প্রোডাক্টিভিটি দেয় — যা যেকোনো ভালো MNC কোম্পানিতে, শুরুতেই ভালো পে-প্যাকেজ নিয়ে, তাঁদের কেরিয়ার শুরু করতে সাহায্য করে। (৪) এই প্রতিষ্ঠানের অন্যতম একটি গুরুত্বপূর্ণ দিক হল — এটি শুধুমাত্র Google ও Meta'র পার্টনার প্রতিষ্ঠানই নয় — এখানে ছেলেমেয়েদের শেখানো হয় সম্পূর্ণ প্র্যাকটিক্যাল-বেসড ডিজিটাল মার্কেটিং — ঠিক যেভাবে একটি লাইভ ডিজিটাল মার্কেটিং এজেন্সি বাস্তবে কাজ করে। (৫) এখানকার ডিজিটাল প্রোগ্রামের সবচেয়ে বড় শক্তি হল Generative AI ও Agentic AI। এখানে ট্রেনিরা বিভিন্ন AI Tools ব্যবহার করে কনটেন্ট আইডিয়া জেনারেশন, কপি রাইটিং, অটোমেশন ও ডাটা অ্যানালাইসিস শেখে — যা বড় বড় MNC কোম্পানিতে ইন্টারভিউ ক্র্যাক করার সময় বিশেষভাবে কাজে লাগে। (৬) এটি একমাত্র প্রতিষ্ঠান যেখানে AI Integrated Digital Marketing শেখানো হয়। এছাড়াও, এখানকার ট্রেনিদের হাই-কোয়ালিটি ভিডিও কনটেন্ট মেকিং ও প্রফেশনাল মানের Instagram Reels ও YouTube Shorts বানানোর টেকনিক এমনভাবে শেখানো হয় — যা চাকরির বাজারে তাদের গুরুত্ব অনেকটাই বাড়িয়ে দেয়। (৭) রাজ্যের মধ্যে একমাত্র এখানেই ট্রেনিদের দেওয়া হয় Live Website Hosting Environment, যেখানে তারা নিজেরাই ওয়েবসাইট তৈরি করে, হাতে-কলমে কাজ করে আর বাস্তবভাবে Website Ranking Strategy, Google Tag Manager সেট-আপ, Facebook Pixel ও Conversion Tracking-এর মতো লাইভ ইন্ডাস্ট্রিয়াল টুল ব্যবহার করা শেখে — যা চাকরির বাজারে এখানকার ট্রেনিদের খুব ভালো মাইলেজ দেয়। (৮) একমাত্র এখানেই AI Agent কীভাবে তৈরি করা হয় তা শেখানো হয় — যা যেকোনো কোম্পানির কাছেই খুবই আকর্ষণীয়। কারণ আজকের দিনে দাঁড়িয়ে — 'AI Agent ক্রিয়েশন' — চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের গুরুত্ব কয়েকশো গুন বাড়িয়ে দেবে। ফলে তারা খুব সহজেই নিজের মনের মতো পে প্যাকেজ পেতে পারে। (৯) এছাড়াও এখানে রয়েছে একটি State-of-the-Art Studio, যেখানে ট্রেনিরা প্র্যাকটিক্যালভাবে কনটেন্ট তৈরি করতে পারে, 'লাইভ পডকাস্ট শুট' করতে পারে ও 'রিয়েল ইন্ডাস্ট্রি শুট' অংশ নিয়ে বাস্তব অভিজ্ঞতা অর্জন করে। ফলে এখানকার ছেলেমেয়েরা ডিজিটাল মার্কেটিংয়ের পাশাপাশি কনটেন্ট প্রোডাকশন ও ব্র্যান্ড কমিউনিকেশনের বাস্তব ধারণা পায় - যা অন্য কোথাও হয় না। (১০) এখানে ট্রেনিং-এর সময় এখানকার ছেলেমেয়েরা নিজের Digital Properties- যেমন ওয়েবসাইট, ক্যাম্পেইন, কনটেন্ট ও অটোমেশন সিস্টেম তৈরি করতে পারে — যা সে ইন্টারভিউয়ের সময় 'লাইভ প্রজেক্ট' হিসেবে দেখাতে পারে — যা রাজ্যের অন্য কোনো প্রতিষ্ঠানে নেই।

> **পূর্ব ভারতের অন্যতম সেরা প্রতিষ্ঠান যেখানে ৬ মাসের ট্রেনিংয়ে বছরে ৩,৬০,০০০ টাকা মাইনের গ্যারান্টিড চাকরি হচ্ছে। এখনো পর্যন্ত এখান থেকে চাকরি পেয়েছে ৬০,০০০**

**এখানকার ট্রেনিং নিলে ঠিক কী ধরনের মাইনে শুরুতেই পাওয়া যাবে?**

মার্কেটিং, অ্যাডভার্টাইজিং, ব্র্যান্ডিং ও ডিজিটাল মার্কেটিং ডোমেন-এর ২৬ বছরের অভিজ্ঞতা সম্পন্ন এই প্রতিষ্ঠানের এইচওডি অংশুমান শেঠ বললেন, "দেখুন আমাদের এখানে ইন্ডাস্ট্রি সেরা সেরা অভিজ্ঞ ট্রেনারদের দিয়ে বাস্তবসম্মতভাবে ছেলেমেয়েদের এমনভাবে তৈরি করে দেওয়া হয় — যাতে তারা দেশের যেকোনো বড় প্রতিষ্ঠানে যেকোনো সময় ইন্টারভিউ ক্র্যাক করতে পারবেই। এখানকার ছেলেমেয়েদের একটি বিশেষ গুণ ডেভেলপ করানো হয়। তাই খুব সহজেই মধ্যমানের মেধা নিয়ে একজন উচ্চমাধ্যমিক পাশ ছেলে-মেয়ে শুধুমাত্র এখানে ট্রেনিং নিয়ে, বছরে ৩,৬০,০০০ টাকা আকর্ষণীয় পে-প্যাকেজ পায়।" সাধারণ মানের উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা শুধুমাত্র এখানকার ট্রেনিং নিয়ে কিভাবে মাসে ৩০,০০০ টাকা স্যালারি পেতে পারে তা জানতে আজই যোগাযোগ করুন এই নম্বরে : 9830501515 / 9903622993 অথবা সরাসরি চলে আসুন এই ঠিকানায় : NIHT, Bhowanipore Campus, 1st Floor, 16C, Ashutosh Mukherjee Road, Near Home Land Mall, Kolkata - 700 020 বা NIHT, Ultadanga Campus, 3rd Floor, 161/1, CIT Road, CIT Scheme VII.M, Scheme 7, Kolkata - 700 054.

# ডাকবিভাগে ২৩,৭৫৭

১ পাতার পর

ভাতা পাবেন এইভাবে : ব্রাঞ্চ পোস্ট মাস্টার পদের বেলায় ১২,০০০-২৯,৩৮০ টাকা (৪ ঘন্টার জন্য)। অ্যাসিস্ট্যান্ট ব্রাঞ্চ পোস্ট মাস্টার / ডাক সেবক পদের বেলায় ১০,০০০-২৪,৪৭০ টাকা (৪ ঘন্টার জন্য)।

অঙ্ক ও ইংরিজি বিষয়ে পাশ নম্বর পেয়ে এক সুযোগে মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। উচ্চ শিক্ষাগত যোগ্যতার জন্য বাড়তি কোনো সুবিধা পাবেন না। রাজ্য সরকার, কেন্দ্রীয় সরকার, বিশ্ববিদ্যালয় বা, পর্ষদের স্বীকৃত কম্পিউটার ট্রেনিং ইনস্টিটিউট থেকে অন্তত ৬০ দিনের কম্পিউটারের বেসিক কোর্স পাশ হতে হবে। মাধ্যমিক বা, উচ্চমাধ্যমিকে যাঁদের কম্পিউটার একটি বিষয় হিসাবে ছিল, তাঁদের ওই সার্টিফিকেট কোর্স পাশ না হলেও যোগ্য। বয়স হতে হবে ১৯-৯-২০২৬'র হিসাবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। যে পোস্ট অফিসের অধীনে চাকরি করতে চান, সেই পোস্ট অফিসের এলাকার বাসিন্দা হতে হবে কিংবা চাকরি পাওয়ার ১ মাসের মধ্যে সংশ্লিষ্ট পোস্ট অফিসের অধীনের বাসিন্দা হওয়ার জন্য ডিক্লারেশন দিতে হবে। স্থানীয় ভাষায় দক্ষতা থাকতে হবে। সাইকেল চালাতে জানতে হবে। যাঁরা মোটর সাইকেল বা, স্কুটি চালাতে পারেন, তাঁরাও যোগ্য। শূন্যপদ : পশ্চিমবঙ্গে বাংলাভাষী প্রার্থীদের জন্য ১,৬১৯টি (জেনাঃ ৬৭২, ই.ডব্লু.এস. ১০৬, ও.বি.সি. ৩৬০, তফঃজাঃ ৩৫৪, তফঃউঃজাঃ ৯২, পি.ডব্লু.ডি.-এ ১১, পি.ডব্লু.ডি.-বি ১৩, পি.ডব্লু.ডি.-সি ৯, পি.ডব্লু.ডি.-ডি.ই. ২)। পশ্চিমবঙ্গে হিন্দি / ইংরিজিভাষী প্রার্থীদের জন্য ৩৮টি (জেনাঃ ১৯, ই.ডব্লু.এস. ৪, ও.বি.সি. ১০, তফঃউঃজাঃ ৩, পি.ডব্লু.ডি.-এ ১, পি.ডব্লু.ডি.-বি ১)। পশ্চিমবঙ্গে নেপালীভাষী প্রার্থীদের জন্য ৭টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তফঃজাঃ ৩, তফঃউঃজাঃ ১)। পশ্চিমবঙ্গে নেপালী / বাংলাভাষী প্রার্থীদের জন্য ১২টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৩, তফঃজাঃ ২)। পশ্চিমবঙ্গে নেপালী/ ভুটিয়া / গুরুং/ লেপচা/ রাই/ শেরপা/ তামাং আর ইংরিজিভাষী প্রার্থীদের জন্য ৮৬টি (জেনাঃ ৪২, ই.ডব্লু.এস. ৯, ও.বি.সি. ২১, তফঃজাঃ ২, তফঃউঃজাঃ ৯, পি.ডব্লু.ডি.-এ ১, পি.ডব্লু.ডি.-বি ১, পি.ডব্লু.ডি.-ডি.ই. ১)।

পশ্চিমবঙ্গের শূন্যপদের মধ্যে কোন জেলায় ক'টি : আসানসোল -১১৯টি, বাঁকুড়া - ৯৩টি, বারাসাত-৮৫টি, ব্যারাকপুর-৩৪টি, বারুইপুর-১৯৬টি, বীরভূম-৭৫টি, বর্ধমান-১০০টি, কাঁথি -৮২টি, কোচবিহার -৫৫টি, দক্ষিণ দিনাজপুর -৫৫টি, দার্জিলিং-১৫টি, হুগলি উত্তর -৪৮টি, হুগলি দক্ষিণ -৩৪টি, হাওড়া-১০১টি, জলপাইগুড়ি - ৭০টি, কলকাতা এ.পি.এস.টি.জি.-১টি, কলকাতা ইস্ট -১০টি, কলকাতা নর্থ -২, মালদা-২৪টি, মেদিনীপুর-১২১টি, মুর্শিদাবাদ-১০৯টি, নদিয়া নর্থ -৪৭টি, নদিয়া সাউথ -৭৮টি, পুরুলিয়া -৮৩টি, আর.এম.এস. -এস.বি- ১টি, আর.এম.এস.-এস.জি.-১৯টি, আর.এম.এস. -ডব্লু.বি-১৯টি, সিকিম -৮৬টি, সাউথ কলকাতা - ২টি, তমলুক -৪৭টি, উত্তর দিনাজপুর -২৭টি, আন্দামান-৩৮টি।

কোন ডিভিশনের অধীন কোন পোস্ট অফিসে ক'টি শূন্যপদ তার তালিকা ওয়েবসাইটে পাবেন কিংবা সংশ্লিষ্ট ডিভিশন অফিসে পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : 17-12/2026-GDS dated 20th, August, 2026.

প্রাথমিকভাবে প্রার্থী বাছাই হবে মেধার ভিত্তিতে। এজন্য দরখাস্ত খুঁটিয়ে দেখা হবে। মাধ্যমিকের প্রতিটি বিষয়ে পাওয়া ও মোট নম্বরের ভিত্তিতে মোট শূন্যপদের কয়েকগুণ প্রার্থীকে নিয়ে প্রথম পর্যায়ের মেধা তালিকা তৈরি হবে। এরপর ওই তালিকা থেকে আবার শর্ট লিস্ট করা হবে। তখন যাবতীয় প্রমাণপত্র ভেরিফিকেশন করা হবে। তারপর লিখিত পরীক্ষা বা, টেস্টের জন্য ডাকা হবে। সব শেষে হবে ইন্টারভিউ।

মেধা তালিকা তৈরির সময় উচ্চ শিক্ষাগত যোগ্যতার জন্য বাড়তি কোনো নম্বর পাবেন না। জেনারেল, তপশিলী জাতি, তপশিলী উপজাতি, ও.বি.সি. আর মহিলাদের জন্য আলাদা মেধা তালিকা তৈরি হবে। মেধা তালিকায় প্রার্থীর নম্বর একই হলে সিনিয়রিটির ভিত্তিতে জন্ম-তারিখ দেখে অগ্রাধিকার দেওয়া হবে। দরখাস্ত করার সময় ৫টি পোস্ট অফিসের নাম প্রেফারেন্স হিসাবে উল্লেখ করতে হবে। মেধা তালিকায় নাম থাকলে প্রার্থীদের প্রভিশনাল মেধা তালিকা এস.এম.এস. করে জানানো হবে। এছাড়াও মনোনীত প্রার্থীদের তালিকা ওয়েবসাইটে দেওয়া হবে। দরখাস্ত করবেন অনলাইনে, ১৯ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : https://indiapost.gov.in/gdsonlineengagement অনলাইনে দরখাস্ত করার আগে এইসব প্রমাণপত্র জে.পি.জি. বা, জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন : (১) মাধ্যমিক পাশের মার্কশীট (২০০ কে.বি.'র মধ্যে), (২) মাধ্যমিক পাশের মার্কশীট (কেউ এক চান্সে পাশ না করে দ্বিতীয় চান্সে পাশ করে থাকলে, তার সার্টিফিকেট) (২০০ কে.বি.'র মধ্যে), (৩) মাধ্যমিক পাশের মার্কশীট (কেউ দ্বিতীয় চান্সে পাশ না করে তৃতীয় চান্সে পাশ করে থাকলে, তার সার্টিফিকেট) (২০০ কে.বি.'র মধ্যে), (৪) কম্পিউটার সার্টিফিকেট (২০০ কে.বি.'র মধ্যে), (৫) কাস্ট সার্টিফিকেট (২০০ কে.বি.'র মধ্যে), (৬) পাশপোর্ট মাপের রঙিন ফটো (২০০×২৩০ পিক্সেলে, ৫০ কে.বি.'র মধ্যে), (৭) সিগনেচার (২০০×২৩০ পিক্সেলে, ৫০ কে.বি.'র মধ্যে), (৮) প্রতিবন্ধী সার্টিফিকেট (২০০ কে.বি.'র মধ্যে)।

এছাড়াও বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে নাম রেজিস্ট্রেশন করতে হবে। তখন রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাবেন। একজন প্রার্থী একটিই দরখাস্ত করবেন।

এরপর পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা অনলাইনে জমা দেবেন। টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধী, রূপান্তরকামী ও মহিলাদের কোনো ফী লাগবে না। এরপর ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় স্ক্যান করা প্রমাণপত্র আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। কোন পোস্ট অফিসে ক'টি শূন্যপদ আছে, তার তালিকা সংশ্লিষ্ট পোস্টের ডিভিশন অফিসে কিংবা ওপরের ওই ওয়েবসাইটে পাবেন। দরখাস্ত এডিট করতে পারবেন ২৩ সেপ্টেম্বর থেকে ২৪ সেপ্টেম্বর পর্যন্ত।

# ২৬ অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার

নিজস্ব সংবাদদাতা, ম্যাঙ্গালোর : ম্যাঙ্গালোর রিফাইনারি অ্যান্ড পেট্রোকেমিক্যালস লিমিটেড 'অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার' পদে ২৬ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

কেমিক্যাল : কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, কেমিক্যাল টেকনোলজি, পেট্রোকেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা, পেট্রোকেমিক্যাল টেকনোলজির ডিগ্রি (বি.ই., বি.টেক বা, বি.এসসি. ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ১৫টি (জেনাঃ ৮, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৩, তফঃজাঃ ১, তফঃউঃজাঃ ২)।

মেক্যানিক্যাল : মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই., বি.টেক বা, বি.এসসি. ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৮টি (ও.বি.সি. ৪, তফঃজাঃ ৩, তফঃউঃজাঃ ১)।

ইলেক্ট্রিক্যাল : ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই., বি.টেক বা, বি.এসসি. ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৩টি (ও.বি.সি. ১, তফঃজাঃ ১, তফঃউঃজাঃ ১)।

ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ১৯-৯-২০২৬'এর হিসাবে ২৭ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। সব ক্ষেত্রে ২০২৬ সালের 'গেট' পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে। মূল মাইনে : ৫০,০০০-১,৬০,০০০ টাকা।

প্রার্থী বাছাই হবে 'গেট' পরীক্ষায় পাওয়া স্কোর দেখে। মোট শূন্যপদের ৫ গুণ প্রার্থীকে এরপর গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৯ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.mrpl.co.in / careers এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো, সিগনেচার, 'গেট' স্কোর কার্ড ও কাস্ট সার্টিফিকেট স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১১৮ টাকা অনলাইনে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

কর্মসংস্থান
বিজ্ঞাপনের জন্য
সরাসরি যোগাযোগ
✆: 9830795430

# জিজ্ঞাসা

সাম্প্রতিক তথ্যে ভরা

*চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।*

*এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এই নম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।*

## পাব্লিক সার্ভিসের

■ *২০২৬ সালের মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষার ফর্ম পূরণ করেছিলাম। পরীক্ষা কবে হবে? — সজল জানা, শ্যামপুর, হাওড়া।*

■■ ২০২৪ সালের মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলি. পরীক্ষা হবে ৪ অক্টোবর। ২০২৫ সালের মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার বিজ্ঞপ্তি এখনো বেরোয়নি। ২০২৬ সালের পরীক্ষা হতে অনেক দেরি।

■ *পি.এস.সি. ক্লার্কশিপ'এর বিজ্ঞপ্তি এবছর বেরোবে কি? — গণেশ বিশ্বাস, বাদু বাজার, মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা।*

■■ হ্যাঁ, বেরোবে। সম্ভবত ক্লার্কশিপ পার্ট-ওয়ানের বিজ্ঞপ্তি সেপ্টেম্বরে বেরোবে। পরীক্ষা হবে ডিসেম্বর মাস নাগাদ।

■ *২০২৫ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষার বিজ্ঞপ্তি কবে বেরোবে? প্রিলিমিনারি পরীক্ষা কবে হবে? — সন্দীপ মাহাতো, পুরুলিয়া।*

■■ হ্যাঁ, ২০২৫ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষার বিজ্ঞপ্তি শিগগিরই বেরোচ্ছে। সম্ভবত প্রিলিমিনারি পরীক্ষা হবে এবছর নভেম্বর মাস নাগাদ।

## টেট / সি-টেট

■ *'টেট' ও 'সি-টেট' পরীক্ষার সিলেবাস কি একই? এই দুই পরীক্ষার মধ্যে পার্থক্য কি? সি-টেট পাশ করলে কি 'টেট'এর সমতুল হওয়া যায়? দুটি পরীক্ষা কি প্রতি বছরই হয়? — পারেল দাস, হুগলি। প্রতিমা মাজি, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

■■ কেন্দ্রীয় সরকারি স্কুল বা, বিদ্যালয়ের চাকরির জন্য 'সি-টেট' পরীক্ষায় সফল হতে হয়। এই পরীক্ষা নিয়ে থাকে 'সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন'। 'সি-টেট' নেওয়া হয় প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত স্কুলের জন্য (পেপার-।) আর ষষ্ঠ শ্রেণি থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত স্কুলের জন্য (পেপার-।।)। একই প্রার্থী দু'টি যোগ্যতা থাকলে দু'টি পরীক্ষাই দিতে পারেন। 'সি-টেট' পরীক্ষা বছরে দু'বার হয়। 'সি-টেট' কোয়ালিফাই করলে সার্টিফিকেট আজীবন বৈধ থাকে।

'টেট বা, টিচার্স এলিজিবিলিটি টেস্ট' নেওয়া হয় সব রাজ্যের প্রাথমিক ও উচ্চপ্রাথমিক স্কুলে শিক্ষক-শিক্ষিকা নিয়োগের জন্য। পশ্চিমবঙ্গে প্রথম শ্রেণি থেকে চতুর্থ শ্রেণি পর্যন্ত স্কুলের জন্য 'টেট' নিয়ে থাকে পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ। আর পঞ্চম থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত স্কুলের বেলায় আপার প্রাইমারি 'টেট' দিতে হয়। 'সি-টেট' ও 'টেট' এই দুই পরীক্ষার সিলেবাস এন.সি.টি.ই.'র নিয়মানুযায়ী হয়। দুটি পরীক্ষার সিলেবাস একই। নিচে দেওয়া হল : প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত স্কুলের বেলায় ১৫০ নম্বরের ১৫০টি মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) চাইল্ড ডেভেলপমেন্ট অ্যান্ড পেডাগগি- ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (২) প্রথম ল্যাঙ্গোয়েজ পেপার-৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৩) দ্বিতীয় ল্যাঙ্গোয়েজ পেপার - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৪) অঙ্ক-৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৫) এনভায়রণমেন্টাল স্টাডিজ - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন।

ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত স্কুলের বেলায় ১৫০ নম্বরের ১৫০টি মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) চাইল্ড ডেভেলপমেন্ট অ্যান্ড পেডাগগি - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (২) প্রথম ল্যাঙ্গোয়েজ পেপার -৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৩) দ্বিতীয় ল্যাঙ্গোয়েজ পেপার - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৪) অঙ্ক ও বিজ্ঞান (অঙ্ক ও বিজ্ঞান বিষয়ের শিক্ষক হতে হলে)-৬০ নম্বরের ৬০টি প্রশ্ন,/(৫) সোশ্যাল স্টাডিজ /সোশ্যাল সায়েন্স (সোশ্যাল স্টাডিজ বা, সোশ্যাল সায়েন্সের শিক্ষক হতে হলে) - ৬০ নম্বরের ৬০টি প্রশ্ন। 'সি-টেট' যেহেতু সর্বভারতীয় ভিত্তিতে হয়, তাই 'টেট'এর থেকে তুলনামূলকভাবে একটু প্রশ্নের ধরন আলাদা হয়। বর্তমান রাজ্য সরকার আগেই ঘোষণা করেছে, শিক্ষক নিয়োগের একটিই পরীক্ষা হতে পারে। সেক্ষেত্রে রাজ্যের 'টেট' হবে কিনা তা নিয়ে সংশয় হয়। সরকার চায় সর্বভারতীয় ভিত্তিতে একটিই পরীক্ষা হোক। যাঁরা 'সি-টেট' পাশ করেছে, তাঁদের রাজ্যে প্রাইমারি টিচার পদের জন্য যোগ্য করা হবে। রাজ্য সরকার চায় 'টেট'এর প্রশ্নের ধরন 'সি-টেট'এর মতোই হোক। তাই 'টেট' পাশ করার প্রতিযোগিতাও বেশি হবে।

## পুলিশে চাকরির

■ *রাজ্য সরকার পরীক্ষার বয়স ৫ বছর বাড়িয়েছে আগামী ২ বছরের জন্য। এই নিয়ম কি পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের ক্ষেত্রে প্রযোজ্য? — রাজু পাল, নদিয়া।*

■■ হ্যাঁ, রাজ্য সরকারের সব পদের বেলায়ই আগামী বছর ২ বছরের জন্য ৫ বছর বয়স বাড়ানো হয়েছে।

## প্রাইমারির

■ *প্রাইমারি 'টেট'এর পরীক্ষা এবছরের শেষের দিকে হবে কি? আপার প্রাইমারি 'টেট' কবে হতে পারে? রেলের এন.টি.পি.সি. ক্যাটেগরির জন্য নতুন বিজ্ঞপ্তি এবছর বেরোবে কি? — আরিফ আনোয়ার, লালগোলা, মুর্শিদাবাদ।*

■■ প্রাইমারি 'টেট' ও আপার প্রাইমারি 'টেট'এর বিজ্ঞপ্তি এবছরের শেষের দিকে বেরোনোর সম্ভাবনা আছে। পরীক্ষা হতে পরের বছর। অন্যদিকে, রেলের এন.টি.পি.সি. ক্যাটেগরির নতুন বিজ্ঞপ্তি এবছরের শেষের দিকে বেরোবে।

## স্কুল সার্ভিসের

■ *কর্মরত শিক্ষকদের 'টেট' পরীক্ষা কবে হবে? — রামকৃষ্ণ দে।*

■■ এখনো সরকারিভাবে বিজ্ঞপ্তি বেরোয়নি, যে কর্মরত শিক্ষক-শিক্ষিকাদের 'টেট' দিতে হবে। তবে সুপ্রিম কোর্ট রায় দিয়েছে কর্মরত শিক্ষক-শিক্ষিকাদের 'টেট' দিয়ে সফল হতে হবে। বিজ্ঞপ্তি কবে বেরোবে তা এখনো ঠিক হয়নি।

■ *স্কুল সার্ভিসের গ্রুপ-সি ও গ্রুপ-ডি পদের ফল কবে বেরোবে? — সৈকত ঘোষাল, বাগনান, হাওড়া। চন্দন সাহানা। সজল জানা, জয়পুর, শ্যামপুর, হাওড়া। দয়াময় দাস, বোলপুর, বীরভূম।*

■■ ফল পুজোর আগে বেরোবে।

■ *স্কুল সার্ভিসের মাধ্যমে এবছর লাইব্রেরিয়ান পদের বিজ্ঞপ্তি বেরোবে কি? — শঙ্কর সাহা, পতিরাম, দক্ষিণ দিনাজপুর।*

■■ এবছর বিজ্ঞপ্তি বেরোনোর সম্ভাবনা কম।

# ব্যবসা

# অল্প পুঁজিতে কৃত্রিম মুক্তো চাষে মাসে কয়েক হাজার টাকা আয়

সুলুক সন্ধান দিচ্ছেন ক্ষুদ্র শিল্পোদ্যোগী অরূপ মন্ডল

সোনার মতো স্বর্ণালী আভা কিংবা হীরের মতো দ্যুতি না থাকলেও মহিলাদের কাছে মুক্তোর গয়নার আকর্ষণ কম নয়। কম দাম ও নিরাপত্তার কারণে এখন হালফ্যাশনের মুক্তোর গয়নায় নিজেদের সাজাতে পছন্দ করেন। মুক্তো দু'ধরনের — প্রাকৃতিক ও কৃত্রিম উপায়ে চাষ করা মুক্তো। প্রাকৃতিক উপায়ে ঝিনুকের ভেতরে কোনো কিছু যেমন, বালি, পোকা ইত্যাদি ঢুকে গেলে তার উপর ক্ষরিত রস বা, ন্যাকার জমতে থাকে। এইভাবে প্রলেপ পড়েই মুক্তো সৃষ্টি হয়। তবে ঝিনুকের মধ্যে এ ধরনের মুক্তো পাওয়া সত্যিই কঠিন। বাজারে যেসব মুক্তো দেখা যায় তার সিংহভাগ মুক্তো কৃত্রিম উপায়ে তৈরি মুক্তো। ইদানীং আবার প্লাস্টিক প্রক্রিয়াকরণ করে মুক্তা তৈরি হয়। এগুলি 'ঝুটো মুক্তো'।

কৃত্রিম মুক্তো চাষ বাড়ির আশেপাশের ছোট পুকুরে বা, ছাদের চৌবাচ্চায় করা যায়। বাণিজ্যিকভাবে করতে চাইলে পুকুরে চাষ করতে হবে।

**পুকুরের পরিবেশ :** ভালোভাবে পুকুরে মুক্তো চাষ করতে হলে তার মাপ হওয়া দরকার ৫০ ফুট / ২০ ফুট। পর্যাপ্ত সূর্যালোক ও পারিপার্শ্বিক পরিবেশের স্বাভাবিক তাপমাত্রা থাকা দরকার। পুকুরে যথেষ্ট পরিমাণে শ্যাওলা, জলজ উদ্ভিদ থাকতে হবে। ঝিনুকের জন্য বাইরে থেকে কোনো খাদ্য দেওয়া হয় না। জলজ উদ্ভিদ খেয়ে ঝিনুকের বাড়বাড়ন্ত হয়। তবে ঝিনুকের বৃদ্ধির জন্য জলে কম্পন বা, আন্দোলন থাকা জরুরি। কম্পন মেশিন দিয়ে জল ঘুরিয়ে কম্পন তৈরি করা যায়।

**ঝিনুক সংগ্রহ :** পুকুর, নদী, নালা, ডোবা থেকে ঝিনুক জোগাড় করতে পারেন। ঝিনুকের দাম ১-২ টাকা। কোন ঝিনুক কাজে লাগবে সেটা বিশেষজ্ঞের কাছ থেকে জেনে নিতে হবে। সাধারণত ৩ - ৫ বছর বয়সের ৯.৫ থেকে ১২.৫ সেমি মাপের মিষ্টি জলের ঝিনুকে মুক্তো চাষ হয়। ঝিনুকের গায়ের রেখা দেখে বয়স বুঝে নিতে হয়।

**মুক্তো চাষের সময় :** সাধারণত বেশি শীতে ঝিনুকের দেহ নিঃসৃত রস কম হয় বলে ওই সময় চাষের পক্ষে ভালো নয়। এছাড়াও প্রজনন সময়ে ঝিনুক শারীরিকভাবে দুর্বল থাকে বলে এই সময়ও উপযুক্ত নয়। ফলে, মুক্তো চাষের উপযুক্ত সময় বসন্তকাল। জলের তাপমাত্রা ২০° থেকে ৩০° সেলসিয়াস পর্যন্ত মুক্তো চাষের উপযোগী। জলে নির্ধারিত ঝিনুক ছাড়ার পর মুক্তো পেতে সময় লাগে বছরখানেক।

**মুক্তোর কৃত্রিম উৎপাদন ব্যবস্থাপনা :** কৃত্রিম উপায়ে সাধারণত ২টি উপায়ে মুক্তো চাষ হয়। প্রথমত, শুধুমাত্র অন্য ঝিনুকের মাংসপেশীর টুকরো ঢোকানো। দ্বিতীয় প্রথা এই সঙ্গে একটি কাচের শক্ত পুঁতি (বিটস) জাতীয় কিছু ঢোকান। এটিই সহজ ও সুবিধাজনক উপায়।

**উপকরণ :** পরীক্ষিত জলাশয় (পুকুর / চৌবাচ্চা), ঝিনুক, বিটস (পুঁতি/





শাঁখের গুড়ো) ও টিস্যু।

**যন্ত্রপাতি :** ঝিনুক ধরার যন্ত্র, ছুরি, বাকা সূচযুক্ত দণ্ড, গুটিকা স্থাপন যন্ত্র, ঝিনুক খোলার যন্ত্র, চিমটা, কাঁচি, পেশি কাটার ছুরি, কাঁচের নিরীক্ষণ পাত্র, কাচের স্লাইড, ছোট কাঠের গোঁজ ও ঝিনুকের টিস্যু পরিষ্কারের জন্য কাঠের ফলক।

**ওষুধ :** ইওসিন, মেন্থল, মারকিউরিওক্রম, নিওসপোরিন, বেটনেসোল এন।

**পর্যায়ক্রমিক পদ্ধতি :** (ক) পুকুর থেকে স্বাস্থ্যবান ও উপযুক্ত মাপের ঝিনুক সংগ্রহ করতে হবে, (খ) সংগৃহীত ঝিনুক পরিষ্কার করে হাঁড়িতে জলের মধ্যে ২ ঘন্টা রাখতে হবে, (গ) পরে ঝিনুকগুলি আবার জলে পরিষ্কার করে একটি জল ভরতি ট্রেতে এমনভাবে সাজিয়ে রাখতে হবে, যাতে ঝিনুক খোলা ফাঁক করতে পারে, (ঘ) একটি পাতলা কাপড়ের টুকরোর অতি সামান্য পরিমাণ মেন্থল বেঁধে ঝিনুকসহ ট্রেতে ডুবিয়ে রাখতে হবে, (ঙ) কোশ সংস্থাপনের জন্য যে ঝিনুক (Donor mussel) থেকে কোশ সংগ্রহ করতে হবে, সেইসব ঝিনুককে মেন্থলবিহীন পরিষ্কার জলে রাখতে হবে। স্থাপন কাজের জন্য কলা (টিস্যু) দানকারী ঝিনুক থেকে ম্যান্টলের লম্বা ফালি কেটে তাকে ছোট ছোট টুকরো করতে হবে। শুধুমাত্র টিস্যু টুকরো করার জন্য এর আকৃতি ২ - ৩ মিমি বেশি হবে না। (চ) এরপর তৈরি করা টিস্যুর টুকরোগুলি একটি আয়তকার কাচ খণ্ডের ওপর রেখে টুকরোগুলিকে ব্যবহার উপযোগী করার জন্য ২ - ৩ ফোঁটা ইওসিন প্রয়োগ করতে হবে। এই অবস্থায় টুকরোগুলি একটা ছোট কাচের বাটি দিয়ে ঢাকা দিতে হবে যাতে টুকরোগুলি জলশূন্য না হয়। এইভাবে তৈরি করা টুকরোগুলি যত শিগগির সম্ভব ব্যবহার করুন, সময়ের ব্যবধান ৩০ মিনিটের বেশি হওয়া চলবে না, (ছ) খোলক খোলার যন্ত্র (Shell Valve Opener) দিয়ে ঝিনুকে বিটস (পুঁতি/ শাঁখের গুড়ো) ও টিস্যুর টুকরো স্থাপন করবেন। তারপর খোলক খুলুন ও একটা কাঠের গোঁজ ঝিনুকের খোলা অংশে এমনভাবে ঢোকান, যাতে খোলক বন্ধ না হয়। লক্ষ্য রাখতে হবে যেন খোলার ফাঁক ১.৫ সেমির বেশি না হয়। এবার ঝিনুকটিকে ঝিনুক ধারক যন্ত্রে দৃঢ়ভাবে আটকে রাখতে হবে। ঝিনুক ধারকে অবস্থানকালে একটি বাঁকা সূঁচযুক্ত দণ্ডর মাধ্যমে ঝিনুকটির সামনের দিকে বা, গর্তের কাছে খুব সতর্কভাবে একটি ছোট ছিদ্র করতে হবে। এটা যেন খুব বড়ো না হয়, বড়ো হলে বিটস ঢোকালে তা বেরিয়ে আসতে পারে। এই ছিদ্রে গুটিকা স্থাপন যন্ত্র (নিউক্লিয়ার কেরিয়ার) দ্বারা বিটস স্থাপন করতে হবে। ছিদ্র বন্ধ করার পর ওই জায়গায় এক ফোঁটা বেটনোসোল - এন প্রয়োগ করতে হবে, (জ) এবারে ঝিনুক ধারক যন্ত্র থেকে ঝিনুকটি বের করে খোলক থেকে কাঠের গোঁজ খুলে দিন। বিটস ও টিস্যুর টুকরো স্থাপিত ঝিনুকটি জলে পরিষ্কার করে একটা হাঁড়িতে এক রাত জলে ডুবিয়ে রাখুন। এরপর আগের পদ্ধতিতে জোগাড় করা সব ঝিনুকের ওপর প্রয়োগ করুন। পরের দিন ঝিনুকগুলি আবার পুকুরের মধ্যে বাঁশের খাঁচায় ঘেরা ঘরের মধ্যে রাখুন। ঠিক একমাস বাদে ওই ঝিনুকগুলি পর্যবেক্ষণ করে দেখতে হবে, যেসব ঝিনুকে মুক্তোর থলি জন্মায়নি সেইসব ঝিনুককে আবার বিটস ও টিস্যুর টুকরো ঢোকাতে হবে। মুক্তো তৈরি হতে সময় লাগে সাধারণভাবে এক থেকে দেড় বছর। মুক্তো তৈরির পর জল থেকে ঝিনুকগুলি তুলে অস্ত্রোপচার করে মুক্তো বার করে নির্দিষ্ট মাপে কাটতে হবে ও পালিশ করে ফিনিশিং করতে হবে। অস্ত্রোপচার ও পরের প্রক্রিয়া নির্দিষ্ট পদ্ধতি মেনে করতে হবে।

**সতর্কতা :** (১) মুক্তো চাষে পুকুরের জল সবসময় দূষণ মুক্ত রাখতে হবে, (২) জলের উর্বরতা বাড়াতে জৈব সার প্রয়োগ করতে হবে, (৩) জলের ২০° - ২৫° সেন্টিগ্রেড উষ্ণতায় বিটস স্থাপনের সবথেকে ভালো সময়, (৪) ঝিনুকের মৃত্যুহার কমাতে হলে জলের উষ্ণতা ১০° সেন্টিগ্রেডের নীচে নামানো বা, ৩২° সেন্টিগ্রেডের ওপরে উঠতে দেওয়া চলবে না, (৫) কীট-পতঙ্গ ও শত্রুর আক্রমণের ব্যাপারে সজাগ দৃষ্টি রাখতে হবে।

**বিনিয়োগ ও লাভ :** মাত্র ১০,০০০ - ২০,০০০ টাকার পুঁজিতে কৃত্রিমভাবে মুক্তো চাষ করতে পারেন। উৎপাদিত মুক্তো বিভিন্ন জুয়েলারি সংস্থা কিনে নেয়। পাইকারি বাজার কলকাতা ক্যানিং স্ট্রিট, নিউমার্কেট ও বিভিন্ন হস্ত শিল্পমেলা। রফতানি সংস্থার মাধ্যমে বিদেশে রফতানি করতে পারেন। পন্য বেচে ২০% - ৩০% লাভ করা যায়।

**ট্রেনিং :** বিষয়টি পুরোপুরি টেকনিক্যাল হওয়ায় হাতে-কলমে ট্রেনিং নেওয়া খুব জরুরি। সরকারি সহায়তায় বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থার উদ্যোগে এই ধরনের ট্রেনিং দেওয়া হয়।


### মিষ্টি জলে মাছের সঙ্গে ঝিনুক চাষ

**সরকারি উদ্যোগে মিষ্টি জলের মাছের সঙ্গে মুক্তো চাষে উৎসাহ দেওয়া হচ্ছে। এই ব্যবসা খুব লাভজনক। এই প্রকল্পে ব্যাঙ্ক ঋণ দেয়। নদিয়া জেলার কুলিয়ায় পশ্চিমবঙ্গ সরকারের মৎস্য দফতরের মৎস্য গবেষণা কেন্দ্র, বিজ্ঞান ও প্রযুক্তি নিগম আর গ্রাম উন্নয়ন সহায়তার উদ্যোগে এই ধরনের নিখরচায় ট্রেনিং দেওয়া হয়। বিশেষজ্ঞরা জানান আগামী দিনে এই শিল্পে ব্যাপক কর্মসংস্থানের সুযোগ আছে।**

## মিসলেনিয়াস স্পেশাল

### পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে

# মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি



পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে ২০২৪ সালের মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষার দরখাস্ত নেওয়া হয়েছে। প্রার্থী বাছাইয়ের প্রিলিমিনারি পরীক্ষা হবে ৪ অক্টোবর। এই পরীক্ষায় জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিকের ২০০ নম্বরের ১টি পেপার থাকবে। মোট দেড় ঘণ্টার অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে। অ্যারিথমেটিক গ্রুপের মাধ্যমিক মানের ৫০ নম্বরের ২৫টি আর জেনারেল স্টাডিজ পেপারে জেনারেল নলেজের ১৫০ নম্বরের ৭৫টি প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ৫০টি প্রশ্নোত্তর তৈরি করেছেন প্রতিযোগিতামূলক পরীক্ষার বিশেষজ্ঞ শুভ ঘোষ।

1. মৌর্য রাজবংশের ইতিহাস জানার সর্বাপেক্ষা শ্রেষ্ঠ উপাদান কোনটি?
(A) মুদ্রারাক্ষস (B) দেবীচন্দ্রগুপ্তম (C) অর্থশাস্ত্র (D) ন্যাচারাল হিস্টোরিকা

2. গৌতম বুদ্ধের পূর্বজন্মের ইতিহাস জানা যায় কোন বৌদ্ধ গ্রন্থ থেকে?
(A) বিনয় পিটক (B) সুত্ত পিটক (C) অঙ্গুত্তর নিকায় (D) জাতক

3. সংসদে পাব্লিক অ্যাকাউন্ট কমিটির চেয়ারম্যান কে মনোনীত করেন?
(A) লোকসভার স্পিকার (B) প্রধানমন্ত্রী (C) রাষ্ট্রপতি (D) উপরাষ্ট্রপতি

4. কততম লোকসভার মেয়াদকাল 6 বছর স্থায়ী ছিল?
(A) 5 তম লোকসভা (B) 6 তম লোকসভা (C) 7 তম লোকসভা (D) 11 তম লোকসভা

5. যুগ্ম তালিকার ধারণা কোন দেশের সংবিধান থেকে গ্রহণ করা হয়েছে?
(A) মার্কিন যুক্তরাষ্ট্র (B) রাশিয়া (C) অস্ট্রেলিয়া (D) কানাডা

6. ভারতীয় সংবিধানের কোন অনুচ্ছেদে মৌলিক কর্তব্য বর্ণিত হয়েছে?
(A) 35 (B) 36 (C) 51(A) (D) 47(A)

7. নিচের কোন সাম্রাজ্য প্রথম বঙ্গোপসাগর থেকে আরব সাগর পর্যন্ত সীমানা বিস্তার করেছিল?
(A) নন্দ (B) সাতবাহন (C) মৌর্য (D) গুপ্ত

8. ভারতের কোন রাষ্ট্রপতি ট্রেড ইউনিয়ন আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলেন?
(A) ভি.ভি. গিরি (B) নিলাম সঞ্জীবা রেড্ডি (C) কে. আর. নারায়ণ (D) জাকির হোসেন

9. আবুল ফজলের 'আকবরনামা' লিখতে কত বছর সময় লেগেছিল?
(A) 5 (B) 7 (C) 9 (D) 3

10. জৌনপুর রাজ্যের শেষ সম্রাট কে ছিলেন?
(A) মহম্মদ শাহ (B) হুসেইন শাহ (C) মুবারক শাহ (D) ইব্রাহিম শাহ

11. 'Father of Judicial Service' বলা হয় কোন ব্রিটিশ গভর্নর কে?
(A) লর্ড কর্নওয়ালিস (B) লর্ড ক্লাইভ (C) ওয়ারেন হেস্টিংস (D) লর্ড রিপন

12. জাতীয় কংগ্রেসের প্রথম অধিবেশনের সম্পাদক কে ছিলেন?
(A) উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় (B) জর্জ ইয়ুল (C) ফিরোজ শাহ মেহেতা (D) অ্যালান অক্টাভিয়ান হিউম

13. প্রাকৃতিক রবার গাছের কোন অংশ থেকে পাওয়া যায়?
(A) গাছের ছাল (B) ফল (C) গাছের মূল (D) তরুক্ষীর

14. নিচের কোনটি একটি খরিফ ফসলের উদাহরণ?
(A) ধান (B) রাগি (C) কাঙ্গোরা (মিলেট জাতীয়) (D) সবগুলিই

15. নিচের রাজ্যগুলির মধ্যে কোন রাজ্যের উপকূলরেখার দৈর্ঘ্য সর্বাধিক?
(A) ওড়িশা (B) তামিলনাড়ু (C) কর্ণাটক (D) পশ্চিমবঙ্গ

16. নিচের কোন প্রাণীর পাঁজরের সংখ্যা সবথেকে বেশি?
(A) কুমীর (B) রেবিস (C) উড়ন্ত স্তন্যপায়ী (D) সাপ

17. নেকটন হল —
(A) জলে ভাসমান জীব (B) জলে সন্তরণশীল জীব (C) জলে নিমজ্জমান জীব (D) জলে নিমজ্জমান উদ্ভিদ

18. মানবদেহের কোন টিস্যুটি শরীরের 79তম অঙ্গ?
(A) মেসেনট্রি (B) এডিনয়েডস (C) কোলন (D) তালবা

19. মানবদেহে প্রয়োজনীয় শক্তির প্রায় 70% শক্তির জোগান দেয়—
(A) অ্যামাইনো অ্যাসিড (B) ফ্যাট (C) প্রোটিন (D) কার্বোহাইড্রেট

20. নিচের কোন রোগটি প্রোটিনের অভাবে ঘটে?
(A) পেলেগ্রা (B) রিকেট (C) কোয়াশিওরকর (D) রেটিনোব্লাস্টোমা

21. বুলেট প্রুফ গ্লাস তৈরি করতে কোন পলিমার ব্যবহার করা হয়?
(A) হাইপটাল (B) পলিমিথাইল মেথাক্রাইলেট (C) টেফলন (D) PVC

22. কোন কণার সঙ্গে ইলেক্ট্রনের প্রকৃতির মিল পাওয়া যায়?
(A) পজিট্রন (B) বিটা কণা (C) ফোটন (D) মেসন

23. আধুনিক পর্যায়সারণির কোন শ্রেণিতে হ্যালোজেন মৌলদের রাখা হয়েছে?
(A) 16 (B) 18 (C) 17 (D) 13

24. 'ব্যারোমিটার' কে আবিষ্কার করেন?
(A) ইটরিসেলি (B) ওয়াল্টার রিড (C) উইলিয়াম হার্সেল (D) উইলিয়াম ষ্টানলিং

25. নিচের কোন পদের শপথ গ্রহণের কথা বলা হয়নি?
(A) রাষ্ট্রপতি (B) উপরাষ্ট্রপতি (C) প্রধানমন্ত্রী (D) লোকসভার স্পিকার

26. কোন বইতে মহম্মদ বিন বকতিয়ার খিলজির বিহার আক্রমণ সম্পর্কে বিস্তর বর্ণনা রয়েছে?
(A) তারিখ-ই-হিন্দ (B) তবাকৎ-ই-নাসিরি (C) তাজউল-মাসির (D) তারিখ-ই-মুবারক

27. ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি ভারতের কোথায় তাদের প্রথম বাণিজ্য কুঠি নির্মাণ করে?
(A) হুগলি (B) মুর্শিদাবাদ (C) সুরাত (D) মুসলিপত্তনম

28. নিচের কোন গভর্নর জেনারেল কে 'Heaven Born General' বলা হয়?
(A) ফ্রান্সিস ডুপ্লে (B) লর্ড ডালহৌসি (C) রবার্ট ক্লাইভ (D) আলবুকার্ক

29. কত সালে ভারতের রাজধানী কলকাতা থেকে দিল্লিতে স্থানান্তরিত করা হয়েছিল?
(A) 1911 (B) 1915 (C) 1905 (D) 1937

30. কোন কারাগারে থাকার সময়, জওহরলাল নেহরু 'Discovery of India' বইটি লিখেছিলেন?
(A) আলিপুর জেল (B) আহমেদনগর ফোর্ট জেল (C) মান্দালয় (D) ইয়ারভাদা জেল

31. কোন রাজনৈতিক দল 'ভারত ছাড়ো' আন্দোলনকে সমর্থন করেনি?
(A) হিন্দু মহাসভা (B) কমিউনিস্ট পার্টি অফ ইন্ডিয়া (C) দ্য ইউনিয়নিস্ট পার্টি অফ পঞ্জাব (D) সবকটিই

32. নিচের কোন বিপ্লবী কাকোরি ট্রেন অ্যাকশনের সঙ্গে যুক্ত ছিলেন না?
(A) আশফাকুল্লা খান (B) রোশন সিং (C) রাজেন্দ্র লাহিড়ী (D) ভগৎ সিং

33. নিচের কোন ব্যক্তিত্ব দ্বিতীয় গোল টেবিল বৈঠকে অংশগ্রহণ করেননি?
(A) মহাদেব দেশাই (B) প্যেরেলাল নায়ার (C) মদনমোহন মালব্য (D) জওহরলাল নেহরু

34. 2011 সালের জনগণনা অনুযায়ী কোন রাজ্যে শতকরা সর্বাধিক তপশিলী উপজাতি মানুষের বসবাস?
(A) অরুণাচল প্রদেশ (B) ওড়িশা (C) মিজোরাম (D) ঝাড়খণ্ড

35. পুকুরের মধ্যে একটি পাথর ছুঁড়লে, জলের উপরিতলে যে তরঙ্গ সৃষ্টি হয় তা হল —
(A) অনুদৈর্ঘ্য (B) তির্যক (C) অনুদৈর্ঘ্য ও তির্যক (D) কোনোটিই নয়

36. যদি একটি নির্দিষ্ট পরিমাণ রোধের মধ্যে দিয়ে প্রবাহিত তড়িতের পরিমাণ দ্বিগুণ করা হয়, তাহলে উৎপন্ন তাপের পরিমাণ —
(A) দ্বিগুণ হবে (B) চারগুণ হবে (C) ছয়গুণ হবে (D) আটগুণ হবে

37. কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্যমন্ত্রীদের নিয়োগ করেন কে?
(A) প্রধানমন্ত্রী (B) লেফটেন্যান্ট গভর্নর (C) রাষ্ট্রপতি (D) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি

38. যদি একটি সংখ্যাকে 63 দিয়ে ভাগ করা হয়, 4 ভাগশেষ থাকবে। যদি সংখ্যাটির ঘনফলকে 9 দিয়ে ভাগ করা হয়, তাহলে কত ভাগশেষ থাকবে?
(A) 1 (B) 0 (C) 8 (D) 4

39. 0.312 = ?
(A) $\frac{312}{999}$ (B) $\frac{104}{333}$ (C) $\frac{281}{900}$ (D) $\frac{43}{60}$

40. $\frac{3}{8}, \frac{3}{5}, \frac{2}{3}, \frac{1}{2}$ এদের মধ্যে বৃহত্তম কোনটি?
(A) $\frac{2}{3}$ (B) $\frac{3}{5}$ (C) $\frac{1}{2}$ (D) $\frac{3}{8}$

41. ধূমপান বিরোধী প্রচারের ফলে প্রতি বছর ধূমপায়ীর সংখ্যা $6\frac{1}{4}$% হারে হ্রাস পায়। বর্তমানে কোনো শহরে 33,750 জন ধূমপায়ী থাকলে, 3 বছর আগে ওই শহরে কতজন ধূমপায়ী ছিল?
(A) 40960 (B) 40000 (C) 48960 (D) 53600

42. $x + \frac{1}{x} = 1$ হলে $x^{206} + x^{205} + x^{204} + x^{201}$ = কত?
(A) 0 (B) 1 (C) −1 (D) 2

43. একটি বৃত্তের ব্যাসার্ধের দৈর্ঘ্য 13 সেন্টিমিটার ও বৃত্তটির একটি জ্যা-এর দৈর্ঘ্য 10 সেন্টিমিটার, তাহলে কেন্দ্র থেকে জ্যা-এর দূরত্ব কত সেন্টিমিটার?
(A) 8 (B) 16 (C) 12 (D) 15

44. x : y = 3 : 5 হলে (4x+3y) : (5x−y) = ?
(A) 7 : 5 (B) 27 : 10 (C) 27 : 12 (D) 29 : 7

45. A ও B একটি কাজ 8 দিনে করতে পারে, B ও C একই কাজ 12 দিনে করে, সবাই মিলে কাজটি 6 দিনে করতে পারে, তাহলে A ও C একসঙ্গে কাজটি কত দিনে শেষ করবে?
(A) 8 (B) 10 (C) 12 (D) 20

46. A, B ও C যথাক্রমে 3 কিলোমিটার, 4 কিলোমিটার, 5 কিলোমিটার প্রতি ঘণ্টা বেগে হেঁটে যায়, যদি তারা একদিন P স্থান থেকে যথাক্রমে 1PM, 2PM ও 3PM যাত্রা শুরু করে ও যখন B-এর সঙ্গে A-এর সাক্ষাৎ হয়, B একটি বার্তা দিয়ে A-কে P স্থানের দিকে ফেরত পাঠায়, C কখন সেই বার্তাটি পাবে A-এর থেকে?
(A) 4.15 PM (B) 5.50 PM (C) 5.15 PM (D) 6.30 PM

47. তিনটি সংখ্যা অনুপাত 2 : 3 : 4 ও তাদের গ.সা.গু 12, তাদের ল.সা.গু নির্ণয় করুন।
(A) 144 (B) 192 (C) 96 (D) 72

48. A, 2000 টাকা দিয়ে একটি ব্যবসা শুরু করে, 2 দিন পর B ওই ব্যবসায় 3,000 টাকা নিয়োজিত করে। ব্যবসা শুরুর 10 দিন পর লাভের পরিমাণ লভ্যাংশের অনুপাতে ভাগ করে নিলে লভ্যাংশের অনুপাত কত?
(A) 5 : 6 (B) 6 : 5 (C) 5 : 4 (D) 2 : 3

49. a = 36, b = 36, c = 37 হলে, $a^3 + b^3 + c^3 - 3abc$ = কত?
(A) 0 (B) 1 (C) 218 (D) 109

50. 10টি সংখ্যার গড় 7, যদি প্রতিটি সংখ্যাকে 12 দিয়ে গুণ করা হয়, তাহলে সংখ্যাগুলির নতুন গড় কত হবে?
(A) 7 (B) 19 (C) 82 (D) 84

## উত্তর

1(C). 2(D). 3(A). 4(A). 5(C). 6(C). 7(C). 8(A). 9(B). 10(B). 11(C). 12(D). 13(D). 14(D). 15(B). 16(D). 17(B). 18(A). 19(D). 20(C). 21(B). 22(B). 23(C). 24(A). 25(D). 26(B). 27(C). 28(C). 29(A). 30(B). 31(D). 32(D). 33(D). 34(C). 35(C). 36(B). 37(C).


38(A). $N = 63P + 4$. $N^3 = (63P + 4)^3 = (63P)^3 + 3(63P)^2 \cdot 4 + 3 \cdot 63P \cdot 4 + 64 = (63P)^3 + 3 \cdot (63P)^2 \cdot 4 + 3 \cdot 63P \cdot 4 + 64 = (63P)^3 + 3 \cdot (63P)^2 \cdot 4 + 3 \cdot 63P \cdot 4 + 63 + 1$. ∴ ভাগশেষ = 1.

39(C). $0.31\dot{2} = \frac{0312 - 31}{900} = \frac{281}{900}$

40(A). $\frac{3}{8} = 0.375$. $\frac{3}{5} = 0.60$. $\frac{2}{3} = .66..$ $\frac{1}{2} = 0.5$

41(A). $33750 = A\left(1 - \frac{25}{4 \times 100}\right)^3$. $33750 = A \times \left(\frac{15}{16}\right)^3$. A = 40960.

42(A). $x + \frac{1}{x} = 1$. $\frac{x^2+1}{x} = 1$. $x^2 + x + 1 = 0$. $(x^3 + 1) = (x + 1)(x^2 - x + 1)$. $x^3 + 1 = 0$. Now, $x^{206} + x^{205} + x^{204} + x^{201} \cdot x^{205}(x^3 + 1) + x^{201}(x^3 + 1) = 0 + 0 = 0$.

43(C). 

AP = 5 cm. OC = 13 cm. OP = $\sqrt{(13)^2 - (5)^2}$ = 12 cm.

44(B). x : y = 3 : 5. ∴ ধরি, x = 3, y = 5. (4x + 3y) : (5x − y). (12 + 15) : (15 − 5). 27 : 10.

45(A).
AB 8 → 24 ← 3
BC 12 → 24 ← 2
ABC 6 → 24 ← 4

C এর ক্ষমতা = 1. A এর ক্ষমতা = 2. A ও C করবে = $\frac{24}{3}$ = 8 দিন।

46(C). 1 ঘণ্টায় A যায় 3 km. ∴ B, A এর সঙ্গে দেখা করবে = $\frac{3}{(4-3)}$ = 3 hr পর (5 PM). ∴ অর্থাৎ P থেকে 3 × 4 = 12 km পর (PR). P —10— Q —2— R 5 PM-এ AC আছে OQ বিন্দুতে = PQ = 10 km. ∴ A ও C সাক্ষাৎ হবে = $\frac{QR}{(3+5)} = \frac{2}{8} = \frac{1}{4}$ = 15 মি. ∴ 5 : 15 PM.

47(A). 2 | 2, 3, 4 — 1, 3, 2. ল.সা.গু = 12 (2 × 3 × 2) = 144.

48(A). 2000 × 10 : 3000 × 8. 20 : 24. 5 : 6.

49(D). $a^3 + b^3 + c^3 - 3abc = \frac{1}{2}(a + b + c) \cdot ((a - b)^2 + (b - c)^2 + (c - a)^2) = \frac{1}{2}(36 + 36 + 37)(0 + 1 + 1) = 109$.

50(D). 7 × 12 = 84.

## ইসরোতে ১৭২

১ পাতার পর

সায়েন্স)' পদে ১৭২ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**সায়েন্টিস্ট / ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রনিক্স)** : ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা. বি.টেক.) কোর্স পাশরা মোট অন্তত ৬৫% নম্বর পেয়ে থাকলে আবেদনের যোগ্য। শূন্যপদ : ৯৯টি। পোস্ট কোড : BE001.

**সায়েন্টিস্ট / ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল)** : মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা. বি.টেক.) কোর্স পাশরা মোট অন্তত ৬৫% নম্বর পেয়ে থাকলে আবেদনের যোগ্য। শূন্যপদ : ৫২টি। পোস্ট কোড : BE002.

**সায়েন্টিস্ট / ইঞ্জিনিয়ার (কম্পিউটার সায়েন্স)** : কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা. বি.টেক.) কোর্স পাশরা মোট অন্তত ৬৫% নম্বর পেয়ে থাকলে আবেদনের যোগ্য। শূন্যপদ : ২১টি। পোস্ট কোড : BE003.

ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ১৬-৯-২০২৬'র হিসাবে ২৮ বছরের মধ্যে। মূল মাইনে : ৫৬,১০০ টাকা। এই পদের বিজ্ঞপ্তি নং : ISRO:ICRB:03 (EMC) : 2026, Dated: 27-08-2026.

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। ১০০ নম্বরের পরীক্ষায় থাকবে এইসব বিষয় : (১) ৮০ নম্বরের ৮০টি প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয়ের ওপর। সময় থাকবে ৯০ মিনিট। (২) ২০ নম্বরের ১৫টি প্রশ্ন হবে — রিজনিং, ডায়াগ্রামাটিক রিজনিং, অ্যাবসট্র্যাক্ট রিজনিং ও ডিডাক্টিভ রিজনিং। সময় থাকবে ৩০ মিনিট। সফল হলে মোট শূন্যপদের ৫ গুণ প্রার্থীকে ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৬ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.isro.gov.in এজন্য একটি বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও ফটো, সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দেওয়ার পর নাম রেজিস্ট্রেশন করবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ৭৫০ টাকা অনলাইনে জমা দেবেন। অনলাইনে জমা দেবেন ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। মহিলা, তপশিলী, প্রাক্তন সমরকর্মী ও প্রতিবন্ধীদেরও ৭৫০ টাকা জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। পরীক্ষা দেওয়ার পর তপশিলী, মহিলা, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মীরা পুরো টাকা (৭৫০) ফেরৎ পাবেন আর সাধারণ প্রার্থীরা ৫০০ টাকা ফেরৎ পাবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

# চাকরির টুকরো খবরাখবর

## ইউ.পি.এস.সি.'র সেন্ট্রাল আর্মড ফোর্সের পরীক্ষা

ইউ.পি.এস.সি.'র ২০২৬ সালের সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সেস (CAPF) লিখিত পরীক্ষা হবে ১৯ জুলাই। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.upsc.gov.in

## স্টেট ব্যাঙ্কের অ্যাপ্রেন্টিস পদের মেধা তালিকা বেরোল

স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার অ্যাপ্রেন্টিস ট্রেডের যে অনলাইন টেস্ট ১১ জুলাই হয়েছিল, তার মেধা তালিকা পাবেন এই ওয়েবসাইটে : https://sbi.bank.in

## রিজার্ভ ব্যাঙ্কের অফিসার পদের ফল বেরোল

রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার অফিসার গ্রেড-বি (ডি.আর.) পদের যে ফেজ-।। পরীক্ষা ২৫ ও ২৬ জুলাই হয়েছিল, তার ফল বেরিয়েছে। সফলদের এরপর ইন্টারভিউ হবে। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https://opportunities.rbi.org.in

## পি.এন.বি.'র কম্পিউটার বেসড টেস্ট

পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের বিজ্ঞপ্তি নং 9/2024-এর লোকাল ব্যাঙ্ক অফিসার পদের কম্পিউটার বেসড টেস্ট হবে ৬ সেপ্টেম্বর। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : https://pnb.bank.in

## রেলের এন.টি.পি.সি. ক্যাটেগরির পরীক্ষা

ভারতীয় রেলের বিভিন্ন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের এন.টি.পি.সি. (আন্ডার গ্র্যাজুয়েট)'এর সি.বি.টি.-২ পরীক্ষা হবে ১৭ সেপ্টেম্বর। এন.টি.পি.সি.'র গ্র্যাজুয়েট লেভেল'এর টাইপিং স্কিল টেস্ট হবে ২৪ সেপ্টেম্বর। এন.টি.পি.সি. ক্যাটেগরি লেভেল সি.বি.এ.টি. পরীক্ষা হবে ৩০ সেপ্টেম্বর। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন সংশ্লিষ্ট

# সাধারণ জ্ঞান

### সাধারণ বিজ্ঞান

১। পাক-ই-স্তানের প্রথম চন্দ্র রোভারের নাম কী — জিন্নাহ্-১ (চাঁদের দক্ষিণ মেরুতে গবেষণার জন্য ২০২৯ সালের মধ্যে নিজেদের তৈরি এই রোভার পাঠানোর প্রস্তুতি নিচ্ছে পাক-ই-স্তান)।

২। কোন নক্ষত্রটিকে আকাশগঙ্গা বা মিল্কিওয়ে গ্যালাক্সির এযাবৎকালের দ্রুততম সুরক্ষিত কক্ষপথের নক্ষত্র হিসাবে শনাক্ত করেছেন বিজ্ঞানীরা — এস৩০১ (এটি প্রতি সেকেন্ডে প্রায় ২৫,০০০ কিলোমিটার বা ঘণ্টায় প্রায় ৯ কোটি কিলোমিটার বেগে স্যাজিটেরিয়াস এ* কৃষ্ণগহ্বরকে প্রদক্ষিণ করছে, যা আলোর গতির প্রায় ৮%)।

৩। কোন আকরিকটিতে লোহার পরিমাণ সর্বাধিক — ম্যাগনেটাইট (ম্যাগনেটাইটে সাধারণত ওজনের ভিত্তিতে প্রায় ৭০% লোহা থাকে)।

৪। বর্জ্য পদার্থ যদি পানীয় জলের উৎসকে দূষিত করে, তবে কোন রোগটি ছড়াবে — টাইফয়েড।

৫। জলাপায়ী প্রাণীদের ক্ষেত্রে রেচনে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে — বৃক্ক।

### ইতিহাস

৬। অশোকের শিলালিপিগুলির মধ্যে কোনটিতে 'অশোক' নামটি উল্লেখ করা হয়েছে — মাস্কি শিলালিপি।

৭। কোন রাজবংশকে মূলত মুদ্রার অধ্যয়নের ভিত্তিতে চিহ্নিত করা হয়েছে — কুষাণ।

৮। ভারতের কোন রাজ্যে প্রাচীন বাণিজ্য কেন্দ্র 'ভারুকচ্ছ' অবস্থিত — গুজরাত।

৯। কোন মোগল শাসকের প্রশাসনে মুসলমানদের তুলনায় হিন্দু মনসবদারের সংখ্যা বেশি ছিল — ঔরঙ্গজেব।

১০। দাক্ষিণাত্য অঞ্চলে গেরিলা যুদ্ধের পথিকৃৎ হিসাবে কাকে অভিহিত করা হয় — মালিক আম্বর।

### ভূগোল

১১। ভারতের প্রাচীনতম পর্বতমালা কোনটি — আরাবল্লী।

১২। সিয়াচেন হিমবাহের গলিত জল কোন নদীটির প্রধান উৎস — নুব্রা।

১৩। ভারতে শুষ্ক কৃষি ব্যাপকভাবে চর্চা করা হয় কোন অঞ্চলে — দাক্ষিণাত্য মালভূমি।

১৪। যোগ বা গেরোসোপ্পা জলপ্রপাতের নতুন নাম কী — মহাত্মা গান্ধী জলপ্রপাত।

১৫। আরাকান-ইয়োমা (হিমালয়ের একটি পর্বতশ্রেণি) কোথায় অবস্থিত — মায়ানমার।

সঙ্কলক : পলি দেওয়ান

## গ্রামীণ ব্যাঙ্কে কয়েক হাজার ক্লার্ক

১ পাতার পর

ব্যাঙ্কের মধ্যে পশ্চিমবঙ্গ-সহ উত্তর-পূর্বাঞ্চলে নিয়োগ হবে এইসব ব্যাঙ্কে : (১) পশ্চিমবঙ্গ গ্রামীণ ব্যাঙ্ক, (২) পশ্চিমবঙ্গের উত্তরবঙ্গ ক্ষেত্রীয় গ্রামীণ ব্যাঙ্ক, (৩) পশ্চিমবঙ্গ বঙ্গীয় গ্রামীণ বিকাশ ব্যাঙ্ক, (৪) অসম গ্রামীণ বিকাশ ব্যাঙ্ক, (৫) বিহার গ্রামীণ ব্যাঙ্ক, (৬) ঝাড়খণ্ড গ্রামীণ ব্যাঙ্ক, (৭) লাঙপী দেহাঙ্গী গ্রামীণ ব্যাঙ্ক, (৮) মধ্য বিহার গ্রামীণ ব্যাঙ্ক, (৯) মণিপুর গ্রামীণ ব্যাঙ্ক, (১০) মেঘালয় গ্রামীণ ব্যাঙ্ক, (১১) ত্রিপুরা গ্রামীণ ব্যাঙ্ক, (১২) ওড়িশার উৎকল গ্রামীণ ব্যাঙ্ক, (১৩) উত্তর বিহার গ্রামীণ ব্যাঙ্ক, (১৪) ছত্তিশগড় রাজ্য গ্রামীণ ব্যাঙ্ক, (১৫) ওড়িশা গ্রাম্য ব্যাঙ্ক। কারা কোন পদের জন্য যোগ্য:

**অফিস অ্যাসিস্ট্যান্ট (মাল্টিপারপাস)** : যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এছাড়াও যে রাজ্যের ওই ব্যাঙ্কের শূন্যপদের জন্য দরখাস্ত করবেন সেই রাজ্যের স্থানীয় ভাষায় দক্ষতা থাকতে হবে। কম্পিউটারে কাজ করার মতো জ্ঞান থাকলে ভালো হয়।

**অফিসার স্কেল -। (অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার)** : যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। অ্যাগ্রিকালচার, হর্টিকালচার, ফরেস্ট্রি, অ্যানিম্যাল হাজবেন্ড্রি, ভেটেরিনারি সায়েন্স, অ্যাগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, পিসিকালচার, অ্যাগ্রিকালচারাল মার্কেটিং অ্যান্ড কো-অপারেশন, ইনফর্মেশন টেকনোলজি, ম্যানেজমেন্ট, ল, ইকনমিক্স অ্যান্ড অ্যাকাউন্ট্যান্সি বিষয়ের গ্র্যাজুয়েট হলে অগ্রাধিকার পাবেন। এছাড়াও যে রাজ্যের ওই ব্যাঙ্কের শূন্যপদের জন্য দরখাস্ত করবেন সেই রাজ্যের স্থানীয় ভাষায় দক্ষতা থাকতে হবে। কম্পিউটারে কাজ করার মতো জ্ঞান থাকলে অতিরিক্ত যোগ্যতা হিসাবে ধরা হবে।

**অফিসার স্কেল-।। (জেনারেল ব্যাঙ্কিং অফিসার) (ম্যানেজার)** : মোট অন্তত ৫০% নম্বর পেয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা যোগ্য। ব্যাঙ্কিং, ফিনান্স, মার্কেটিং, অ্যাগ্রিকালচার, হর্টিকালচার, ফরেস্ট্রি, অ্যানিম্যাল হাজবেন্ড্রি, ভেটেরিনারি সায়েন্স, অ্যাগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, পিসিকালচার, অ্যাগ্রিকালচারাল মার্কেটিং অ্যান্ড কো-অপারেশন, ইনফর্মেশন টেকনোলজি, ম্যানেজমেন্ট, ল, ইকনমিক্স অ্যান্ড অ্যাকাউন্ট্যান্সি বিষয়ের গ্র্যাজুয়েট হলে অগ্রাধিকার পাবেন। কোনো ব্যাঙ্ক বা, আর্থিক প্রতিষ্ঠানে অফিসার হিসাবে অন্তত ২ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**অফিসার স্কেল-।। স্পেশালিস্ট অফিসার (ম্যানেজার) পদে নেওয়া হবে এইসব শাখায় :**

**ইনফর্মেশন টেকনোলজি অফিসার** : ইলেক্ট্রনিক্স, কমিউনিকেশন, কম্পিউটার সায়েন্স, ইনফর্মেশন টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। এ.এস.পি., পি.এইচ.পি., সি++, জাভা, ভি.বি., ভি.সি., ও.সি.পি. ইত্যাদি বিষয়ের সার্টিফিকেট থাকলে ভালো হয়। অন্তত ১ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট** : ইনস্টিটিউট অফ চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অফ ইন্ডিয়া থেকে সার্টিফায়েড অ্যাসোসিয়েট (সি.এ.) কোর্স পাশ হলে আর ১ বছরের অভিজ্ঞতা থাকলে আবেদনের যোগ্য।

**ল অফিসার** : মোট অন্তত ৫০% নম্বর পেয়ে আইনের ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। কোনো আর্থিক বা,ব্যাঙ্কিং সেক্টরে ল অফিসার হিসাবে অন্তত ২ বছর আর অ্যাডভোকেট হিসাবে ২ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**ট্রেজারি অফিসার** : ফিনান্স শাখায় এম.বি.এ. কোর্স পাশ হলে যোগ্য। ইনস্টিটিউট অফ চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অফ ইন্ডিয়া থেকে সার্টিফায়েড অ্যাসোসিয়েট (সি.এ.) কোর্স পাশ হলেও যোগ্য। সব ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**মার্কেটিং অফিসার** : মার্কেটিং নিয়ে এম.বি.এ. কোর্স পাশরা যোগ্য। অন্তত ১ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

'অফিস অ্যাসিস্ট্যান্ট' পদের বেলায় বয়স হতে হবে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-৯-১৯৯৮ থেকে ১-৯-২০০৮'এর মধ্যে। 'অফিসার স্কেল-।' পদের বেলায় বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-৯-১৯৯৬ থেকে ১-৯-২০০৮'এর মধ্যে। 'অফিসার স্কেল-।।' পদের বেলায় বয়স হতে হবে ২১ থেকে ৩২ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-৯-১৯৯৪ থেকে ১-৯-২০০৫'এর মধ্যে। সব ক্ষেত্রে বয়স গুণতে হবে ১-৯-২০২৬'র হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করবে ইনস্টিটিউট অফ ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (IBPS) । Recruitment of Officers (Scale I, II & III) and Office Assistants (Multipurpose) in Regional Rural Banks (RRBs)-CRP RRBs XV'এর মাধ্যমে। পরীক্ষা হবে অনলাইনে, নভেম্বর-ডিসেম্বরে। অফিস অ্যাসিস্ট্যান্ট (মাল্টিপারপাস) ও অফিসার স্কেল-। পদের বেলায় প্রথমে প্রিলিমিনারি পরীক্ষা হবে। তারপর হবে মেন পরীক্ষা।

অফিসার স্কেল-।। (জেনারেল ব্যাঙ্কিং অফিসার) ও অফিসার স্কেল-।। (স্পেশালিস্ট অফিসার) পদের বেলায় একটিই পরীক্ষা হবে, ডিসেম্বর-জানুয়ারিতে।

সব পদের বেলাতেই পরীক্ষা হবে এইসব কেন্দ্রে : পশ্চিমবঙ্গের বেলায় — কলকাতা, শিলিগুড়ি, কল্যাণী, হুগলি, দুর্গাপুর, বহরমপুর, বর্ধমান, আসানসোল, (২) ত্রিপুরার বেলায় — আগরতলা। (৩) ওড়িশার বেলায় — বালাসোর, ভুবনেশ্বর, কটক, সম্বলপুর, বহরমপুর (গঞ্জাম), ঢেঙ্কানল, রৌরকেলা। (৪) অসমের বেলায় — গুয়াহাটি, শিলচর, ডিব্রুগড়, জোড়হাট, কোকরাঝাড়, তেজপুর। (৫) বিহার রাজ্যের বেলায় — পাটনা, ভাগলপুর, মজঃফরপুর, দ্বারভাঙা, পূর্ণিয়া, সমস্তিপুর, ঔরঙ্গাবাদ, আড়, বিহারশরিফ। (৬) ঝাড়খণ্ড রাজ্যের বেলায় — রাঁচী, ধানবাদ, জামশেদপুর, বোকারো, হাজারিবাগ। (৭) মণিপুর রাজ্যের বেলায় — ইম্ফল। (৮) মেঘালয় রাজ্যের বেলায় — শিলং ও রি-ভই। যে রাজ্যের শূন্যপদের জন্য দরখাস্ত করবেন সেই রাজ্যে পরীক্ষা দিতে হবে।

অফিস অ্যাসিস্ট্যান্ট (মাল্টিপারপাস) পদের বেলায় প্রিলিমিনারি পরীক্ষায় ৮০ নম্বরের ৮০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে: (১) রিজনিং - ৪০ নম্বর, (২) নিউমেরিক্যাল এবিলিটি - ৪০ নম্বর। সময় থাকবে ৪৫ মিনিট ও প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর।

অফিসার স্কেল-। পদের বেলায় প্রিলিমিনারি পরীক্ষায় ৮০ নম্বরের ৮০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে: (১) রিজনিং - ৪০ নম্বর, (২) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড-৪০ নম্বর। সময় থাকবে ৪৫ মিনিট ও প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর।

মেন পরীক্ষায় 'অফিস অ্যাসিস্ট্যান্ট (মাল্টিপারপাস)' পদের বেলায় ২০০ নম্বরের ২০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) রিজনিং - ৫০ নম্বরের ৪০টি প্রশ্ন, (২) নিউমেরিক্যাল এবিলিটি - ৫০ নম্বরের ৪০টি প্রশ্ন, (৩) জেনারেল অ্যাওয়ারনেস - ৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, (৪) ইংলিশ/ হিন্দি ল্যাঙ্গোয়েজ - ৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, (৫) কম্পিউটার নলেজ -২০ নম্বরের ৪০টি প্রশ্ন। সময় থাকবে ২ ঘণ্টা।

মেন পরীক্ষায় 'অফিসার স্কেল-।' পদের বেলায় ২০০ নম্বরের ২০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) রিজনিং - ৫০ নম্বরের ৪০টি প্রশ্ন, (২) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড-৫০ নম্বরের ৪০টি প্রশ্ন, (৩) জেনারেল অ্যাওয়ারনেস - ৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, (৪) ইংলিশ/ হিন্দি ল্যাঙ্গোয়েজ - ৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, (৫) কম্পিউটার নলেজ - ২০ নম্বরের ৪০টি প্রশ্ন। সময় থাকবে ২ ঘণ্টা। মেন পরীক্ষার ফল বেরোবে অক্টোবর-নভেম্বরে।

'অফিসার স্কেল-।। (জেনারেল ব্যাঙ্কিং অফিসার)' পদের বেলায় শুধুমাত্র একটিই পরীক্ষা হবে। এই পরীক্ষায় ২০০ নম্বরের ২০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) রিজনিং - ৫০ নম্বরের ৪০টি প্রশ্ন, (২) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড অ্যান্ড ডাটা ইন্টারপ্রিটেশন-৫০ নম্বরের ৪০টি প্রশ্ন, (৩) ফিনান্সিয়াল অ্যাওয়ারনেস - ৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, (৪) ইংলিশ/ হিন্দি ল্যাঙ্গোয়েজ - ৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, (৫) কম্পিউটার নলেজ -২০ নম্বরের ৪০টি প্রশ্ন। সময় থাকবে ২ ঘণ্টা।

'অফিসার স্কেল-।। (স্পেশালিস্ট অফিসার)' পদের বেলায়ও একটিই পরীক্ষা হবে। এই পরীক্ষায় ২০০ নম্বরের ২৪০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) রিজনিং - ৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, (২) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড অ্যান্ড ডাটা ইন্টারপ্রিটেশন-৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, (৩) ফিনান্সিয়াল অ্যাওয়ারনেস -৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, (৪) ইংলিশ/ হিন্দি ল্যাঙ্গোয়েজ - ২০ নম্বরের ৪০টি প্রশ্ন, (৫) কম্পিউটার নলেজ - ২০ নম্বরের ৪০টি প্রশ্ন, (৬) প্রফেশনাল নলেজ - ৪০ নম্বরের ৪০টি প্রশ্ন। সময় থাকবে ২ ঘণ্টা। কল লেটার ডাউনলোড করতে পারবেন সেপ্টেম্বরে।

ইন্টারভিউ হবে জানুয়ারি-ফেব্রুয়ারিতে। অফিস অ্যাসিস্ট্যান্ট ও অফিসার পদের বেলায় মেন পরীক্ষায় সফল হলেই প্রভিশনাল অ্যালোটমেন্ট হবে আগামী বছর ফেব্রুয়ারি-মার্চে। পরীক্ষার সময় সঙ্গে আনবেন এইসব প্রমাণ পত্র : (১) মূল কল লেটার, (২) ফটো আইডেন্টিটি কার্ড হিসাবে প্যান কার্ড, পাসপোর্ট, ড্রাইভিং লাইসেন্স, ভোটার কার্ড, ব্যাঙ্ক পাসবুক (ফটো সহ) আর গেজেটেড অফিসারের দেওয়া ফটো -সহ কোনো প্রমাণ পত্রের মূল ও প্রত্যয়িত জেরক্স, (৩) টাকা জমা দেওয়ার ই-রিসিপ্ট।

অফিসার স্কেল -। পদের বেলায় তপশিলী, সংখ্যালঘু, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের প্রী এক্সামিনেশন ট্রেনিং হবে, অফিসার স্কেল-।'পদের বেলায় নভেম্বরে।

ট্রেনিং হবে কলকাতা, পাটনা, রাঁচী, আগরতলা, বহরমপুর, বর্ধমান, কোচবিহার, কটক ইত্যাদি শহরে। এজন্য দরখাস্তের নির্দিষ্ট কলামে উল্লেখ করবেন।

দরখাস্ত করবেন অনলাইনে, ১ সেপ্টেম্বর থেকে ২১ সেপ্টেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.ibps.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে ফটো, সিগনেচার ও লেফট থাম্ব ইমপ্রেশন স্ক্যান করে নেবেন। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাবেন, যা নিজের কাছে যত্ন করে রেখে দেবেন। তখন সিস্টেম জেনারেটেড অনলাইন অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ অফিসার স্কেল -। ও অফিসার স্কেল-।। পদের বেলায় ৮৫০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ১৭৫) আর অফিস অ্যাসিস্ট্যান্ট (মাল্টিপারপাস) পদের বেলায় ৮৫০ (তপশিলী, প্রাক্তন সমরকর্মী ও প্রতিবন্ধী হলে ১৭৫) টাকা মাস্টার বা, ভিসা ডেবিট কার্ড (রুপে, ভিসা, মাস্টার কার্ড, মায়েস্ট্রো), ক্রেডিট কার্ড বা, ইন্টারনেট ব্যাঙ্কিং, আই.এম.পি.এস., ক্যাশ কার্ড বা, মোবাইল ওয়ালেটের মাধ্যমে জমা দিতে পারেন। টাকা জমা দেওয়ার ২ দিন পর এস.এম.এস./ ই-মেলে টাকা দেওয়ার কনফার্মেশন পাবেন। কোনো প্রমাণ পত্র ডাকে পাঠাতে হবে না। একাধিক দরখাস্ত পাঠাবেন না। কোন ব্যাঙ্কে ক'টি শূন্যপদ তা ওয়েবসাইটে পাবেন।

গত সপ্তাহের পর

# এক নজরে সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

১ মে : 'ইনফোসিস'এর নন-এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন নীতিন পরাঞ্জপে।

❑ দেশের প্রথম পুরোপুরি কাগজবিহীন বিচারব্যবস্থা হিসাবে স্বীকৃতি পেল সিকিম। এদিন এই ঘোষণা করেন ভারতের প্রধান বিচারপতি সূর্য কান্ত। এর ফলে সিকিম হাই কোর্ট-সহ রাজ্যের সব জেলা ও তার অধীন আদালত এখন ডিজিটাল মাধ্যমে কাজ করবে। এই উদ্যোগের লক্ষ্য হল, বিচার ব্যবস্থায় স্বচ্ছতা, গতি ও পরিবেশবান্ধব পরিবেশ নিশ্চিত করা।

❑ 'বিদ্রোহমুক্ত' হিসাবে ঘোষিত হল মিজোরাম। লালমিংথাঙ্গা সানাতে গোষ্ঠীর নেতৃত্বে পরিচালিত 'হ্মার পিপলস কনভেনশন (ডেমোক্র্যাটিক)' অস্ত্র সমর্পণ করে ও শান্তিপূর্ণ জীবন বেছে নিয়ে আনুষ্ঠানিকভাবে মূল ধারায় ফিরে আসার পর এই মাইলফলক অর্জন করা সম্ভব হয়েছে। আইজলের কাছে সেসাওং-এ এই 'ঘরে ফেরা ও অস্ত্র সমর্পণ অনুষ্ঠান'এর আয়োজন করা হয়েছিল, যার সভাপতিত্ব করেন রাজ্যের মুখ্যমন্ত্রী লালদুহোমা। এই অনুষ্ঠানে মোট ৪৩ জন ক্যাডার অস্ত্র সমর্পণ করেন। প্রসঙ্গত উল্লেখ্য, ১৪ এপ্রিল মিজোরাম সরকার ও ওই গোষ্ঠীর মধ্যে একটি শান্তি চুক্তি স্বাক্ষরিত হয়েছিল আর এই অনুষ্ঠানটি ছিল ওই চুক্তির আওতায় আনুষ্ঠানিকভাবে অস্ত্র ত্যাগের নিদর্শন।

❑ এবছর 'হুইটলি ফান্ড ফর নেচার'এর তরফ থেকে, মর্যাদাপূর্ণ 'হুইটলি পুরস্কার'এ ভূষিত হলেন ভারতীয় বিজ্ঞানী পারভীন শেখ। বিপন্ন প্রজাতির 'ইন্ডিয়ান স্কিমার' বা দেশি গাঙচিল সংরক্ষণে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি। তার পাশাপাশি এর লক্ষ্য হল, গঙ্গা অববাহিকার প্রয়াগরাজে তাঁর এই জন-অংশগ্রহণমূলক সংরক্ষণ মডেলটির প্রসার ঘটানো। তাঁর প্রকল্পটি ২০১৭ সালে স্কিমার পাখির সংখ্যা প্রায় ৪০০ থেকে বাড়িয়ে ২০২৫ সালের মধ্যে ১,০০০'এরও বেশি করেছে। এই পুরস্কারটি 'গ্রিন অস্কার' নামেও পরিচিত।

❑ ইউনিয়ন পাব্লিক সার্ভিস কমিশনের পরীক্ষার্থীদের সহায়তার জন্য 'CM-INSPIRE' প্রকল্প চালু করল মেঘালয় সরকার। এই প্রকল্পের লক্ষ্য হল, আর্থিক প্রতিবন্ধকতা দূর করা ও সিভিল সার্ভিসে মেঘালয়ের প্রতিনিধিত্ব বাড়িয়ে তোলা। এই প্রকল্পের আওতায়, প্রিলিমিনারি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার জন্য ৫০,০০০ টাকা ও মেইনস পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ইন্টারভিউ পর্যায়ে পৌঁছানোর জন্য ১ লাখ টাকা দেওয়া হবে। এই উদ্যোগটি কোচিং, পড়াশোনার সামগ্রী, বাসস্থান ও যাতায়াতের মতো খরচ মেটাতে সক্ষম হবে।

২ মে : কেন্দ্রীয় ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্প মন্ত্রকের সচিব হিসাবে দায়িত্ব নিলেন ভরত খেরা।

❑ নভেম্বরে, গোয়ায় 'ভারতীয় আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব'এর ফেস্টিভ্যাল ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন আশুতোষ গোয়ারিকর।

❑ 'প্রসার ভারতী'র চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন প্রসূন জোশী।

❑ স্বরাজ দ্বীপের বিখ্যাত রাধানগর সমুদ্রসৈকতে সমুদ্রের নীচে বিশ্বের বৃহত্তম জাতীয় পতাকা উত্তোলন করে একটি নতুন 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ড' গড়ল আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ প্রশাসন। প্রায় ৬০ মিটার লম্বা ও ৪০ মিটার চওড়া এই বিশাল পতাকাটি সমুদ্রের তলায় স্থাপন করা হয়েছে। মোট ২০০ জনেরও বেশি ডুবুরি এই কাজে অংশ নেন। এছাড়াও, এই অভিযানে অংশ নিয়েছিলেন ভারতীয় নৌবাহিনী ও উপকূলরক্ষী বাহিনীর সদস্যরা।

❑ ভারতের প্রথম বহনযোগ্য বেডসাইড এমআরআই ব্যবস্থা চালু করল এইমস দিল্লি। এটি মূলত আইসিইউ'তে থাকা গুরুতর অসুস্থ রোগীদের বেডের পাশেই দ্রুত মস্তিষ্কের স্ক্যান করতে সাহায্য করবে। এই যন্ত্রটিকে চাকার সাহায্যে সরাসরি রোগীদের কাছে নিয়ে যাওয়া যায়, ফলে ঝুঁকিপূর্ণ রোগীদের আর সাধারণ এমআরআই কক্ষে স্থানান্তরের দরকার হয় না। এই প্রযুক্তিটি এরমধ্যেই এইমস'এর স্নায়বিক রোগ কেন্দ্রে মোতায়েন করা হয়েছে। এই ব্যবস্থা স্ট্রোক, ট্রমা, আইসিইউ পর্যবেক্ষণ, শিশুচিকিৎসা ও অস্ত্রোপচার-পরবর্তী নিউরোসার্জিক্যাল পরিষেবায় দ্রুত রোগ নির্ণয়ের উন্নতি ঘটাবে বলে মনে করা হচ্ছে।




বিশ্বের সর্বকনিষ্ঠ সাঁতারু হিসাবে, ভারত ও শ্রীলঙ্কার মধ্যবর্তী পক প্রণালী সাঁতরে পাড়ি দিয়ে বিশ্বরেকর্ড গড়ল ঝাড়খণ্ডের রাঁচির ধুরওয়ার ৭ বছর বয়সি বালক ইশাঙ্ক সিং। শ্রীলঙ্কার তলাইমান্নার থেকে ভারতের ধনুশকোড়ি পর্যন্ত বিপজ্জনক পক প্রণালী মাত্র ৯ ঘণ্টা ৫০ মিনিটে সাঁতরে প্রায় ২৯ কিলোমিটার পথ পার করে ইতিহাস গড়েছে সে। এই কৃতিত্বের জন্য তাকে সর্বকনিষ্ঠ পক প্রণালী অতিক্রমকারীর খেতাব দিয়েছে 'ইউনিভার্সাল রেকর্ডস ফোরাম'।

৩ মে : ৩ বছরের জন্য, 'ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক'এর ডেপুটি গভর্নর হিসাবে নিযুক্ত হলেন রোহিত জৈন।

❑ রাজস্থানের প্রথম 'জল-পজিটিভ' বিমানবন্দরে পরিণত হল 'জয়পুর আন্তর্জাতিক বিমানবন্দর'। বিমানবন্দরটির জল ব্যবস্থাপনা ও পরিবেশগত কার্যকারিতা মূল্যায়নের পর, বিশ্বখ্যাত কনসাল্টিং ফার্ম 'ব্যুরো ভেরিটাস' তাদের এই সার্টিফিকেট দিয়েছে। 'জল-পজিটিভ' বিমানবন্দর বলতে বোঝায়, এমন একটি বিমানবন্দর, যারা তাদের ব্যবহৃত জলের থেকে বেশি জল সংরক্ষণ ও পুনর্ব্যবহারযোগ্য করে। ২০২৫ সালের এপ্রিল থেকে ২০২৬ সালের মার্চের মধ্যবর্তী সময়ে, বিমানবন্দরটি ১,০৩,৩৮৭ কিলোলিটার জল ব্যবহার করেছে। অন্যদিকে, পুনর্ব্যবহারের মাধ্যমে ১,৩৭,০৮৫ কিলোলিটার জল ফিরিয়ে দিয়েছে।

❑ ক্যালিফোর্নিয়া থেকে, এলন মাস্ক'এর সংস্থা 'স্পেসএক্স'এর ফ্যালকন-৯'এ চড়ে মহাকাশে পাড়ি দিল 'দৃষ্টি'। এটিই বিশ্বের প্রথম অপ্টোসার প্রযুক্তির কৃত্রিম উপগ্রহ, যেটি তৈরি করেছে বেঙ্গালুরুর স্টার্টআপ সংস্থা 'গ্যালাক্সি-আই'। ১৯০ কেজির এই উপগ্রহে রয়েছে ইলেক্ট্রো অপটিক্যাল সেন্সর ও সিন্থেটিক অ্যাপারচার র‍্যাডার, যার মাধ্যমে সব ঋতুতে দিন-রাত উচ্চমানের ছবি তুলতে সক্ষম হবে 'দৃষ্টি'। ফলে এই উপগ্রহ থেকে ২৪ ঘণ্টা, সব আবহাওয়ায় নির্ভরযোগ্য তথ্য পাওয়া যাবে। 'দৃষ্টি'ই হল ভারতে বেসরকারিভাবে তৈরি সবথেকে বড় ভূ-পর্যবেক্ষণ কৃত্রিম উপগ্রহ।

❑ জার্মানির আলেকজান্ডার জেভেরেভ'কে ৬-১ ও ৬-২ ব্যবধানে হারিয়ে, এবছর 'মুতুয়া মাদ্রিদ ওপেন'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন ইতালির জ্যানিক সিনার। এর ফলে, টানা পঞ্চম এটিপি মাস্টার্স ১০০০ শিরোপা জিতে ইতিহাস গড়লেন তিনি। এটি তাঁর নবম মাস্টার্স ১০০০ শিরোপা।

❑ ইউরোপীয় টুর্নামেন্টগুলিতে তিনটি আইএম নর্মস অর্জন করে 'আন্তর্জাতিক মাস্টার' খেতাব পেলেন ভারতীয় দাবাড়ু অপার সাক্সেনা।

৪ মে : ডিজিসিএ'র অনুমোদন পাওয়ার পর, দেশের প্রথম বাণিজ্যিক সি-প্লেন পরিষেবা চালুর অনুমতি পেল 'স্কাইহপ অ্যাভিয়েশন প্রাইভেট লিমিটেড', যা আকাশপথ ও জলপথকে একসঙ্গে যুক্ত করবে। প্রাথমিকভাবে লাক্ষাদ্বীপে এই পরিষেবা চালু হবে, যেখানে দ্বীপগুলির মধ্যে দ্রুত যোগাযোগ স্থাপনই মূল লক্ষ্য। এই প্রকল্পের আওতায়, লাক্ষাদ্বীপের অন্তত পাঁচটি দ্বীপকে মূল ভূখণ্ডের সঙ্গে যুক্ত করা হবে। সাধারণ বিমানের মতো বড় বিমানবন্দর বা দীর্ঘ রানওয়ের প্রয়োজন না থাকায় সি-প্লেন সহজেই নদী, হ্রদ বা সমুদ্রের জল থেকে উড়ান ও অবতরণ করতে পারে। ফলে যেসব অঞ্চলে বিমানবন্দর তৈরি করা কঠিন, সেখানে এই পরিষেবা অত্যন্ত কার্যকর হতে পারে। প্রথম পর্যায়ে ১৯ আসনের ছোট আকারের বিমান ব্যবহারের পরিকল্পনা রয়েছে, যা স্বল্প দূরত্বের যাত্রার জন্য উপযোগী। সম্প্রতি উত্তরাখণ্ডের গঙ্গা ব্যারেজ এলাকায় স্কাইহপ অ্যাভিয়েশন সফল পরীক্ষামূলক উড়ান সম্পন্ন করেছে।

❑ ভারতের প্রথম ও একমাত্র মুক্তা চাষ কেন্দ্র হতে চলেছে ঝাড়খণ্ডের হাজারিবাগ জেলা। কেন্দ্রীয় সরকারের 'প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনা'র অধীনে এই প্রকল্পটি পরিচালিত হবে, যা মৎস্য খাতে এক উল্লেখযোগ্য পদক্ষেপ। এই প্রকল্পের লক্ষ্য হল, বৈজ্ঞানিক পদ্ধতিতে মুক্তা চাষের প্রসার ঘটানো, গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টি ও স্বাদু জলের মুক্তা উৎপাদনকে পাইলট প্রকল্প থেকে একটি কাঠামোগত বাণিজ্যিক বাস্তুতন্ত্রে রূপান্তর করা। এই প্রকল্পটি বিশেষ করে স্থানীয় মহিলাদের সক্রিয় অংশগ্রহণের ওপর জোর দিচ্ছে, যা তাঁদের অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করে তুলবে।

❑ ভবিষ্যতে 'বায়োকন' পরিচালনার জন্য নিজের যোগ্য উত্তরসূরী হিসাবে ভাইঝি ক্লেয়ার মজুমদার'কে মনোনীত করলেন সংস্থার প্রতিষ্ঠাতা ও চেয়ারপার্সন কিরণ মজুমদার শ। তবে এখনই সংস্থার দায়িত্ব নিচ্ছেন না ক্লেয়ার। আপাতত সংস্থার নেতৃত্ব দেবেন কিরণ নিজেই। এখন 'বায়োকন'এর সহযোগী সংস্থা 'বাইকারা থেরাপিউটিকস'এর চিফ এক্সিকিউটিভ অফিসারের দায়িত্বে রয়েছেন ক্লেয়ার। কোম্পানিটি মার্কিন শেয়ারবাজারে তালিকাভুক্তও। ২০২০ সাল থেকে এই দায়িত্ব সামলাচ্ছেন তিনি।

৫ মে : 'ভোডাফোন ইন্ডিয়া লিমিটেড'এর নন-এক্সিকিউটিভ চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন কুমার মঙ্গলম বিড়লা।

❑ এবছর 'টাইমস হায়ার এডুকেশন'এর তরফ থেকে প্রকাশিত 'এশিয়া বিশ্ববিদ্যালয় র‍্যাঙ্কিং' অনুসারে, এই তালিকায় স্থান পাওয়া প্রতিষ্ঠানের সংখ্যার দিক থেকে শীর্ষে রয়েছে ভারত। অন্যদিকে, ভারতীয় প্রতিষ্ঠানগুলির মধ্যে শীর্ষস্থান অধিকার করেছে 'ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ সায়েন্স'। বেঙ্গালুরুর 'ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ সায়েন্স' ভারতের শীর্ষস্থানীয় প্রতিষ্ঠান হিসাবে নিজেদের অবস্থান ধরে রেখেছে। এশিয়ার মধ্যে তাদের স্থান ৪৩ তম। যদিও, ২০২৫ সালে তাদের স্থান ছিল ৩৮ তম। ১২৮টি র‍্যাঙ্কিপ্রাপ্ত প্রতিষ্ঠান নিয়ে এশিয়ার মধ্যে শীর্ষে রয়েছে ভারত। এরপরই রয়েছে জাপান ও চিন।

❑ তেলেঙ্গানার 'কানহা শান্তি বনম' উদ্যানে ৬,০০০-এরও বেশি মানুষ একসঙ্গে ভুজঙ্গাসন করে 'এশিয়া বুক অফ রেকর্ডস'এ জায়গা করে নিয়েছেন। এবছরের মূল 'আন্তর্জাতিক যোগ দিবস'এর ৫০ দিন আগে এই অনুষ্ঠানের পরিকল্পনা করা হয়েছিল। কেন্দ্রীয় আয়ুশ মন্ত্রকের অধীন 'মোরারজি দেশাই ন্যাশনাল ইনস্টিটিউট অফ যোগ' এই অনুষ্ঠানের আয়োজন করেছিল। কেন্দ্রীয় আয়ুশ মন্ত্রকের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী প্রতাপরাও যাদব আর কেন্দ্রীয় কয়লা ও খনিমন্ত্রী জি.কিষাণ রেড্ডি এই যোগ অনুশীলনে নেতৃত্ব দিয়েছেন।




এবছর সাংবাদিকতা জগতে বিশ্বব্যাপী সবথেকে সম্মানীয় পুরস্কার 'পুলিৎজার' পেলেন দুই ভারতীয় সাংবাদিক আনন্দ আর.কে. ও সুপর্ণা শর্মা। ডিজিটাল নজরদারি ও সাইবার জালিয়াতির ওপর তাঁদের কাজের জন্য 'ইলাস্ট্রেটেড রিপোর্টিং অ্যান্ড কমেন্টারি' বিভাগে এই মর্যাদাপূর্ণ পুরস্কার পেলেন তাঁরা। অ্যাঙ্কভারের 'ব্লুমবার্গ নিউজ'এর ন্যাটালি ওবিকো পিয়ারসন'এর সঙ্গে যৌথভাবে এই পুরস্কারটি পেয়েছেন তাঁরা। 'ব্লুমবার্গ'এর জন্য তৈরি তাঁদের পুরস্কারজয়ী প্রতিবেদন 'ট্র্যাপড'এ, ভারতে এক নিউরোলজিস্ট কীভাবে ফোনের মাধ্যমে ডিজিটাল অ্যারেস্টের শিকার হন, তার বিস্তারিত তুলে ধরা হয়েছে।

৬ মে : এবছর মর্যাদাপূর্ণ 'কেমব্রিজ ডেডিকেটেড টিচার অ্যাওয়ার্ডস'এর দক্ষিণ এশীয় আঞ্চলিক বিজয়ী হিসাবে ভূষিত হলেন সোমা মণ্ডল। পরিবেশ ও জলবায়ু পরিবর্তন শিক্ষায় অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি। 'কেমব্রিজ ইউনিভার্সিটি প্রেস অ্যান্ড অ্যাসেসমেন্ট'এর তরফ থেকে এই পুরস্কার দেওয়া হয়েছে।

৯ মে : ভারতের নতুন চিফ অফ ডিফেন্স স্টাফ হিসাবে নিযুক্ত হলেন লেফটেন্যান্ট জেনারেল এন.এস.রাজা সুব্রামনি।

❑ ভারতীয় নৌবাহিনীর প্রধান হিসাবে নিযুক্ত হলেন ভাইস অ্যাডমিরাল কৃষ্ণ স্বামীনাথন।



পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী হিসাবে শপথ নিলেন শুভেন্দু অধিকারী।

১০ মে : তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী হিসাবে শপথ নিলেন সি.জোসেফ বিজয়।

❑ আইপিএল'এর ইতিহাসে দ্রুততম অর্ধশতরান করলেন চেন্নাই সুপার কিংস'এর উর্বিল প্যাটেল। এদিন, 'চিপকম স্টেডিয়াম'এ আইপিএল ম্যাচে লখনউ সুপার জায়ান্টস'এর হয়ে খেলতে নেমে মাত্র ১৩ বলে অর্ধশতরান পূর্ণ করলেন তিনি। এটি আইপিএল'এর ইতিহাসে যৌথভাবে দ্রুততম অর্ধশতরানের রেকর্ড। এর ফলে, যশস্বী জয়সওয়াল'এর কীর্তিতে ভাগ বসালেন তিনি। ২০২৩ সালে রাজস্থান রয়্যালস'এর হয়ে 'ইডেন গার্ডেন্স'এ কলকাতা নাইট রাইডার্স'এর বিপক্ষে ১৩ বলেই অর্ধশতরান করেছিলেন তিনি।

১১ মে : বিচার বিভাগীয় পরিষেবা সহজ করতে আর তালুক আদালত থেকে শুরু করে সর্বোচ্চ আদালত পর্যন্ত – আদালতের প্রতিটি স্তরে বিচার প্রশাসনকে একটি একক ব্যবস্থার অন্তর্ভুক্ত করতে 'সু সহায়' নামক এআই চ্যাটবট আর 'ওয়ান কেস ওয়ান ডেটা' উদ্যোগ চালু করলেন ভারতের প্রধান বিচারপতি সূর্য কান্ত। 'সু সহায়' চ্যাটবটটি 'ন্যাশনাল ইনফরমেটিক্স সেন্টার'এর সহযোগিতায় তৈরি, যা সুপ্রিম কোর্টের ওয়েবসাইটে সাধারণ মানুষকে আইনি ও আদালতের পরিষেবা পেতে সহায়তা করবে। অন্যদিকে, 'ওয়ান কেস ওয়ান ডেটা' উদ্যোগের মাধ্যমে সুপ্রিম কোর্ট, হাই কোর্ট, জেলা ও তালুক আদালতের তথ্যগুলিকে একটি একক ডিজিটাল প্ল্যাটফর্মে যুক্ত করা হবে। এর ফলে মামলার তথ্য খোঁজা ও কেস ম্যানেজমেন্ট সহজ হবে।

১২ মে : টানা দ্বিতীয় মেয়াদের জন্য, অসমের মুখ্যমন্ত্রী হিসাবে শপথ নিলেন হিমন্ত বিশ্ব শর্মা।

❑ মোহনবাগান ক্লাবের প্রাক্তন সভাপতি তথা প্রাক্তন সাংসদ স্বপন সাধন বসু (৭৮ বছর) মারা গেলেন। কলকাতা ময়দানে 'টুটু বসু' নামেই বেশি জনপ্রিয় ছিলেন তিনি।

❑ শহরে বায়ুদূষণ মোকাবিলার লক্ষ্যে, মধ্য প্রদেশের ভোপালে অবস্থিত 'স্বামী বিবেকানন্দ পার্ক'এ চালু হল ভারতের প্রথম কার্বন শোষণকারী 'শৈবাল বৃক্ষ'। এটি একটি উন্নত কার্বন শোষণকারী ব্যবস্থা, যা ২৫টি বিশাল বৃক্ষের সমপরিমাণ কার্বন ডাই অক্সাইড শোষণ করার পাশাপাশি পরিবেশে অক্সিজেন নির্গত করার লক্ষ্যে তৈরি করা হয়েছে। 'মাশরুম ওয়ার্ল্ড গ্রুপ'এর তৈরি এই 'শৈবাল বৃক্ষ' একটি মাইক্রোঅ্যালজি-ভিত্তিক ব্যবস্থার মাধ্যমে কাজ করে, যা পারিপার্শ্বিক বায়ুমণ্ডল থেকে কার্বন ডাই-অক্সাইড শোষণ করে ও সেটিকে অক্সিজেনে রূপান্তরিত করে। ৫০ জনেরও বেশি গবেষক, ইঞ্জিনিয়ার ও বিশেষজ্ঞদের প্রচেষ্টায় এই প্রকল্পটি শেষ করতে প্রায় ২ বছর সময় লেগেছে।

❑ এবছর মর্যাদাপূর্ণ চতুর্থ 'ড.থিয়াম সুরেশ সাহিত্য জীবনকৃতি সম্মান' পেলেন বাংলাদেশ-ভিত্তিক মণিপুরী লেখক এ.কে.শেরাম।

❑ মাত্র ১২ বছর ৬ মাস ২৬ দিন বয়সে, বিশ্বের ইতিহাসে দ্বিতীয় সর্বকনিষ্ঠ দাবা গ্র্যান্ডমাস্টার হল আর্জেন্টাইন প্রতিভা ফাউস্তিনো ওরো। এবছর ইতালিতে 'সার্ডিনিয়া বিশ্ব দাবা উৎসব'এ তাঁর চূড়ান্ত গ্র্যান্ডমাস্টার নর্ম অর্জন করে এই মাইলফলকটি ছুঁয়েছে সে। প্রসঙ্গত উল্লেখ্য, সর্বকনিষ্ঠ দাবা গ্র্যান্ডমাস্টার হিসাবে এখনো খেতাব ধরে রেখেছেন মার্কিন যুক্তরাষ্ট্রের অভিমন্যু মিশ্র, যিনি ২০২১ সালে ১২ বছর, ৪ মাস ২৫ দিন বয়সে এই খেতাব অর্জন করেছেন।

☞এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

## বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

# দ্য জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট ও ডিশ টিভির উদ্যোগে যুব সমাজের স্বনির্ভরতার এক নতুন দিগন্ত

সৈকত হালদার, কাঁথি : রাজ্যের যুবক-যুবতীদের স্বনির্ভরতা ও কর্মসংস্থানের সুযোগ তৈরির লক্ষ্যে শনিবার কাঁথিতে দ্য জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট ও ডিশ টিভির যৌথ উদ্যোগে স্বনির্ভর প্রকল্প-র সূচনা হয়। এই প্রকল্পের মাধ্যমে নির্বাচিত যুবক-যুবতীরা ডিস্ট্রিবিউটর হিসেবে নিজস্ব ব্যবসা শুরু করার সুযোগ পাবেন। নিজের এলাকায় ব্যবসার সুযোগ তৈরি করা, কর্মসংস্থান গড়ে তোলা ও আগামী দিনে অন্যদের জন্যও কর্মসংস্থানের সুযোগ তৈরি করাই এই উদ্যোগের মূল লক্ষ্য। এই বিশেষ উদ্যোগের উদ্বোধন করেন প্রাক্তন কেন্দ্রীয় গ্রামীণ উন্নয়ন প্রতিমন্ত্রী শিশির অধিকারী। প্রধান অতিথি হিসেবে ছিলেন রাজ্য সরকারের সেচ ও জলপথ পরিবহণ দফতরের মন্ত্রী অরূপকুমার দাস। এছাড়াও ছিলেন রামনগরের বিধায়ক ড. চন্দ্রশেখর মণ্ডল, দ্য জর্জ টেলিগ্রাফের ট্রাস্টি ও ডিরেক্টর ও আইএফএ-এর সচিব অনির্বাণ দত্ত, ট্রাস্টি ও ডিরেক্টর অনিন্দ্য দত্ত ও জি এন্টারটেইনমেন্টের পক্ষ থেকে ছিলেন পীযূষ চক্রবর্তী। এদিন শিশির অধিকারী বলেন, 'দ্য জর্জ টেলিগ্রাফের সঙ্গে আমার দীর্ঘদিনের সম্পর্ক রয়েছে। দীর্ঘ সময় ধরে রাজ্যের যুবক যুবতীদের কর্মসংস্থানের ক্ষেত্রে এই প্রতিষ্ঠান গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। একটি




*(বাঁদিক থেকে) দ্য জর্জ টেলিগ্রাফের ট্রাস্টি ও ডিরেক্টর ও আইএফএ-এর সচিব অনির্বাণ দত্ত, রামনগরের বিধায়ক ড. চন্দ্রশেখর মণ্ডল, প্রাক্তন কেন্দ্রীয় গ্রামীণ উন্নয়ন প্রতিমন্ত্রী শিশির অধিকারী, দ্য জর্জ টেলিগ্রাফের ট্রাস্টি ও ডিরেক্টর অনিন্দ্য দত্ত ও জি এন্টারটেইনমেন্টের পীযূষ চক্রবর্তী। —নিজস্ব চিত্র*

বাঙালি প্রতিষ্ঠান হিসেবে দ্য জর্জ টেলিগ্রাফ সততা ও নিষ্ঠার সঙ্গে শিক্ষার্থীদের ভবিষ্যৎ গড়ে তোলার লক্ষ্যে কাজ করে চলেছে। যুবক যুবতীদের কর্মসংস্থান ও স্বনির্ভরতার লক্ষ্যে এই ধরনের প্রতিষ্ঠানকে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের আরও গুরুত্ব দেওয়া ও সহযোগিতা করা দরকার।' অরূপকুমার দাস বলেন, 'এই উদ্যোগের মাধ্যমে আগামী দিনে বেকার যুবকযুবতীরা স্বনির্ভরতার পথে এগিয়ে নিজেদের ভবিষ্যৎ গড়ে তুলতে পারবেন।' বিধায়ক ড. চন্দ্রশেখর মণ্ডল বলেন, 'কারিগরি শিক্ষা সমাজ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। আগামী দিনে ছাত্রছাত্রীদের ভবিষ্যৎ গঠন ও কর্মসংস্থানের ক্ষেত্রে কারিগরি শিক্ষা আরও গুরুত্বপূর্ণ হয়ে উঠবে। এই ক্ষেত্রে দ্য জর্জ টেলিগ্রাফ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে।' দ্য জর্জ টেলিগ্রাফের ট্রাস্টি ও ডিরেক্টর অনির্বাণ দত্ত বলেন, 'ডিশ টিভি ও দ্য জর্জ টেলিগ্রাফের এই যৌথ উদ্যোগের মাধ্যমে আগামী দিনে রাজ্যের আরও বেকার যুবক যুবতীর সামনে স্বনির্ভরতার নতুন পথ খুলে যাবে। এই যাত্রা শুধু কয়েকজন ব্যবসা শুরু করার যাত্রা নয়, বরং স্বনির্ভর বাংলা গড়ে তোলার দিকে গুরুত্বপূর্ণ পদক্ষেপ।' ট্রাস্টি ও ডিরেক্টর অনিন্দ্য দত্ত বলেন, 'আমাদের কাছে এই প্রকল্পের সবচেয়ে গুরুত্বপূর্ণ বার্তা, চাকরির পাশাপাশি বাংলার যুবসমাজ ব্যবসার দিকেও এগিয়ে আসবে। নিজের কর্মসংস্থান তৈরি করার পাশাপাশি আগামী দিনে অন্যদের জন্যও কর্মসংস্থানের সুযোগ তৈরি করাই হবে এই উদ্যোগের অন্যতম সাফল্য।'

## ৩৭৬ সায়েন্টিস্ট

১ পাতার পর

সায়েন্টিফিক / টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট - A : নেওয়া হবে এইসব বিষয়ে : কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি : ইলেকট্রনিক্স, ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেকট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার অ্যান্ড নেটওয়ার্কিং সিকিউরিটি, সফটওয়্যার সিস্টেম, ইনফর্মেশন টেকনোলজি বা, ইনফর্মেটিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশরা আবেদন করতে পারেন। এম.এসসি. বা, এম.সি.এ. কোর্স পাশরাও যোগ্য। সংশ্লিষ্ট বিষয়ের 'গেট'এ সফল হয়ে থাকতে হবে। 'গেট' পাশ করতে হবে ২০২৪, ২০২৫, ২০২৬ সালে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। শূন্যপদ : কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি ৩০০টি (জেনাঃ ১২২, ও.বি.সি. ৮১, তঃজাঃ ৪৫, তঃউঃজাঃ ২২, ই.ডব্লু.এস. ৩০, প্রতিবন্ধী ১৫)। ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং ২৬টি (জেনাঃ ১৩, ও.বি.সি. ৭, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ২, প্রতিবন্ধী ২)। ডেটা সায়েন্স অ্যান্ড আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স ৫০টি (জেনাঃ ২২, ও.বি.সি. ১৩, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৩, ই.ডব্লু.এস. ৫, প্রতিবন্ধী ২)। বিজ্ঞপ্তি নং : NIC/STA/2026/2.

ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ৩০-৯-২০২৬'এর হিসাবে ৩০ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে টেস্ট বা, ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউয়ের সময় যাবতীয় প্রমাণ পত্রের মূল নিয়ে যাবেন। বিস্তারিত শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি ইত্যাদি তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩০ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : https://recruitment.nic.in এজন্য বৈধ ই-মেল আইডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার স্ক্যান করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ৮০০ (তপশিলী, প্রতিবন্ধী ও মহিলাদের ফী লাগবে না) টাকা অনলাইনে জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটেই।

## পূর্ব উপকূল রেলে ১,৫৯৯ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

ব্ল্যাক স্মিথ, ড্রিলার, ব্রিজ ইরেক্টর, শীট মেটাল ওয়ার্কার, ইলেকট্রনিক্স মেকানিক / ইলেকট্রনিক্স মেকানিক (টি.এম.ও.), ওয়্যারম্যান / ইলেকট্রিশিয়ান, মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি., প্লাম্বার, ড্রাফটসম্যান (সিভিল), মেকানিক (মোটর ভেহিক্যাল), কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, ল্যাবরেটরি টেকনিশিয়ান (প্যাথলজি), সারাং, গ্রাইন্ডার, ম্যাসন, ড্রাফটসম্যান (মেকানিক)। কারা কোন ট্রেডের জন্য যোগ্য।

কোনো স্বীকৃত পর্ষদ বা, বিশ্ববিদ্যালয় থেকে মোট অন্তত ৫০% (তপশিলী ও প্রতিবন্ধীদের বেলায় সাধারণ ভাবে পাশ হলে) নম্বর পেয়ে মাধ্যমিক পাশ ছেলেরা এন.সি.ভি.টি.'র অনুমোদিত আই.টি.আই. থেকে সংশ্লিষ্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য আবেদন করতে পারেন। ডিপ্লোমা বা, ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েটরা যোগ্য নন। মেডিক্যাল ল্যাব টেকনিশিয়ান (প্যাথলজি) ট্রেডের বেলায় উচ্চমাধ্যমিক ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি বিষয় থাকতে হবে আর মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকতে হবে। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট পদের বেলায় বোর্ড বেস বেসিক ট্রেনিং (ইনফর্মেশন টেকনোলজি) করে থাকতে হবে।

বয়স হতে হবে ১৫-৯-২০২৬'এর হিসাবে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। সব ট্রেডই ১ বছরের।

কোন ডিভিশনে ক'টি শূন্যপদ : মঞ্চেশ্বর ক্যারেজ রিপেয়ার ওয়ার্কশপে ৪৫০টি। এর মধ্যে মেকানিক্যাল বিভাগে — ফিটার ৮০টি (জেনাঃ ৩২, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ৬, ও.বি.সি. ২২, ই.ডব্লু.এস. ৮)। শীট মেটাল ওয়ার্কার ২০টি (জেনাঃ ৮, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ২)। ওয়েল্ডার ৩৮টি (জেনাঃ ১৫, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১০, ই.ডব্লু.এস. ৪)। মেশিনিস্ট ১২টি (জেনাঃ ৫, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। মেকানিক (এম.ডি.) ১০টি (জেনাঃ ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। কার্পেন্টার ৩০টি (জেনাঃ ১২, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৮, ই.ডব্লু.এস. ৩)। পেইন্টার ১০টি (জেনাঃ ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)।

ইলেকট্রিক্যাল বিভাগে — ইলেকট্রিশিয়ান ৩০টি (জেনাঃ ১২, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৮, ই.ডব্লু.এস. ৩)। রেফ্রিজারেশন অ্যান্ড এসি মেকানিক ১০টি (জেনাঃ ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। ওয়্যারম্যান ১০টি (জেনাঃ ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)।

আর.জি.ডি.এ. ডিভিশনে ২৯২টি। এর মধ্যে ইঞ্জিনিয়ারিং বিভাগে — ফিটার ৩৬টি (জেনাঃ ১৪, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১০, ই.ডব্লু.এস. ৪)। ওয়েল্ডার ৩৮টি (জেনাঃ ১৫, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১০, ই.ডব্লু.এস. ৪)। ব্ল্যাকস্মিথ ৩৮টি (জেনাঃ ১৫, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১০, ই.ডব্লু.এস. ৪)। প্লাম্বার ১২টি (জেনাঃ ৫, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। কার্পেন্টার ১২টি (জেনাঃ ৫, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। সারাং ১৮টি (জেনাঃ ৭, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ২)। গ্রাইন্ডার ৩৬টি (জেনাঃ ১৪, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১০, ই.ডব্লু.এস. ৪)। ড্রিলার ৩৬টি (জেনাঃ ১৪, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১০, ই.ডব্লু.এস. ৪)। ড্রাফটসম্যান (সিভিল) ৫টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। পেইন্টার ৬টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। ম্যাসন ১৮টি (জেনাঃ ৭, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ২)। কম্পিউটার অপারেটর প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ৬টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)।

ইলেকট্রিক্যাল বিভাগে — ইলেকট্রিশিয়ান ১৪টি (জেনাঃ ৬, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ১)। ওয়্যারম্যান ১০টি (জেনাঃ ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। ইলেকট্রনিক্স মেকানিক ৫টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)।

মেডিক্যাল বিভাগে — ল্যাবরেটরি টেকনিশিয়ান (প্যাথলজি) ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)।

খুরদা রোড ডিভিশনে ৭৭৩টি। এর মধ্যে ইঞ্জিনিয়ারিং বিভাগে — ফিটার ৫৭টি (জেনাঃ ২৩, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ১৫, ই.ডব্লু.এস. ৬)। ব্ল্যাকস্মিথ ৯৫টি (জেনাঃ ৩৮, তঃজাঃ ১৪, তঃউঃজাঃ ৭, ও.বি.সি. ২৬, ই.ডব্লু.এস. ১০)। ওয়েল্ডার (জি অ্যান্ড ই) ৬৩টি (জেনাঃ ২৬, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৫, ও.বি.সি. ১৭, ই.ডব্লু.এস. ৬)। প্লাম্বার ৪৩টি (জেনাঃ ১৮, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১২, ই.ডব্লু.এস. ৪)। ম্যাসন ৮৪টি (জেনাঃ ৩৪, তঃজাঃ ১৩, তঃউঃজাঃ ৬, ও.বি.সি. ২৩, ই.ডব্লু.এস. ৮)। ইলেকট্রনিক্স মেকানিক (টি.এম.ও.) ১২টি (জেনাঃ ৫, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। মেকানিক (ডিজেল) (টি.এম.ও.) ১২টি (জেনাঃ ৫, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। ব্রিজ ইরেক্টর ৯০টি (জেনাঃ ৩৬, তঃজাঃ ১৪, তঃউঃজাঃ ৭, ও.বি.সি. ২৪, ই.ডব্লু.এস. ৯)। ড্রাফটসম্যান (সিভিল) ১৫টি (জেনাঃ ৬, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ২)। এস. অ্যান্ড টি বিভাগে — ফিটার ১১টি (জেনাঃ ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। ইলেকট্রিশিয়ান ১৯টি (জেনাঃ ৮, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ২)। ওয়্যারম্যান ১৯টি (জেনাঃ ৮, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ২)। ইলেকট্রনিক্স মেকানিক ১১টি (জেনাঃ ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)।

ইলেকট্রিক্যাল বিভাগে — ইলেকট্রিশিয়ান ৪১টি (জেনাঃ ১৭, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১১, ই.ডব্লু.এস. ৪)। রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. মেকানিক ১১টি (জেনাঃ ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। ইলেকট্রনিক্স মেকানিক ৮টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)।

মেডিক্যাল বিভাগে — ল্যাবরেটরি টেকনিশিয়ান (প্যাথলজি) ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)।

মেকানিক্যাল বিভাগে — ওয়েল্ডার ২৫টি (জেনাঃ ৯, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৭, ই.ডব্লু.এস. ৩)। ফিটার ১০৪টি (জেনাঃ ৪২, তঃজাঃ ১৬, তঃউঃজাঃ ৮, ও.বি.সি. ২৮, ই.ডব্লু.এস. ১০টি)। টার্নার ৬টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। মেশিনিস্ট ১২টি (জেনাঃ ৫, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। কার্পেন্টার ৩১টি (জেনাঃ ১৩, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৮, ই.ডব্লু.এস. ৩)। ড্রাফটসম্যান (মেকানিক) ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)।

সম্বলপুর ডিভিশনে ২৬২টি। এর মধ্যে ইঞ্জিনিয়ারিং বিভাগে — ফিটার ৪৪ (জেনাঃ ১৮, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১২, ই.ডব্লু.এস. ৪)। ইঞ্জিনিয়ারিং ব্ল্যাকস্মিথ ৩২টি (জেনাঃ ১৩, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৯, ই.ডব্লু.এস. ৩)। ওয়েল্ডার (জি অ্যান্ড ই) ৪টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। কার্পেন্টার ২৭টি (জেনাঃ ১১, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৭, ই.ডব্লু.এস. ৩)। সারাং ৪টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। পেইন্টার ২৭টি (জেনাঃ ১১, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৭, ই.ডব্লু.এস. ৩)। প্লাম্বার ২৭টি (জেনাঃ ১১, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৭, ই.ডব্লু.এস. ৩)। ইলেকট্রনিক্স মেকানিক (টি.এম.ও.) ৬টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। মেকানিক (ডিজেল) (টি.এম.ও.) ৬টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। ম্যাসন ১৮টি (জেনাঃ ৭, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ২)।

এস. অ্যান্ড টি বিভাগে — ফিটার ৫টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। ইলেকট্রিশিয়ান ১০টি (জেনাঃ ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। ওয়্যারম্যান ১০টি (জেনাঃ ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। ইলেকট্রনিক্স মেকানিক ৫টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)।

ইলেকট্রিক্যাল বিভাগে — ইলেকট্রিশিয়ান ৫টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)।

মেকানিক্যাল বিভাগে — ফিটার ৩০টি (জেনাঃ ১২, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৮, ই.ডব্লু.এস. ৩)।

মেডিক্যাল বিভাগে — ল্যাবরেটরি টেকনিশিয়ান (প্যাথলজি) ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)।

ভুবনেশ্বর সদর দফতর — কম্পিউটার অপারেটর প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ১০টি (জেনাঃ ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। সেক্রেটারিয়েল অ্যাসিস্ট্যান্ট (স্টেনোগ্রাফি) ১০টি (জেনাঃ ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)।

মেডিক্যাল বিভাগে — ল্যাবরেটরি টেকনিশিয়ান (প্যাথলজি) ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)।

১৯৬১ সালের অ্যাপ্রেন্টিস আইন ও ১৯৬২ সালের অ্যাপ্রেন্টিস নিয়মানুযায়ী ট্রেনিং। তখন স্টাইপেন্ড পাবেন। হস্টেল নেই। ট্রেনিং শেষে চাকরি পাওয়ার সম্ভাবনা থাকলেও কোনো বাধ্যবাধকতা নেই। মাধ্যমিকে পাওয়া নম্বর দেখে ও আই.টি.আই. কোর্স পাশের সার্টিফিকেট ও অন্যান্য প্রমাণ পত্র দেখে প্রাথমিকভাবে বাছাই প্রার্থীদের শারীরিক সক্ষমতার পরীক্ষার জন্য ডাকা হবে। কোনো লিখিত পরীক্ষা বা, ইন্টারভিউ হবে না। উচ্চ শিক্ষাগত যোগ্যতা থাকলে বাড়তি কোনো সুযোগ পাবেন না। মোট শূন্যপদের ১.২৫ গুণ প্রার্থীকে ডাকা হবে। এই পদের বিজ্ঞপ্তি নং : ECoR/Pers/RRC/Act Apprentice/2026-27, Dated: 21.08.2026.

দরখাস্ত করবেন অনলাইনে, ১৫ সেপ্টেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.rrcbbs.org.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এজন্য এইসব প্রমাণ পত্র স্ক্যান করে নেবেন : বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট, ই.ডব্লু.এস. সার্টিফিকেট। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধী ও মহিলাদের ফী লাগবে না। দরখাস্ত করার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com